দাম : ৫ টাকা

# কর্মসংস্থান

https://www.facebook.com/karmasangsthaan

Vol. 39 ■ Issue No. 27 ■ 4th July, 2026 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88

Non-Technical গ্র্যাজুয়েট হয়েও... DESUN এর ট্রেনিংয়ে পেলাম IT JOB






DESUN ACADEMY
Get Placed by Skills

ডিগ্রি আছে... কিন্তু চাকরি নেই? Problem ডিগ্রি না ... Skill Gap

+91 94296 91888 | www.desunacademy.in

## ডব্লু.বি.সি.এস, মিসলেনিয়াস, আই.ডি.ও ছাড়া অন্যান্য পরীক্ষার ইন্টারভিউ প্রক্রিয়া উঠে যাচ্ছে

# সারা বছরে রাজ্য সরকারের কোন পরীক্ষা কবে হবে

## কেন্দ্রীয় সরকারের ধাঁচে প্রকাশিত হবে বার্ষিক রুটিন

রঞ্জিৎ ঘোষ, কলকাতা : 'এবার থেকে সরকারি চাকরির পরীক্ষা হবে নিয়মিতভাবে ও নিয়োগও হবে নিয়মিতভাবে। যাঁরা সরকারি চাকরির স্বপ্ন দেখছেন, তাঁরা একশো শতাংশ নিশ্চিত থাকুন, আপনার স্বপ্ন সফল হবেই। এজন্য যা যা করণীয় তা করতে হবে। রাজ্য সরকার আপনাদের পাশেই আছে। পশ্চিমবঙ্গে চাকরি হবে দুর্নীতিমুক্ত। চাকরির নিয়োগে কোনো দুর্নীতি বরদাস্ত করা হবে না। কোনো বিজেপি নেতা চাকরি দেওয়ার নাম করে টাকা চাইলে, আমাদেরকে জানান, আমরা ব্যবস্থা নেব।' কেন্দ্রীয় শিক্ষা রাষ্ট্রমন্ত্রী সুকান্ত মজুমদার, ২৮ জুন বিশ্ববাংলা কনভেনশন সেন্টারের প্রদর্শনী হলে একটি অনুষ্ঠানে একথা জানান।

শিক্ষা রাষ্ট্রমন্ত্রী আরো জানান, রাজ্যের যে কোনো চাকরির পরীক্ষায় পরীক্ষা দেওয়ার পর ও.এম.আর. শীট বাড়ি নিয়ে যেতে পারবেন আর বাড়িতে বসেই ঠিক করে নিতে পারবেন পরীক্ষায় আপনার প্রাপ্ত নম্বর কত হতে পারে। আগে ইন্টারভিউয়ে বেশি নম্বর ছিল। যার ফলে কারচুপিও বেশি হত। এবার থেকে ইন্টারভিউয়ের নম্বর উঠিয়ে দেওয়া হবে। ডব্লু.বি.সি.এস.'এর মতো কয়েকটি বড় বড় পরীক্ষা ছাড়া অন্যান্য বেশিরভাগ পরীক্ষার ক্ষেত্রেই ইন্টারভিউ প্রক্রিয়া উঠে যাচ্ছে। এছাড়াও এবার থেকে রাজ্য

এরপর ১২ পাতায়

যেকোনো সরকারি চাকরি পেতে...
KAUTILYA
Civil Service Academy
9836336298
9836041198
- Monthly fees system
- 4 ও 6 July free demo class
- Hostel-ও আছে।

## সরকারি চাকরিতে সংরক্ষণ কোটা

রাজ্য সরকারের পরীক্ষাতে সংরক্ষণ কোটায় এবার থেকে মহিলাদের বেশি সুবিধা দেওয়া হয়েছে। ২০২৬ সালের বাজেটে রাজ্য সরকার মহিলাদের জন্য ৩৩% শূন্যপদ সংরক্ষিত করেছে। সংরক্ষণ ক্যাটেগরিতে জেনারেল ৫৫%, ও.বি.সি. ৭%, তঃজাঃ ২২%, তঃউঃজাঃ ৬%, ই.ডব্লু.এস. ১০%। এর মধ্যে ই.ডব্লু.এস. ক্যাটেগরি বাদে অন্যান্য সব ক্যাটেগরিতেই মেয়েদের জন্য ৩৩% সংরক্ষণ আছে। ১০০টি শূন্যপদের মধ্যে কোন ক্যাটেগরিতে ক'টি শূন্যপদ আছে তা দেওয়া হল : ১০০টি শূন্যপদের মধ্যে জেনারেল ৫৫টি (ছেলেমেয়ের জন্য ৩৭টি, শুধু মেয়েদের জন্য ১৮টি), ও.বি.সি. ৭টি (ছেলেমেয়ের জন্য ৫টি, শুধু মেয়ের জন্য ২টি), তপশিলী

এরপর ১২ পাতায়

### কলকাতার ১২২টি আইটি কোম্পানিতে

## GenAI ইন্টিগ্রেটেড মার্কেটিং অটোমেশনে ৪০,৩১২ চাকরি

### শুরুতেই মাইনে বছরে ৫ থেকে ৬ লাখ টাকা

সৈকত হালদার, সল্টলেক : সম্প্রতি বিখ্যাত আইটি প্রযুক্তি সংস্থা WIPRO এর সিইও শ্রীনি পাল্লিয়া ঘোষণা করেছেন, তাঁর সংস্থায় গত ৬ মাসে ১০,৩১১ জনের নিয়োগ হয়েছে। তার মধ্যে প্রায় ৮,০২২ জনের নিয়োগ হয়েছে শুধুমাত্র GenAI ইন্টিগ্রেটেড মার্কেটিং

এরপর ২ পাতায়

## রেলে ১১৯ সেকশন কন্ট্রোলার

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : কলকাতা, মালদহ, শিলিগুড়ি, গুয়াহাটি, পটনা, রাঁচি, চণ্ডীগড়, ভোপাল, মুম্বই, চেন্নাই, ভুবনেশ্বর, বিলাসপুর, আহমেদাবাদ, আজমীর, এলাহবাদ, বেঙ্গালউরু, গোরক্ষপুর, জম্মু-শ্রীনগর,

এরপর ১১ পাতায়

### TCS, Infosys, Wipro, TechMahindra সহ প্রথম সারির আইটি কোম্পানিতে

## সামনের ৯ মাসে AI ইন্টিগ্রেটেড ডিজিটাল মার্কেটিংয়ে ৬৫,২২২ চাকরি

### মাইনে শুরু মাসে ৩০,০০০ টাকা থেকে

উচ্চমাধ্যমিক ও গ্র্যাজুয়েট ছেলেমেয়ের জন্য

সৈকত হালদার, কলকাতা : দেশের আইটি ইন্ডাস্ট্রির অন্যতম সেরা কোম্পানি TCS গত ৩ মাসে শুধুমাত্র ডিজিটাল মার্কেটিংয়ে ১৩,০০০ এর ওপর প্রফেশনালস নিয়োগ করেছে। আর সবচেয়ে বেশি গুরুত্ব দিয়েছে, যাঁরা শুধু ডিজিটাল মার্কেটিং নয়- AI ইন্টিগ্রেটেড

এরপর ৬ পাতায়

## রেলে ৬,৫৫৭ টেকনিশিয়ান

নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি : কলকাতা, শিলিগুড়ি, মালদহ, গুয়াহাটি, পটনা, রাঁচি, চেন্নাই, আহমেদাবাদ, এলাহবাদ, বেঙ্গালউরু, ভুবনেশ্বর, বিলাসপুর, মুম্বই, মজঃফরপুর, সেকেন্দরাবাদ, আজমীর, জম্মু-কাশ্মীর, চন্ডীগড়, ভোপাল, গোরক্ষপুর ও তিরুবনন্তপুরম রেল রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে রেলের ১৭টি জোনে ২১টি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে 'টেকনিশিয়ান গ্রেড-III' ও 'টেকনিশিয়ান গ্রেড-I সিগন্যাল' পদে ৬,৫৫৭ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

টেকনিশিয়ান গ্রেড-I সিগন্যাল : ফিজিক্স, ইলেক্ট্রনিক্স,

এরপর ৬ পাতায়

## ৯৫ অ্যাপ্রেন্টিস

নিজস্ব সংবাদদাতা, বেঙ্গালউরু : কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষা মন্ত্রকের অধীন ইন্ডিয়ান স্পেস রিসার্চ অর্গানাইজেশনের বেঙ্গালউরু শাখা 'গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস', 'ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস' ও 'আই.টি.আই. অ্যাপ্রেন্টিস' পদে

এরপর ১০ পাতায়

## ব্যাঙ্কে ৫ হাজার প্রবেশনারি অফিসার

নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি : ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, কানাড়া ব্যাঙ্ক, পঞ্জাব অ্যান্ড সিন্ধ ব্যাঙ্ক, পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক ও সেন্ট্রাল ব্যাঙ্ক 'প্রবেশনারি অফিসার' ও 'ম্যানেজমেন্ট ট্রেনি' পদে প্রায় ৫ হাজার ছেলেমেয়ে নিচেছ। নেওয়া হবে ষষ্ঠদশ পর্যায়ের কমন রিটেন এক্সামিনেশন (Common Recruitment Process for Recruitment of Probationary Officers/ Management Trainees in Participating Organisations-CRP-PO/ MT-XVI)'এর

এরপর ১২ পাতায়

## নেভিতে ২৬০ অফিসার

নিজস্ব সংবাদদাতা, নয়াদিল্লি : ভারতীয় নৌবাহিনী শর্ট সার্ভিস কমিশনে 'জেনারেল সার্ভিস (এক্সিকিউটিভ) জেনারেল সার্ভিস (এক্স) / হাইড্রোগ্রাফি' ও এয়ার ট্রাফিক কন্ট্রোল / অবজার্ভার /পাইলট /লজিস্টিক্স /এডুকেশন /টেকনিক্যাল (ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ইলেক্ট্রিক্যাল) / সাব মেরিন ইঞ্জিনিয়ারিং পদে কাজের জন্য 'অফিসার' পদে ২৬০ জন অবিবাহিত ছেলেমেয়ে নিচেছ। কারা কোন পদের জন্য যোগ্য :

এরপর ৯ পাতায়

## ১১৩ এম.টি.এস ও ক্লার্ক

নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি : কেন্দ্রীয় সরকারের আয়ুষ মন্ত্রকের অধীন সেন্ট্রাল কাউন্সিল ফর রিসার্চ ইন আয়ুর্বেদ সায়েন্সেস 'মাল্টি টাস্কিং স্টাফ', 'ল্যাবরেটরি অ্যাটেন্ড্যান্ট', 'লোয়ার ডিভিশন ক্লার্ক', 'মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজিস্ট' পদে ১১৩ জন ছেলেমেয়ে নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা 'মাল্টি টাস্কিং স্টাফ' পদের জন্য আবেদন করতে পারেন। আই.টি.আই. পাশরাও

এরপর ৭ পাতায়

## উচ্চমাধ্যমিক পাশের পর কোন কোন কোর্স পড়লে সহজেই চাকরি পাবেন

পেশাগত নাকি বৃত্তিমূলক ক্যারিয়ার— কোনটি বেছে নেবেন ও কেন? ক্লাস ১২-এর পর প্রত্যেক ছাত্রছাত্রী ও অভিভাবকের প্রথম চিন্তা থাকে— এরপর কোন পথে এগোনো উচিত? নিজের পড়াশোনার ধারা, ভবিষ্যৎ লক্ষ্য ও বর্তমান চাকরির বাজারের পরিস্থিতির সঙ্গে মিল রেখে আকাদেমিক বা প্রফেশনাল ব্যাচেলর ডিগ্রি অথবা কোনো প্রফেশনাল সার্টিফিকেশন বেছে নেওয়া যেতে পারে। ছাত্রছাত্রীদের জন্য বিভিন্ন ধরনের সুযোগ রয়েছে— যেমন প্রচলিত আকাদেমিক ডিগ্রি: B.Sc., B.Com., B.A. এছাড়াও প্রযুক্তিগত ও পেশাগত কোর্স : B.Tech., BBA, MBA, Law এবং বিশেষায়িত পেশাগত পথ : CA, CS, CMA বিভিন্ন ডিজাইনিং কোর্স ইত্যাদি।

এরপর ১০ পাতায়

অল্প খরচে LAW পাশ করে আইনজীবী হিসাবে নিজের ভবিষ্যতকে প্রতিষ্ঠিত করে তুলুন



LL.B (3yrs.) Direct Admission
LL.B (3yrs.) যে কোনো বয়সে

যোগ্যতা যে কোনো University-র Graduate/ মাস্টার ডিগ্রি (Regular / Open / Distance) ও 45% নম্বর, SC/ST – 40%

LL.B (5 yrs.), LL.M, Ph.D (LAW)

AIBE পাশের দায়িত্ব নিয়ে পড়ানো হয়

ল' পয়েন্ট



১৭, রাজা-রামমোহন রায় সরণী, আমহার্স্ট স্ট্রিট, কলকাতা - ৭০০ ০০৯, শ্রদ্ধানন্দ পার্কের পাশে

9830132343 / 9836922534 / 6290760935

**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
হেল্পলাইন
✆ : ৬২৯১৬৮৪৯৪৩
কাগজ না পেলে এই নম্বরে জানান
✆ : ৯৮৩০৬২৪১৭০
ই-মেল
karmsang@gmail.com

### স্কুল-কলেজ-শিক্ষা

NIOS রবীন্দ্র BOSSE
মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, B.Sc, MA, D.Pharm-সহ যেকোনো ডিগ্রি করুন। শেওড়াফুলি - 7003156422

R

ফিজিওথেরাপি (DPT), প্যাথলজি (DMLT) কোর্সে ভর্তি চলছে। C.S.M.T.R.S. 13A, M.N.G Road, শ্যামবাজার: 9748913233

SH

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

### স্কুল-কলেজ-শিক্ষা

IIM-Calcutta প্রাক্তনী, ২৬ বছরের অভিজ্ঞ পড়াচ্ছেন Panchayat, Bank, CGL, Rail, PSC, WBCS. খুব কম Fees. রেগুলার Mock Test. M : 7044061610

SH.

SLST ইতিহাস TET On/Off line Notes + MCQ + Mock Test : চাকদহ ও কল্যাণী - 9735471248

SH

**UGC স্বীকৃত CMSED & BNYS**
ভর্তি চলছে। UGC স্বীকৃত ইউনিভার্সিটি থেকে CMS & ED কোর্স করে বৈধভাবে প্র্যাকটিস করতে পারবেন। BNYS (Ayush) Dr. রেজিস্ট্রেশন নিয়ে প্র্যাকটিস। ক্লাস : শনি ও রবিবার। ক্যারিয়ার একাডেমি অফ মেডিক্যাল সায়েন্স (30 বছরের বিশ্বস্ত প্যারামেডিকেল কলেজ)। গড়িয়া স্টেশন রোড, ছোট বটতলা, কলি-84. 45A বাসস্ট্যান্ডের বিপরীতে। www.camsversity.com
7980054389 / 7439213900

D

### কর্মখালি

**Airport-এ ভ্যাকান্সি**
**L.No-WB-23569**
দমদম, অন্ডাল ও বাগডোগরা-সহ রাজ্যের সমস্ত Airport-এ বিভিন্ন পদ-এ স্থায়ী কর্মী নিয়োগ। যোগ্যতা: অষ্টম-স্নাতক, বেতন : 18500–52500. PF, ESI, বোনাস-সহ থাকা, খাওয়া ফ্রি। M : 8116674810

SA

WBSEDCL-এ কন্ট্রাক্টরের অধীনে জেলাভিত্তিক বিভিন্ন Official পদে M/F স্থায়ী নিয়োগ চলছে। যোগ্যতা: MP-স্নাতক। বেতন : 18500–66000. PF, ESI, প্রমোশন-সহ অন্যান্য সুবিধা। M: 7029918343

SA(A)

### কর্মখালি

**WBSEDCL (বিদ্যুৎ)**
কন্ট্রাক্টরের অধীনে প্রতি শহরে ও গ্রামে পঃবঙ্গের সব ক'টি জেলায় লোক নিয়োগ। ST/SC-দের বিশেষ অগ্রাধিকার। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন : (23000–48000) OT-সহ অন্যান্য সুবিধা। 8972730602

SP

**নোটিশ**
Kolkata Metro তে কন্ট্রাক্টরের অধীনে M/F স্থায়ী নিয়োগ। যোগ্যতা: HS–স্নাতক ও উর্ধ্বে। বেতন : 22700–65900, থাকা ও খাওয়া-সহ অন্যান্য সুবিধা। M: 7384369871

SA(A)

### কর্মখালি

SBI (DSA)-তে অফিসিয়াল কাজে M/F চাই। বেতন: 22.5K (PF+ESI) গড়িয়া - 9830871269, ব্যারাকপুর/ডানলপ- 8482024344

M

**কর্মসংস্থান**
বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ করুন
✆ : 7890135514

### কর্মখালি

**WBSEDCL-এ কন্ট্রাক্টরের অধীনে**
বিভিন্ন পোস্টে Male/Female নিজ নিজ জেলায় নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-স্নাতক। বেতন : 19K–56K. এক্স আর্মিদের বিশেষ সুবিধা আছে। M : 9475256825

SA

## চাকরির জন্য টাকা দেবেন না

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। এমনকী কোনোরকমের রেজিস্ট্রেশন ফি-ও দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। সেজন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।

— সম্পাদক, **কর্মসংস্থান**

## বিশেষ বিজ্ঞপ্তি

'**কর্মসংস্থান**' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনি সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। '**কর্মসংস্থান**' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনো ভাবেইদায়ী নয়।

— সম্পাদক, **কর্মসংস্থান**

## ইন্টিগ্রেটেড মার্কেটিং অটোমেশনে ৪০,৩১২ চাকরি

১ পাতার পর

অটোমেশনে। এই পরিসংখ্যান থেকেই খুব স্পষ্ট যে, এখন আইটি সেক্টরের অন্যতম গুরুত্বপূর্ণ বিভাগ হল GenAI ইন্টিগ্রেটেড মার্কেটিং অটোমেশন বেসড ডিজিটাল মার্কেটিং। আইটি অ্যান্ড সফটওয়্যার সেক্টরে এমন কোনো কোম্পানি নেই, যাদের এই বিভাগে লোক লাগে না। প্রতি মাসে গড়ে সারা দেশ জুড়ে ৬,০০০ থেকে ৮,০০০ নিয়োগ হয় এই বিভাগে। কলকাতার সল্টলেকের বিভিন্ন সংস্থায় প্রতি সপ্তাহে কমবেশি ১,০০০ থেকে ১,৫০০ জনের নিয়োগ হয়। এই স্পেশালাইজড ক্ষেত্রে কীভাবে নিজেকে প্রস্তুত করলে ৯ মাসের মধ্যে ভালো মাইনের চাকরি পাবেন তা জানতে আমরা গেছিলাম রাজ্যের প্রথম সারির আইটি হিউম্যান আউটসোর্সিং সংস্থা তথা 'ডিসান টেকনোলজি প্রাইভেট লিমিটেড'এ। সংস্থার সিইও ও ফাউন্ডার অর্ঘ্য দত্ত জানালেন, 'দেখুন, আমাদের রাজ্যেই প্রত্যেক মাসে কয়েকশো কোম্পানিতে GenAI ইন্টিগ্রেটেড মার্কেটিং অটোমেশনে কয়েক হাজার ছেলেমেয়ের চাকরি হচ্ছে। অথচ খুবই অবাক করার মতো ব্যাপার যে, এখনও অনেক বেকার ছেলেমেয়েই এই বিষয়ে কিছুই জানে না। কারণ 'ঠিক কী ধরনের কোর্স করলে এই সেক্টরে চাকরি পাওয়া যায়, বেশিরভাগ ছেলেমেয়েরাই তা জানে না। আমি খুব জোরের সঙ্গে একথা বলতে পারি, যে যদি কোনো ছেলেমেয়ে ঠিকঠাক জায়গা থেকে GenAI ইন্টিগ্রেটেড মার্কেটিং অটোমেশন মন দিয়ে শেখে, তাহলে এখানকার নামিদামি সফটওয়্যার কোম্পানিতে ৯ মাসের মধ্যে সে খুব সহজেই ভালো মাইনের চাকরি পাবেই। আবার আজকের দিনে দাঁড়িয়ে যদি কেউ AI বেসড ডিজিটাল মার্কেটিংয়ের সঙ্গে GenAI ইন্টিগ্রেটেড মার্কেটিং অটোমেশন-এর ট্রেনিং নেয়, তাহলে সে শুরুতেই বছরে ৫ থেকে ৬ লাখ টাকা প্যাকেজের চাকরি পাবে।' বেসিক ডিজিটাল মার্কেটিংয়ে মূলত ৩টি পদে লোক নেওয়া হয়— **(I) SEO (Search Engine Optimization), (II) SMM (Social Media Management), (III) PPC (Pay Per Click).** শুরুতেই নিয়োগ হয় SEO ও SMO-তে। কিন্তু, গত কয়েক মাসে এই বিভাগে নিয়োগের ট্রেন্ড সম্পূর্ণরূপে বদলে গেছে। এখন রিক্রুটাররা খুঁজছে, তাদেরকে যাঁরা GenAI ইন্টিগ্রেটেড ডিজিটাল মার্কেটিংয়ের সাথে অটোমেশনেও সমানভাবে দক্ষ। উচ্চমাধ্যমিক বা গ্র্যাজুয়েশন পাশ ছেলেমেয়েরা কম্পিউটারে অ্যাডভান্সড কোর্স করলেই এই ট্রেনিং নিতে পারবেন। বয়স হতে হবে ৩১.০৭.২০২৬ এর হিসাবে ৩০ বছরের মধ্যে। তারপর মোটামুটি ২ বছরের অভিজ্ঞতা থাকলে PPC-তে নিয়োগ হয়। SEO বা SMO-তে প্রত্যেক সপ্তাহে এই কলকাতাতেই ৪০ থেকে ৫০টি কোম্পানিতে কয়েকশো ছেলেমেয়ের চাকরি হচ্ছে। তাহলে কোথা থেকে কী ধরনের কোর্স করলে এক্ষেত্রে খুব সহজেই কেরিয়ার করা যাবে? উত্তরে অর্ঘ্য বললেন যে, 'দেখুন, এখন যুগটাই ডিজিটাল। তাই প্রতিটি কোম্পানিতেই ডিজিটাল মার্কেটিংয়ের প্রয়োজন। তাই এখানে এত বিপুল সংখ্যক লোক লাগে।' **SEO**-রা মূলত ওয়েবসাইট বা, অ্যাপটিকে এমনভাবে মার্কেটিং করে যাতে কোনো একটি বিষয় (key word) সার্চ ইঞ্জিন (যেমন Google, Yahoo)-এ টাইপ করলে সংশ্লিষ্ট ওয়েবসাইট বা, অ্যাপটি-ই সার্চিংয়ের একদম ওপরেই আসবে। **SMO**-রা মূলত সোশ্যাল মিডিয়া হ্যান্ডলার (যেমন X, Facebook, LinkedIn, Youtube, Telegram ইত্যাদি) এর মাধ্যমে কোম্পানির সোশ্যাল মিডিয়া এনগেজমেন্ট বাড়িয়ে অ্যাপ বা, ওয়েবসাইটটিকে জনপ্রিয় করে তোলে। এরপর **PPC**-রা মূলত Performance Marketer / Ad Expert হিসাবে বিভিন্ন ডিজিটাল মিডিয়ার মাধ্যমে কোম্পানির গ্রস রেভিনিউ বা, প্রফিট বাড়ায়। কিন্তু এখন **AI Generalist** বা **AI Orchestrator** হিসাবে সবচেয়ে বেশি নিয়োগ হচ্ছে। ভবিষ্যতে এই ২ পদেই শুধুমাত্র নিয়োগ হবে বলে মনে করা হচ্ছে। এই পেশা বেছে নিতে হলে কোথা থেকে ট্রেনিং নিতে হবে? উত্তরে অর্ঘ্য বললেন, 'রাজ্যের মধ্যে এখন আইটি ট্রেনিংয়ের জন্য ডিসান অ্যাকাডেমির নাম সবচেয়ে ওপরে। কারণ (১) একমাত্র এখানেই GenAI ইন্টিগ্রেটেড মার্কেটিং অটোমেশনের ওপর ৯ মাসের অ্যাডভান্সড ট্রেনিং দেওয়ার পর রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিতে ৩ মাসের ইন্টার্নশিপ করানো হয়। এইসময় ছেলেমেয়েদের স্টাইপেন্ড হিসাবে মাসে ১০,০০০ থেকে ১২,০০০ টাকা দেওয়া হয়। (২) এটি রাজ্যের একমাত্র আইটি লার্নিং সংস্থা যেখানে Agentic AI আলাদাভাবে শেখানো হয়। যাতে এখানকার ছেলেমেয়েরা খুব সহজেই **'Main Agent-Sub Agent' Model** খুব সহজেই তৈরি করতে পারে। যা যেকোনো ভালো কোম্পানিতে তার নিয়োগ সুনিশ্চিত করবে। (৩) এখানে GenAI ইন্টিগ্রেটেড মার্কেটিং অটোমেশনের ওপর AI Prompting Tools এর ব্যবহার দেশের সেরা সেরা AI মডিউলেটরদের থেকে শেখানো হয়। এছাড়াও এখানে ডিজিটাল মার্কেটিং এর জন্য ইন্ডাস্ট্রির সবচেয়ে মডিফায়েড ও আপডেটেড AI সফটওয়্যারে কাজ শেখানো হয় যা অন্য কোথাও ভাবাই যায় না। যেমন **SEO**-র জন্য SEMrush বা Google Keyword Planner বা Ubersuggest-এর মত সফটওয়্যার ট্যুলস আবার **SMM**-এর জন্য Buffer বা Hootsuite-এর মতো আপডেটেড মডিফিকেশন সফটওয়্যারে কাজ শেখানো হয়। (৪) এই প্রতিষ্ঠানের আরেকটি অনন্য দিক হল একমাত্র এখানেই Implementing Marketing Automation এর এমন সব ট্যুলস (Gohighlevel 1 & 2, WP Automation, E-mail Automation) শেখানো হয় জানা থাকলে দেশের সেরা সেরা টেক জায়েন্ট যেমন TCS, Wipro, IBM, Cognizant, Capgemini-র ডিজিটাল টিম আপনাকে ডেকে চাকরি দেবে। কারণ, খুব কম সংস্থায় এই হাই লেভেল মার্কেটিং কোর্স শেখানো হয়। আর এই কোর্স শেখা থাকলে শুরুতেই মাইনে হবে নিজের মর্জি মাফিক। এই কোর্স করা থাকলে মোটামুটি শুরুতেই বছরে পাওয়া যাবে ৫,০০,০০০ থেকে ৬,০০,০০০ টাকার আকর্ষনীয় পে-প্যাকেজ। (৫) একমাত্র এখানে AI বেসড ডিজিটাল মার্কেটিং-এর জন্য অন্যতম গুরুত্বপূর্ণ টুলস Chat GPT মডেল দেশের সেরা সেরা AI বেসড প্রফেশনালসদের দিয়ে শেখানো হয়। তাই এখান থেকে পাশ করা ছেলেমেয়েরা, দেশের প্রথম সারির আইটি কোম্পানিতে সহজেই চাকরি পায়। (৬) এছাড়াও, এই কোর্সের মধ্যে ওয়েব ডেভেলপমেন্টের সবচেয়ে মডিফায়েড মডিউলও (Shopify / Wix / Word Press)' শেখানো হয় — যা অন্য কোথাও ভাবাই যায় না। (৭) আইটি ইন্ডাস্ট্রির ক্ষেত্রে সবচেয়ে ভালো প্যাকেজ পাওয়া যায় যদি প্রার্থীর কাছে গ্লোবাল সার্টিফিকেশন থাকে। এক্ষেত্রেও এই প্রতিষ্ঠানের সাথে গ্লোবাল টেকনিক্যাল জায়েন্ট Google, Meta ও HubSpot-এর মতো কোম্পানির স্ট্র্যাটেজিক টাই-আপ থাকায় এখান থেকে পাশ করলে **Google Ad Specialisation, Meta Ad Specialisation, HubSpot Ad Specialisation** এর মতো গুরুত্বপূর্ণ সার্টিফিকেট পাওয়া যায়। ফলে এখানকার ছেলেমেয়েরা ট্রেনিং পিরিয়ডেই বেঙ্গালুরু বা হায়দরাবাদের মতো জায়গায় বহুজাতিক আইটি ও সফটওয়্যার সংস্থায় ভালো প্যাকেজের চাকরি সহজেই পায় — যা অন্য কোথাও হয় না। (৮) আমাদের সঙ্গে দেশের তথা রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিগুলির সঙ্গে এমনভাবে স্ট্র্যাটেজিক টাই আপ করা আছে যে, এখান থেকে পাশ করলে চাকরির জন্য কেউ বসে থাকে না, বরং একসঙ্গে সে ২-৩টি অফার লেটার হাতে পায়। শুরুতেই মাইনে হয় মাসে ২৫,০০০ থেকে ৩৫,০০০ টাকা। যা ২ বছর পর বেড়ে মাসে ৬০,০০০ টাকা হয়। (৯) আমাদের এখানে সফটওয়্যার ইন্ডাস্ট্রির সেরা সেরা ডিজিটাল এক্সপার্টরাই ফ্যাকাল্টি বা মেন্টর হিসাবে আছেন যাতে এখানকার ছেলেমেয়েরা সবচেয়ে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনিং পায়। (১০) ডিজিটাল মার্কেটিংয়ে ইন্ডাস্ট্রির সেরা সেরা এক্সপার্টরাই এখানকার কোর্স মডিউল তৈরি করে। বিভিন্ন ধরনের ডিজিটাল মার্কেটিং সফটওয়্যার ট্যুলস (অ্যাপ ও ওয়েবসাইট ফ্রেন্ডলি) হাতে কলমে এমনভাবে শেখানো হয়, যাতে এখানকার ছেলেমেয়েরা ডিজিটাল এক্সপার্ট হিসাবে ইন্ডাস্ট্রিতে নিজেদেরকে সুপ্রতিষ্ঠিত করতে পারে ও নামিদামি কোম্পানিতে সর্বোচ্চ স্যালারি প্যাকেজ পায়। (১১) আমাদের এখানে বিশেষভাবে 'Work on Live Projects' করানো হয় — যা চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের অ্যাকসেপটেন্স অনেকটাই বাড়িয়ে দেয়। (১২) এখানে স্পেশালাইজড ডেমো ক্লাসের ব্যবস্থা আছে। যা আইটি বা সফটওয়্যার কোম্পানিগুলিতে ইন্টারভিউ দেওয়ার সময় বিশেষভাবে কাজে লাগে। (১৩) এখানকার কোর্স ফি ইন্ডাস্ট্রির মধ্যে সবচেয়ে কম। এছাড়াও মাসিক ইনস্টলমেন্টের ব্যবস্থা আছে।' (১৪) একমাত্র এখানেই কোর্স ফি-র ওপর (পুরোটা একসাথে জমা দিলে) স্কলারশিপের ব্যবস্থা আছে— যা অন্য কোথাও নেই। তাই উচ্চমাধ্যমিক পাশ করে ঘরে বসে না থেকে এই রাজ্যেই মাসে ২৫,০০০ থেকে ৩৫,০০০ টাকা মাইনের চাকরি পেয়ে ৯ মাসের মধ্যে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে আজই যোগাযোগ করুন এই নম্বরে- 9429691888 বা চলে আসুন এই ঠিকানায় — Desun Academy, Ambuja Neotia Eco Station, BP Block (11th Floor), Salt Lake, Kolkata, West Bengal 700091.

**উচ্চমাধ্যমিক যোগ্যতায় ৯ মাসের মধ্যে বছরে ৩,০০,০০০ টাকা মাইনের চাকরি। পরে আরো ৩ মাসের মধ্যে বছরে ৫,০০,০০০ টাকা থেকে ৬,০০,০০০ টাকা মাইনের চাকরি। প্রতি মাসে ৫০টি থেকে ৬০টি কোম্পানিতে ২,৫০০ থেকে ৩,৫০০ চাকরি হয়।**

# সবচেয়ে কম কোর্স ফী'তে সবচেয়ে বেশি মাইনের চাকরি দিয়ে নজির গড়ল BNG হোটেল ম্যানেজমেন্ট

তারকনাথ দাস, কলকাতা : কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়নের একটি সার্ভে রিপোর্টে দেখা গেছে, উচ্চমাধ্যমিক পাশের পর সবচেয়ে বেশি যে সেক্টরে লোক নিয়োগ হয়, সেটি হল হোটেল ও ট্যুরিজম সেক্টর। কারণ, প্রতি মাসে সারা দেশে ৩০ থেকে ৪০টি নতুন হোটেল তৈরি হচ্ছে। অর্থাৎ এই সেক্টরে সারা দেশে প্রতি ৩ মাসে ৫০ থেকে ৬০ হাজার নিয়োগ হয়। এই বিপুল সংখ্যক নিয়োগের জন্য ঠিক কী ধরনের যোগ্যতা লাগে? রাজ্যের অন্যতম সেরা হোটেল ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান BNG হোটেল ম্যানেজমেন্ট ইনস্টিটিউট এর চেয়ারম্যান ও প্রিন্সিপাল বুধাদিত্য পাল এর উত্তরে জানালেন, "দেখুন, আমাদের দেশের সবচেয়ে গ্রোয়িং সেক্টর হল হোটেল ও হসপিটালিটি ম্যানেজমেন্ট। এখানে সারা বছর ধরে নিয়োগ লেগেই থাকে। কিন্তু ঠিকঠাক প্রফেশনালসদের অভাব সবসময় রয়েছে। কারণ আমাদের রাজ্যে খুব কম প্রতিষ্ঠানই আছে যেখান থেকে ট্রেনিং নিলে দেশ বা বিদেশের যেকোনো বড়ো ব্র্যান্ডের হোটেলে সহজেই চাকরি পাবে।" আর এই ধরনের কোয়ালিটি প্লেসমেন্ট দেওয়ার ব্যাপারে অনন্য নজির গড়ল কলকাতার নিউটাউনের কাছে থাকা BNG হোটেল ম্যানেজমেন্ট ইনস্টিটিউট। এখান থেকে পাশ করে সবচেয়ে বেশি মাইনের চাকরি হয় দেশের অন্যতম সেরা হোটেল গ্রুপ The Oberoi Group, Marriot, ITC, Taj, Radisson, Hyatt Regency, Trident, The Lalit, The Leela, Hillton, Park Inn, Ibis, Sheraton-এ। এটি এমন একটি

BNG
HOTEL MANAGEMENT INSTITUTE

প্রতিষ্ঠান যেখানে অ্যাডমিশনের প্রথম দিন থেকেই ছেলেমেয়েরা ইন্ডাস্ট্রির সেরা সেরা হোটেলে ট্রেনিংয়ের (৬ মাস থেকে ১ বছরের) মাধ্যমে আয় করে। এখানে সার্টিফিকেট, ডিপ্লোমা, ভোকেশনাল ও হোটেল ম্যানেজমেন্টের ওপর বিভিন্ন ধরনের প্রফেশনাল কোর্স পড়ানো হয়। ন্যূনতম যোগ্যতা উচ্চমাধ্যমিক পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। এখান থেকে পড়ে সবাই চাকরি পায়। কীভাবে? উত্তরে কলেজের চেয়ারম্যান ও প্রিন্সিপাল বুধাদিত্য পাল জানালেন যে, 'আমাদের কোর্স পাশ করে কেউ বসে থাকে না। চাকরি পাবেই। কারণ : (১) এখানে রয়েছে ইন্ডাস্ট্রির সেরা রুম মেনটেন্যান্স ল্যাব, মডার্ন হাউসকিপিং, ফাইভ স্টার রিসেপশন সেট আপ, (২) হোটেল ম্যানেজমেন্টে ন্যূনতম ১০ বছরের অভিজ্ঞ ফ্যাকাল্টি, (৩) কোর্সের প্রথম দিনেই এখানকার ছেলেমেয়েদের ইন্ডাস্ট্রির সেরা সেরা হোটেলে পাঠানো হয় যাতে অন জব ট্রেনিং (OJT) এমন ভাবে হয় যে, সেখান থেকেই তারা সরাসরি চাকরির অফার পেয়ে যায়, (৪) প্রত্যেকটি কোর্সের ক্ষেত্রে ভরতির সময় জব বন্ড লেটার আবশ্যিক, (৫) কোর্স শুরুর ১ সপ্তাহের মধ্যে কলকাতার সেরা সেরা পাঁচতারা হোটেলে এখানকার ছেলেমেয়েরা ইন্টার্নশিপ করে। এই সময় স্টাইপেন্ড হিসাবে মাসে ৫,০০০ থেকে ১০,০০০ টাকা পাওয়া যায়। (৬) ন্যাশনাল ও ইন্টারন্যাশনাল হোটেলিয়ারদের সাথে কাস্টমাইজড ইন্ডাস্ট্রিয়াল ব্রিজিং যাতে এখানকার ছেলেমেয়েরা মুম্বই, পুনে, ব্যাঙ্গালোর, ম্যাঙ্গালোর, হায়দরাবাদ, কলকাতা সহ গ্রেড-এ শহরের সেরা হোটেল ব্র্যান্ডে খুব সহজেই প্লেসড হতে পারে। দুবাই, কাতার, মরিশাস, সিঙ্গাপুর, মালয়েশিয়া, আমেরিকা, জার্মানি ইত্যাদি দেশে ইন্টারন্যাশনাল প্লেসমেন্টের জন্য আলাদা সেল, (৭) এখান থেকে পাশ করে শুরুতেই মাইনে হয় বছরে ২,১০,০০০ টাকা থেকে ২,২০,০০০ টাকা পর্যন্ত — যা এই সেক্টরে অত্যন্ত বিরল। (৮) সমাজে পিছিয়ে পড়া ছেলেমেয়েদের সহজ কিস্তিতে কোর্স ফি দেওয়ার সুবিধা, (৯) গ্যারান্টার ছাড়া ব্যাঙ্ক লোনের সুবিধা। এছাড়াও স্কলারশিপের ব্যবস্থাও আছে। তাই উচ্চমাধ্যমিক পাশ করে চুপচাপ ঘরে বসে না থেকে, দেশের সেরা সেরা হোটেলে বিভিন্ন পদে চাকরি পেয়ে নিজেদের ভবিষ্যৎ নিজের হাতে গড়ার ব্যাপারে বিশদে জানতে আজই যোগাযোগ করুন এই নম্বরে : 9674062259 / 9830796307 অথবা চলে আসুন সরাসরি এই ঠিকানায় : BNG হোটেল ম্যানেজমেন্ট ইনস্টিটিউট, সেক্টর-৫, কলকাতা।

**এখান থেকে কোর্স পাশ করে চাকরি পাবেই। গড় মাইনে মাসে ১৭,০০০ টাকা**

# পঞ্চায়েত, রেল, ব্যাঙ্কে চাকরির অভিনব কোচিং

নিজস্ব সংবাদদাতা, সোনারপুর : রাজ্যে নতুন সরকার আসার পর বিভিন্ন দফতরে প্রায় ৪ লাখ শূন্যপদ পূরণ হবে। অর্থাৎ সামনে অনেক চাকরি। আর চাকরিতে নিয়োগের উর্দ্ধসীমা ৫ বছর বেড়ে যাওয়ায় আরো অনেক বেশি ছেলেমেয়ে আবেদন করতে পারবেন। আবার রাজ্য বা কেন্দ্রীয় সরকারের বেশিরভাগ পরীক্ষার সময় দেখা গেছে যে, প্রস্তুতির জন্য খুবই কম সময় পাওয়া যায়। তাই এই পরীক্ষাগুলি ক্র্যাক করা কঠিন হয়। এই ভাবনা থেকেই পঞ্চায়েত, ব্যাঙ্ক (PO / Clerk), IBPS, Rail, CGL, PSC, WBCS-র মতো বিভিন্ন পরীক্ষায় চাকরি পেতে একদম নতুন ধরনের স্পেশালাইজড ট্রেনিং-এর উদ্যোগ নেওয়া হয়েছে। নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশন ও IIM কলকাতার প্রাক্তনীর উদ্যোগে এই ধরনের এক্সক্লুসিভ ট্রেনিং শুরু হয়েছে রাজ্যের পিছিয়ে পড়া ছেলেমেয়েদের জন্য। ২৬ বছরের অভিজ্ঞতা সম্পন্ন এই কোচিংয়ে ভর্তি হতে আজই যোগাযোগ করুন : 7044061610.


**প্রগতি ITI-এ ভর্তি**
**বহরমপুর ও কৃষ্ণনগরে**

NCVT অনুমোদিত বহরমপুর প্রগতি ITI ও কৃষ্ণনগর প্রগতি ITI-এ ২০২৬ সেশনে নিচের ট্রেডগুলিতে ভর্তি চলছে

কোর্স : ইলেক্ট্রিশিয়ান ও ফিটার

বহরমপুর : 9434900500
কৃষ্ণনগর : 9434900700

**JDS PRIVATE ITI**
BARASAT
YOUR RIGHT DESTINATION FOR TECHNICAL CAREER

ADMISSION OPEN 2026-28

FITTER & ELECTRICIAN (2 YRS COURSE)

8.9/10 GRADE — TOTAL OF — 14743 ITI COLLEGES ACROSS INDIA

Since 2014, we have trained thousands of students who are now successfully working in reputed organizations like
RAIL METRO SHIPPING MNCS



AFFILIATED TO NCVT GOVT OF INDIA | APPROVAL NO. DGET/6/25.02/2014-TC | ESTD. 2014

Call: 8336923222 | 8926323165 | 7908500267
SKILLED TODAY, SUCCESSFUL TOMORROW

ADMISSION NOTICE
**NSIC Technical Services Centre**
The National Small Industries Corporation Ltd.
(A Govt. of India Enterprise, Ministry of MSME)
Japanigate, Baltikuri, Howrah-711113
এন এস আই সী NSIC
GOVT. OF INDIA MINISTRY OF MSME

**JOB ORIENTED ITI COURSES** চাকরি-কেন্দ্রিক আই টি আই (ITI) কোর্স

- FITTER (2 YEARS)
- ELECTRICIAN (2 YEARS)
- MACHINIST (2 YEARS)
- WELDER (1 YEAR)
- SURVEYOR (2 YEARS)
- DMM (MECH.) (2 YEARS)
- TURNER (2 YEARS)

Limited Seats

- On Job Training • Placement Assistance • Experienced Faculty
- Modernized Tool room • Eco-Friendly Campus

CONTACT: 8910394968, 8134994989, 8777888421
WEBSITE: https://nsic.co.in/NTSC/Howrah

**পশ্চিমবঙ্গ তপশিলী জাতি, আদিবাসী এবং অন্যান্য অনগ্রসর শ্রেণী উন্নয়ন ও বিত্ত নিগম**
(পশ্চিমবঙ্গ সরকারের অধীন একটি সংস্থা)
সিএফ ২১৭/এ/১, সেক্টর-১, সল্টলেক, কলকাতা- ৭০০০৬৪
**তপশিলী জাতিভুক্ত যুবক/যুবতীদের কর্মসংস্থান ও স্বনির্ভরতার জন্য বিনাব্যয়ে অনাবাসিক প্রশিক্ষণের সুযোগ**

| বিষয় | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|
| Retail Sales Executive (RAS/Q0109, V-2.0) | উচ্চমাধ্যমিক পাশ |

যোগ্যতা : বয়স ১৮–৩৫ বছর। পারিবারিক বার্ষিক আয় : ৩ লাখ টাকার মধ্যে।

| জেলা | প্রশিক্ষণ কেন্দ্রের ঠিকানা | আসন সংখ্যা |
|---|---|---|
| কলকাতা | Dimple court, 1st floor, 26, Shakespeare Sarani, Kol-17 | 100 |
| দক্ষিণ ২৪ পরগনা | 1582 Rajdanga Main Road, 1st and 2nd Floor, South 24 Pgns, West Bengal | 400 |

অনলাইনে সরাসরি আবেদন করুন এই ঠিকানায় : www.wbbcdev.gov.in
বিশদ জানতে যোগাযোগ করুন : 7595049568 / 7595049569 / 7595049570
কর্মসূচি রূপায়নে CMI LEARNING & DEVELOPMENT PVT. LTD.
Dimple Court, 1st Floor, 26 Shakespeare Sarani, Kolkata- 700017

**কর্মমুখী প্যারামেডিক্যাল কোর্স করলেই চাকরি সুনিশ্চিত**

Admission Notice 2026-27

(ESTD- 1992)

# School of Medical Technology

## Allied Health care Courses (Paramedical)

9231520480, 9874760012 ☎ 033 22272310 | www.ssmtskill.com | ssmtoffice@gmail.com

**Affiliated to University of Kalyani**

- Diploma in Medical Laboratory Technique (DMLT)
- Diploma In Physiotherapy Technique (DPT)
- Diploma in Operation Theatre Technology (DOTT)
- Diploma in Optometry (D.OPT)

Duration - Two Years + 6 months post certification internship.

Scholarship facility available.

Students credit card facility available.

Job Assistance for every student on successful completion.

College Campus- A 11/39 Kalyani . Opposite A.11 Market . Nearest Railway Station - Kalyani Main Bus Stop - JIS more Dist - Nadia

**Collaborative Course- for IMA - BFUHS - as per NCAHP guideline**

- Diploma in Medical Laboratory Technique (DMLT)
- Diploma In Radiology and Imaging Technology (DRIT)
- Diploma in Operation Theatre Technology (DOTT)

Duration - Two Years + 6 months post certification internship.

Certificate course : 1. Phlebotomy 2. GDA

Job Assistance for every student on successful completion.

MoU with NABH Hospitals
MoU with NABL Diagonestic centre and Laboratory

College Campus- 24 Girish Chandra Bose Road Kolkata -700014, Nearest Rly Station- Sealdah Bus Stop- Entally Market- Moulali

**B.Voc under Vidyasagar University**

Affiliated College- Mahishadal Raj College
Training Provider of Mahishadal Raj college in allied health -School of Medical Technology

- B.Voc in Medical laboratory Technology (B.Voc MLT)
- B.Voc in Health Care

Duration - 3 Years + 6 months internship.

Job Assistance for every student on successful completion.

MoU with NABH Hospitals
MoU with NABL Diagonestic centre and Laboratory

College Campus- 24 Girish Chandra Bose Road Kolkata -700014, Nearest Rly Station- Sealdah Bus Stop- Entally Market- Moulali

# সরকারি চাকরির পরীক্ষায় মহিলাদের জন্য ৩৩% আসন সংরক্ষণ : এ এক যুগান্তকারী পদক্ষেপ

*২২ জুন নতুন রাজ্য সরকারের প্রথম (২০২৬-'২৭) অর্থবর্ষের বাজেট পেশ হল। পেশ করলেন অর্থমন্ত্রী স্বপন দাশগুপ্ত। তিনি জানালেন, সরকারি দফতরে বিভিন্ন পদে ১ লাখ শূন্যপদ পূরণ করা হবে। এর মধ্যে শিক্ষক-শিক্ষিকা, শিক্ষাকর্মী পদে ৫০ হাজার, পুলিশে ২০ হাজার, ইস্টার্ন রাইফেলসে ১ হাজার ও অন্যান্য সরকারি দফতরে ২৯ হাজার শূন্যপদ পূরণ করা হবে। এছাড়াও ওইদিন আরেকটি গুরুত্বপূর্ণ ঘোষণা হয়। এবার থেকে সরকারি চাকরির পরীক্ষায় ৩৩% আসন মহিলাদের জন্য সংরক্ষণ করা হবে। অর্থাৎ, মেয়েদের চাকরি পাওয়ার ক্ষেত্রে এ এক সুবর্ণ সুযোগ। সামনেই পরপর পরীক্ষা। এই সুযোগ আর দ্বিতীয়বার আসবে না। তাই এই অল্প সময়ের মধ্যে রাজ্য সরকারের বিভিন্ন পরীক্ষার সিলেবাস কভার করে ঠিক কী ধরনের স্ট্র্যাটেজি নিলে নিশ্চিতভাবে সাফল্য পাবেন তা নিয়ে খুঁটিনাটি আলোচনা করছেন রাজ্য তথা দেশের সরকারি চাকরির প্রস্তুতির সেরা সংস্থা, রাইস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক ড. সমিত রায়।*


রাইস-অ্যাডামাস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক ড. সমিত রায়

দীর্ঘদিন ধরে সরকারি দফতর, স্কুল-কলেজ ও বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানে কর্মীসংকট নিয়ে অভিযোগ ছিল। নিয়োগ প্রক্রিয়া থমকে থাকায় অনেক গুরুত্বপূর্ণ পদ শূন্য পড়ে ছিল। এই পরিস্থিতিতে অর্থমন্ত্রী স্বপন দাশগুপ্ত পশ্চিমবঙ্গের নতুন সরকারের প্রথম বাজেটে বড়ো কর্মসংস্থানের ঘোষণা করলেন। রাজ্যের সরকারি দফতরগুলিতে মোট ১ লাখ শূন্যপদে নিয়োগের কথা ঘোষণা করা হয়েছে।

ক্ষমতায় আসার আগে নির্বাচনী ইস্তাহারে সরকারি চাকরি বৃদ্ধি ও মহিলাদের জন্য সংরক্ষণের প্রতিশ্রুতি ছিল, বাজেটে সেই প্রতিশ্রুতিরই প্রতিফলন দেখা গেল। সরকার জানিয়েছে, নতুন নিয়োগের মধ্যে ৩৩% পদ মহিলাদের জন্য সংরক্ষিত থাকবে। ফলে কর্মসংস্থানের পাশাপাশি নারী ক্ষমতায়নেও বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে।

বাজেট ঘোষণায় জানানো হয়েছে, ১ লাখ শূন্যপদের মধ্যে শিক্ষা ক্ষেত্রে সবচেয়ে বেশি নিয়োগ হবে। মোট ৫০ হাজার শিক্ষক, অধ্যাপক ও শিক্ষাকর্মী নিয়োগ করা হবে। দীর্ঘদিন ধরে শিক্ষক নিয়োগ নিয়ে যে বিতর্ক ও শূন্যপদ নিয়ে উদ্বেগ ছিল, এই ঘোষণাকে তার সমাধানের পথে গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে দেখা হচ্ছে।

পশ্চিমবঙ্গে সরকারি চাকরিতে মহিলাদের জন্য ৩৩% সংরক্ষণের সিদ্ধান্তটি সামাজিক সমতা ও নারীশক্তির উত্থানের ক্ষেত্রে একটি যুগান্তকারী পদক্ষেপ। এটি শুধুমাত্র চাকরির সুযোগ বাড়ানো নয়, বরং সমাজ ও অর্থনীতিতে নারীদের অবস্থানকে আমূল বদলে দেওয়ার এক শক্তিশালী হাতিয়ার। এই যুগান্তকারী সিদ্ধান্তের প্রধান কারণ ও গুরুত্বগুলি নিচে বিস্তারিত আলোচনা করা হল:

১. অর্থনৈতিক স্বাধীনতা ও স্বনির্ভরতা : নারীর ক্ষমতায়নের মূল ভিত্তি হল অর্থনৈতিক মুক্তি। সরকারি চাকরি নারীদের স্থায়ী আয় ও আর্থিক নিরাপত্তা দেয়, যার ফলে তারা পরিবার ও সমাজে পুরুষদের ওপর নির্ভরশীলতা কাটিয়ে উঠতে সক্ষম হন।

২. সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে অংশগ্রহণ : নারীরা যখন প্রশাসনিক ও নীতি-নির্ধারণী পদে (যেমন- শিক্ষকতা, পুলিশ, প্রশাসনিক পরিষেবা) যুক্ত হন, তখন তারা সমাজের দৃষ্টিভঙ্গি ও সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়াকে সরাসরি প্রভাবিত করতে পারেন। পরিবার ও কর্মক্ষেত্রে তাদের সিদ্ধান্তকে আরও গুরুত্বের সঙ্গে বিবেচনা করা হয়।

৩. সামাজিক নিরাপত্তা ও অপরাধ হ্রাস : পুলিশ ও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীতে নারীদের উপস্থিতি বাড়লে তা নারী সংক্রান্ত অপরাধ দমনে অত্যন্ত কার্যকর ভূমিকা পালন করে। ভুক্তভোগী মহিলারা অনেক ক্ষেত্রেই পুরুষ পুলিশকর্মীদের তুলনায় মহিলা পুলিশকর্মীদের কাছে নিজেদের সমস্যার কথা আরও স্বাচ্ছন্দ্যে প্রকাশ করতে পারেন, যা ন্যায়বিচার পাওয়ার পথকে সহজ করে।

৪. নারী শিক্ষার প্রতি উৎসাহ : সরকারি চাকরিতে এই বিশাল সংরক্ষণের ফলে অভিভাবকরা কন্যা সন্তানদের উচ্চশিক্ষিত ও প্রতিযোগিতামূলক পরীক্ষার জন্য প্রস্তুত করতে আরও বেশি আগ্রহী হবেন। এর ফলে রাজ্যে নারী শিক্ষার হার বাড়বে ও বাল্যবিবাহ বা অল্প বয়সে মেয়েদের পড়াশোনা থামিয়ে দেওয়ার মতো সামাজিক ব্যাধি কমবে।

৫. কর্মক্ষেত্রে লিঙ্গবৈষম্য দূরীকরণ : অনেক ক্ষেত্রেই বেসরকারি ক্ষেত্রের তুলনায় সরকারি কর্মক্ষেত্র নারীদের জন্য বেশি সুরক্ষিত ও সুবিধাজনক (যেমন মাতৃত্বকালীন ছুটি ও অন্যান্য সামাজিক সুরক্ষাবলয়)। এই সংরক্ষণ কর্মক্ষেত্রে বিদ্যমান লিঙ্গবৈষম্য দূর করতে ও নারীদের জন্য একটি সমতাভিত্তিক পরিবেশ তৈরি করতে সাহায্য করবে।

৬. সামগ্রিক উন্নয়ন (Women-led Development) : নারীদের কর্মসংস্থান বাড়লে তার সরাসরি প্রভাব পড়ে পরিবারের স্বাস্থ্য, পুষ্টি ও শিশুদের শিক্ষার ওপর। অর্থনৈতিকভাবে সক্ষম একজন নারী তার সন্তানের ভবিষ্যতের জন্য সঠিক সিদ্ধান্ত নিতে পারেন, যা দীর্ঘমেয়াদে একটি উন্নত ও শিক্ষিত সমাজ গঠনে সাহায্য করে। রাজ্যের সাম্প্রতিক বাজেটে এই ৩৩% সংরক্ষণের পাশাপাশি ১ লাখ সরকারি চাকরির ঘোষণা ও বয়সের ছাড় আর অন্যান্য সুযোগ-সুবিধা এই সিদ্ধান্তটিকে আরও বাস্তবসম্মত ও কার্যকর করে তুলেছে।

পশ্চিমবঙ্গের সরকারি চাকরিতে মহিলাদের জন্য ঘোষিত ৩৩% সংরক্ষণের সুযোগ কাজে লাগাতে রাজ্যের নতুন নিয়োগগুলিতে (যেমন ২০ হাজার পুলিশ ও ৫০ হাজার শিক্ষক নিয়োগ) যথাযথ প্রস্তুতি নেওয়া অত্যন্ত জরুরি। এই সুবিধা পাওয়ার কার্যকর উপায়গুলি নিচে দেওয়া হল :

নির্দিষ্ট নিয়োগের বিজ্ঞপ্তিগুলিতে নজর রাখুন : রাজ্য সরকারের তরফে শিক্ষকতা, পুলিশ বিভাগ, ও অন্যান্য প্রশাসনিক পদে ১ লাখ শূন্যপদ পূরণের বিজ্ঞপ্তি প্রকাশিত হতে চলেছে। সেগুলির দিকে সর্বদা সতর্ক থাকুন।

যোগ্যতা অনুযায়ী প্রস্তুতি শুরু করুন : এই সুযোগের পুরোপুরি সদ্ব্যবহার করতে আপনার শিক্ষাগত যোগ্যতা অনুযায়ী প্রস্তুতি (যেমন- WBPSC, WBSSC, বা WBP পরীক্ষার সিলেবাস) এখন থেকেই শুরু করে দিন। প্রাতিষ্ঠানিক গাইডেন্স দ্রুত সাফল্য পেতে সাহায্য করে।

বয়সের ছাড়ের সুবিধা নিন : বয়সের উর্ধ্বসীমার ক্ষেত্রে বর্তমানে অতিরিক্ত ৫ বছরের ছাড় দেওয়া হয়েছে। তাই আপনি নির্দিষ্ট বয়সসীমা পেরিয়ে গেলেও আবেদনের সুযোগ পাবেন।

সংরক্ষিত ও সাধারণ — উভয় আসনেই লড়ুন : ৩৩% সংরক্ষিত আসনটি মহিলাদের জন্য নির্দিষ্ট থাকলেও, মেধার জোরে আপনি জেনারেল (General) বা সাধারণ ক্যাটাগরির শূন্যপদেও যোগ্যতার ভিত্তিতে লড়াই করতে পারবেন।

এসএসসি সিজিএল, ডব্লু.বি.সি.এস., এস.এস.সি., রেল, ব্যাঙ্ক, ইউ.পি.এস.সি.-সহ রাজ্য ও কেন্দ্রের অন্যান্য চাকরির পরীক্ষাতেও কীভাবে প্রস্তুতি নেবেন তা জানতে নির্দ্বিধায় ফোন করুন এই হেল্প লাইনে : 6292190230.

## রাজ্যের ১১৮টি কোম্পানিতে

# ৪৬,৩২২ পদে চাকরি

## শুরুতেই মাইনে মাসে ১৫ হাজার টাকা

পারমিতা মিত্র, সল্টলেক : কলকাতার প্রথম সারির ৬০টি কোম্পানি ও সারা রাজ্যে আরো ৫৮টি কোম্পানি মিলিয়ে মোট ১১৮টি প্রতিষ্ঠানে, হিউম্যান রিসোর্স (HR) বিভাগে 'এক্সিকিউটিভ' পদে ৪৬,৩২২ জন ছেলেমেয়ে নেবে। গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েরা আবেদনের জন্য যোগ্য। বয়স হতে হবে ৩১.০৭.২০২৬ তারিখের হিসাবে ৩০ বছরের মধ্যে। মাইনে মাসে ১২,০০০/- — ১৫,০০০/- টাকা পর্যন্ত। প্রার্থী বাছাই করা হবে ট্রেনিংয়ের মাধ্যমে। ঠিক কী ধরনের ট্রেনিং নেওয়া থাকলে ৬ মাসের মধ্যেই অতি দ্রুত এই ধরনের চাকরি পাবেন, তা জানতে আমরা কথা বলেছিলাম রাজ্যের প্রথম সারির আউটসোর্সিং সংস্থা 'ডিসান টেকনোলজি প্রাইভেট লিমিটেড'এর সঙ্গে। সংস্থার CEO ও প্রতিষ্ঠাতা অর্ঘ্য দত্ত জানালেন, "দেখুন, সারা বছর ধরে প্রতিটি সংস্থায় এই বিভাগেই সবচেয়ে বেশি স্কিলড ছেলেমেয়ের প্রয়োজন হয়। অর্থাৎ, ৩০ বছর বয়সী সাধারণ মানের গ্র্যাজুয়েট, ঠিকঠাক মতো জায়গা থেকে হিউম্যান রিসোর্স ট্রেনিং নিলে প্রথম সারির যেকোনো কোম্পানিতে তার 'স্বপ্নের কেরিয়ার' খুব সহজেই তৈরি করতে পারবে। ভালো জায়গা থেকে এই ট্রেনিং নেওয়া থাকলে, শুরুতেই প্যাকেজ হয় বছরে ১,৮০,০০০/- থেকে ২,১৬,০০০/- টাকা — যা অন্য কোনো ডিপার্টমেন্টে যোগ দিলে পাওয়া যায় না। সারা দেশের কয়েক হাজার কোম্পানিতে সবথেকে বেশি স্কিলড লোক নিয়োগ হয় এই পদে। আমাদের এখান থেকেই এই বিভাগে গত ৬ মাসে চাকরি হয়েছে প্রায় ২,৭৭৮ জনের। আজকের যুগে দাঁড়িয়ে এমন কোনো কোম্পানি নেই যেখানে HR Executive লাগে না। উদাহরণ হিসাবে বলা যায়, আমাদের রাজ্যেই প্রত্যেক মাসে কয়েকশো কোম্পানিতে HR ডিপার্টমেন্টে কয়েক হাজার ছেলেমেয়ের চাকরি হচ্ছে। অথচ আশ্চর্য এই যে, এখনও অনেক বেকার ছেলেমেয়েই এই বিষয়ে কিছুই জানে না। রাজ্যের Labour Bureau Association এর থেকে পাওয়া গত ১ বছরের ডেটা অ্যানালিসিস করে দেখা গেছে, যে যদি কোনো ছেলেমেয়ে ঠিকঠাক মতো জায়গা থেকে এই ট্রেনিং খুব মন দিয়ে শেখে, তাহলে রাজ্যের তথা দেশের নামিদামি কোম্পানিতে ৬ মাসের মধ্যেই ভালো মাইনের চাকরি পাবেই।"

যেকোনো শাখায় গ্র্যাজুয়েশন পাশ করা ছেলেমেয়েরা খুব সহজে এই ধরনের ট্রেনিং নিতে পারবেন। এই বিভাগে প্রত্যেক সপ্তাহে কলকাতার ৮০ থেকে ১০০টি কোম্পানিতে কয়েকশো ছেলেমেয়ের চাকরি হচ্ছে। এই পেশা বেছে নিতে হলে কোথা থেকে ট্রেনিং নিতে হবে? উত্তরে CEO জানালেন, 'রাজ্যের মধ্যে এখন এই ট্রেনিংয়ের জন্য ডিসান অ্যাকাডেমির নাম সবথেকে ওপরে। কারণ : (১) একমাত্র এখানেই এই বিভাগের এন্ট্রি লেভেল নিয়োগ তথা, **Talent Acquisition (HR)** পদের জন্য আলাদাভাবে ট্রেনিং দেওয়া হয়। (২) এই ট্রেনিং দেওয়া হয় ২টি পর্যায়ে— প্রথমে ৩ মাসের বেসিক ট্রেনিং, তারপর যাঁরা আরো ভালো মাইনের (পে-প্যাকেজ) চাকরি চায়, তাঁদের জন্য আছে ৬ মাসের 'স্পেশাল প্রফেশনাল ট্রেনিং' — এই ধরনের ২ পর্যায়ের ট্রেনিং আর কোথাও ভাবাই যায় না। (৩) একমাত্র এখানেই ট্রেনিং দেওয়ার পর রাজ্যের প্রথম সারির কোম্পানিতে ইন্টার্নশিপ করানো হয়। এইসময় ছেলেমেয়েদের স্টাইপেন্ড হিসাবে মাসে ১০,০০০ থেকে ১২,০০০ টাকা দেওয়া হয়। (৪) এই সংস্থার সঙ্গে দেশের ও রাজ্যের প্রথম সারির সব কোম্পানির এমনভাবে স্ট্র্যাটেজিক টাই আপ করা আছে যে, এখান থেকে ইন্টার্নশিপ শেষ হলে চাকরির জন্য কেউ বসে থাকে না। ৩ মাসের বেসিক ট্রেনিং করার পর নিয়োগ হয় **'Talent Acquisition (HR)'** পদে। তখন শুরুতেই মাইনে হয় মাসে ১২,০০০ থেকে ১৫,০০০ টাকা। আর ৬ মাসের প্রফেশনাল ট্রেনিং নিলে **'HR Executive'** (স্যালারি মাসে ১৫,০০০ থেকে ১৮,০০০ টাকা) এমনকি সরাসরি **'HR Manager'** (স্যালারি মাসে ২০,০০০ থেকে ২৫,০০০ টাকা) পদেও অনেকের চাকরি হয়। (৫) এখানকার এই ট্রেনিংয়ের ইন্ডাস্ট্রিতে কতটা কদর, তা একটা উদাহরণ দিলেই খুব সহজেই বোঝা যাবে। এখানকার ট্রেনি **অর্পিতা নস্করের** কথাই ধরা যাক। সাধারণ গ্র্যাজুয়েট। হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট (HR) ট্রেনিং নেওয়ার জন্য এই প্রতিষ্ঠানে ঠিক ৭ মাস আগে ভর্তি হয়। কোনো ইন্টার্নশিপ না করেই, আজকে মাসে ১৮,০০০টাকা মাইনের চাকরি করছে সে। ৬ মাস পরে তার পে-প্যাকেজ হবে মাসে ২৫,০০০ টাকা - ৩০,০০০ টাকা। অর্থাৎ, এখানকার ট্রেনিং নিলে, তার কেরিয়ার যে খুব ভালোভাবে শুরু হবে — তা একপ্রকার সুনিশ্চিত। (৬) এই ট্রেনিংয়ের অত্যন্ত গুরুত্বপূর্ণ ফিচার যেমন ইন্টারভিউ নেওয়া, ওয়ার্কফোর্স ম্যানেজমেন্ট টেকনিক, এমপ্লয়ি পারফরম্যান্স ম্যানেজমেন্ট, অ্যাটেনডেন্স ম্যানেজমেন্ট, সিলেকশন অ্যান্ড রিক্রুটমেন্ট ম্যানেজমেন্ট, পারফরম্যান্স অ্যান্ড কমপেনশেসন ম্যানেজমেন্ট-এর ওপর আলাদাভাবে ক্লাস নেওয়া হয়। ফলে এখানকার ছেলেমেয়েরা কেরিয়ারের শুরুতেই ইন্ডাস্ট্রির সেরা MNC কোম্পানি থেকে আলাদাভাবে অফার পায় — যা অন্য কোথাও ভাবাই যায় না। (৭) এছাড়াও, আমাদের ট্রেনিংয়ে **ESI, PF, Gratuity** ও **Updated Labour Laws**-এর ওপর আলাদাভাবে সেশন নেওয়া হয় — যাতে এখানকার ছেলেমেয়েরা এইসব ব্যাপারে খুবই দক্ষ থাকে — যা তাঁদেরকে প্রথম সারির যেকোনো বহুজাতিক সংস্থার ইন্টারভিউ ক্র্যাক করতে সাহায্য করবে। ফলে প্রথম থেকেই তাঁদের কাছে ভালো পে-প্যাকেজ পাওয়ার সুযোগ থাকবে। অর্থাৎ এখান থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পায়, তা নিশ্চিত করা হয়। তাই এখানে অনেকেই ট্রেনিং শেষে একসঙ্গে ২-৩টি চাকরি অ্যাপয়েন্টমেন্ট লেটার হাতে পায়। (৮) এখানে সেরা সেরা HR Manager-রাই ফ্যাকাল্টি বা মেন্টর হিসাবে আছেন, যাতে এখানকার ছেলেমেয়েরা সবথেকে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনিং পায়। (৯) হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্টে ইন্ডাস্ট্রির সেরা সেরা এক্সপার্টরাই এখানকার কোর্স মডিউল তৈরি করে। এই আপডেটেড মডিউলে নিজেদেরকে ট্রেইন্ড করে এখানকার ছেলেমেয়েরা **HR Executive** হিসাবে ইন্ডাস্ট্রিতে নিজেদেরকে খুব সহজেই প্রতিষ্ঠিত করতে পারে। (১০) একমাত্র এখানেই 'Work on Live Projects' করানো হয় — যা চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের 'অ্যাকসেপটেন্স' অনেকটাই বাড়িয়ে দেয়। (১১) এখানে স্পেশালাইজড ডেমো ক্লাসের ব্যবস্থা আছে। যা বহুজাতিক কোম্পানিগুলিতে ইন্টারভিউ দেওয়ার সময় বিশেষভাবে কাজে লাগে। (১২) এখানকার কোর্স ফি ইন্ডাস্ট্রির মধ্যে সবথেকে কম। এছাড়াও মাসিক ইনস্টলমেন্টের ব্যবস্থা আছে। (১৩) একমাত্র এখানেই কোর্স ফি-র ওপর (পুরোটা একসাথে জমা দিলে) ৪০% স্কলারশিপের ব্যবস্থা আছে— যা অন্য কোথাও নেই। তবে এই স্কলারশিপ শুধুমাত্র এই ট্রেনিংয়ের জন্য ভর্তি হওয়া প্রথম ৫ জনের জন্যই প্রযোজ্য। আর মনে রাখতে হবে, রেজিস্ট্রেশন ফি জমা দেওয়ার ৫দিনের মধ্যে কোর্স ফি জমা না দিলে রেজিস্ট্রেশন ও অ্যাডমিশন দুটোই বাতিল হবে। তাই গ্র্যাজুয়েশন (বয়স ৩০ বছরের মধ্যে) পাশ করে ঘরে বসে না থেকে এই রাজ্যেই মাসে ভালো পে-প্যাকেজ অর্থাৎ ১৫,০০০ থেকে ২০,০০০ টাকা মাইনের চাকরি পেয়ে ৬ মাসের মধ্যে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে আজই যোগাযোগ করুন এই নম্বরে- **9429691888** অথবা চলে আসুন এই ঠিকানায় — **Desun Academy, Ambuja Neotia Eco Station, BP Block (11th Floor), Salt Lake, Kolkata, West Bengal 700091.**

**পূর্ব ভারতের অন্যতম সেরা এই প্রতিষ্ঠান থেকে ৬ মাসের ট্রেনিংয়ে বছরে ১,৪৪,০০০ টাকা থেকে ১,৮০,০০০ টাকা মাইনের গ্যারান্টিড চাকরি। প্রতি ৬ মাস অন্তর এখান থেকে চাকরি পাচ্ছেন ৫০০ থেকে ৮০০ জন।**

ভর্তি চলছে

# BNG

## Hotel Management Institute, Kolkata

### হোটেল ম্যানেজমেন্ট



| Courses | Total FEE | Fee Payable after Scholarship |
|---|---|---|
| 3 Years Course | ~~2,50,000~~ | 1,90,000/- |
| 2 Years Diploma | ~~1,00,000~~ | 80,000/- |
| 1 Year Diploma | ~~50,000/-~~ | 35,000/- |
| 6 months | ~~25,000/-~~ | 23,000/- |
| Learn & Earn ( 1 Year) | ~~50,000/-~~ | 25,000/- |

100% PLACEMENT ASSURED

**Residential Campus** - Hostel for boys & girls, Canteen Facility, Well Equipped Labs, Modern Infrastructure, Sports, **Cricket**, **Football**, Indoor Games, Game Zone, etc

আসন সীমিত
যোগাযোগ করুন :
9830796307
9674062259

ট্রেনিং এবং প্লেসমেন্ট সহায়তা
দুবাই, কাতার, মরিশাস, সিঙ্গাপুর, মালয়েশিয়া, আমেরিকা, জার্মানি ইত্যাদি।

Our Recruiters .....

Scan this QR Code for Admission

Follow us @

Bring this Cutout to avail Scholarship Code :BNG#2026

BNG
HOTEL MANAGEMENT INSTITUTE
The Power House of Hospitality

ক্যাম্পাস : সেক্টর V - সল্টলেক ও নিউ টাউন ব্রিজের কাছে, বাস স্টপ- কোল ভবন।

City Office : 32 Dr L.M.Bhattacharya Road, Kolkata- 700014 ( Near Moulali) 10 mins from Sealdah Station

W : www.bngkolkata.com | E: bngkolkata@yahoo.com | P: +91 98307 96307 | Toll Free No.: 1800 891 1508

## ডিজিটাল মার্কেটিংয়ে ৬৫,২২২ চাকরি

১ পাতার পর

ডিজিটাল মার্কেটিংয়ে দক্ষ-তাঁদেরকে। একই অবস্থা Infosys (শেষ ৩ মাসে এই বিভাগে ১০,৫০৭ জন), HCL-(শেষ ৩ মাসে এই বিভাগে ৭,০১১ জন), TechMahindra (শেষ ৩ মাসে এই বিভাগে ৫,৩৩৮ জন) আর Wipro (শেষ ৩ মাসে এই বিভাগে ৩,৭২২ জন) -কে চাকরি দিয়েছে। এখানেই শেষ নয়। লেবার ওয়েলফেয়ার মিনিস্ট্রির গত ৩ মাসের ডেটাবেস অ্যানালিসিস করে দেখা গেছে দেশের প্রথম সারির ২০০টির ওপর আইটি ও সফটওয়্যার রিলেটেড কোম্পানিতে যে নিয়োগ হয়েছে তার প্রায় দ্বিগুণ নিয়োগ হবে সামনের ৬ থেকে ৯ মাসে। একথা নিশ্চিতভাবে বলা যায় যে জুন থেকে ডিসেম্বরের মধ্যে কমবেশি রাজ্যের প্রায় ১৬০টির ওপর আইটি কোম্পানিতে ৬৫,২২২ জন 'ডিজিটাল প্রফেশনালস' এর নিয়োগ হবে। যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ করলে আবেদন করতে পারেন। গ্র্যাজুয়েটরাও আবেদনের জন্য যোগ্য। কীভাবে এই নিয়োগ হবে। এ ব্যাপারে আমরা যোগাযোগ করেছিলাম দেশ তথা রাজ্যের অন্যতম সেরা স্কিলড প্রফেশনাল এডুকেশন ইনস্টিটিউশন NIHT-র ডিজিটাল প্রোগ্রামের হেড অফ দ্যা ডিপার্টমেন্ট অংশুমান শেঠ-এর কাছে। অংশুমানের মতে, "একথা একদম সত্যি যে আজকের দিনে দাঁড়িয়ে স্কিলড প্রফেশনালস ছাড়া কোনো চাকরি নেই। অর্থাৎ এখন ডিগ্রি নয়। স্কিলের দরকার। তাই রিক্রুটারদের কাছে স্কিলড কর্মী সবচেয়ে বেশি গুরুত্ব পায়। যদি আপনার ভেতরে ঠিকঠাক স্কিল থাকে, তাহলে বড় বড় কোম্পানি আপনাকে ঘরে এসে চাকরি দিয়ে যাবে। আর যদি তা না থাকে, তাহলে আপনি যতই ট্যালেন্টেড হোন না কেন, কোথাও আপনি চাকরি পাবেন না। একটা জিনিস প্রথমেই পরিষ্কার বলা ভালো। ইন্টারভিউ বোর্ডে একমাত্র বন্ধু হতে পারে আপনার ভেতরের স্কিলড অ্যাটিচিউড—যা অন্য অনেকের থেকে চাকরি পেতে আপনাকে অনেকটাই এগিয়ে রাখবে। কেউ আপনাকে কোনো সুযোগ দেবে না। আপনাকে নিজেকেই সুযোগ তৈরি করে নিতে হবে। এখন আপনি ভাবতেই পারেন— কোম্পানিগুলির কাছে কেন স্কিলড প্রফেশনালস এর এত চাহিদা? কারণ কোনো কোম্পানি এখন আর ট্রেনিং দেওয়ার জন্য আলাদাভাবে খরচ করতে চায় না। তারা চায় তাদের চাহিদা মতো স্কিলড প্রফেশনালস — যে একসাথে একাধিক ডিপার্টমেন্ট সামলাতে পারবে। সোজা বাংলায়, কোম্পানি যে ক্যান্ডিডেট-এর মধ্যে এই গুন দেখতে পাবে, তাকেই সিলেক্ট করবে। অর্থাৎ, বেসিক কোয়ালিফিকেশন নয়, চাকরি পেতে গেলে এখন লাগবে কাস্টমাইজড স্কিলড কোয়ালিফিকেশন।" ঠিক কোথা থেকে এই ধরনের ট্রেনিং পাব? উত্তরে এইচওডি জানালেন, 'আমাদের রাজ্যে ডিজিটাল স্কিলস ডেভেলপমেন্ট ট্রেনিং প্রোভাইডর অনেকেই আছে। কিন্তু খুব কম সংখ্যক ইনস্টিটিউশন, এমপ্লয়ারের চাহিদা অনুযায়ী কাস্টমাইজড ট্রেনিং দেয়। আর ঠিক এইখানেই NIHT-র গুরুত্ব। এখানে শুধুমাত্র কোর্স করানো হয় না — কেরিয়ার তৈরি করা হয়।' এখানে ট্রেনিং নিতে হলে বেসিক কোয়ালিফিকেশন কী থাকা দরকার? যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক বা গ্র্যাজুয়েশন পাশ ছেলেমেয়েরা এখানকার ডিজিটাল জব ওরিয়েন্টেড ট্রেনিং নিতে পারবে। ২৫০টির বেশি কোম্পানি ডিজিটাল গ্রোথ বাড়াতে এই কোম্পানিকে নিয়োগ করে। ফলে স্বভাবতই এখানকার ছেলেমেয়েরা ওইসব কোম্পানিতে ভালো পে-প্যাকেজে প্লেসড হয়।

> **পূর্ব ভারতের অন্যতম সেরা প্রতিষ্ঠান যেখানে ৬ মাসের ট্রেনিংয়ে বছরে ৩,৬০,০০০ টাকা মাইনের গ্যারান্টিড চাকরি হচ্ছে। এখনো পর্যন্ত এখান থেকে চাকরি পেয়েছে ৬৫,০০০ জনেরও বেশি**

**এখানকার ট্রেনিং অন্যদের থেকে আলাদা কোথায়?**

উত্তরে কোম্পানির চিফ অপারেটিং অফিসার প্রসিত পাল জানালেন, "(১) এখানে শুধুমাত্র ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড ট্রেনিং দেওয়া-ই হয় না, এমপ্লয়ারের চাহিদা মতো প্রার্থীকে 'ট্রেনড প্রফেশনালস' হিসাবে তৈরি করে দেওয়া হয়। যাতে যেকোনো বড় কোম্পানিতে ভালো পে-প্যাকেজে সে তার কেরিয়ার শুরু করতে পারে। (২) এখানে রয়েছে ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড স্পেশাল ট্রেনিং মডিউল তথা Master Program in Digital Marketing — যা এখন দেশের মধ্যে অন্যতম ইউনিক ও ফিউচার-রেডি প্রোগ্রাম। এখানে Website Ranking, Organic Growth Strategy র পাশাপাশি শেখানো হয় Google Ads, Meta Ads আর YouTube Ads — যাতে এখানকার ট্রেনিরা খুব সহজেই বিভিন্ন প্ল্যাটফর্মের উপযোগী কন্টেন্ট বানাতে পারেন। (৩) এই স্পেশাল ট্রেনিং মডিউল (Master Program in Digital Marketing) অন্যদের থেকে অনেকটাই আলাদা। এখানে 'মাল্টিপারপাস স্কিলড প্রফেশনালস' হিসাবে ট্রেনিদের তৈরি করা হয়। অর্থাৎ, একমাত্র আমাদের এখানেই ট্রেনিরা একসাথে ৩টি বিষয় ট্রেনিং নিতে পারে — (A) Digital Marketing, (B) Content Creation (Graphics+Video Editing) ও (C) GenAI / Automation Expert. আর কোথাও এই সুবিধা নেই। ফলে স্বভাবতই এখান থেকে যাঁরা ট্রেনিং নেন, তাঁরা ন্যূনতম ৩ গুণ বেশি ভালো প্রোডাক্টিভিটি দেয়— যা যেকোনো ভালো MNC কোম্পানিতে, শুরুতেই ভালো পে-প্যাকেজ নিয়ে, তাঁদের কেরিয়ার শুরু করতে সাহায্য করে। (৪) এই প্রতিষ্ঠানের অন্যতম একটি গুরুত্বপূর্ণ দিক হল — এটি শুধুমাত্র Google ও Meta'র পার্টনার প্রতিষ্ঠানই নয় — এখানে ছেলেমেয়েদের শেখানো হয় সম্পূর্ণ প্র্যাকটিক্যাল-বেসড ডিজিটাল মার্কেটিং — ঠিক যেভাবে একটি লাইভ ডিজিটাল মার্কেটিং এজেন্সি বাস্তবে কাজ করে। (৫) এখানকার ডিজিটাল প্রোগ্রামের সবচেয়ে বড় শক্তি হল Generative AI ও Agentic AI। এখানে ট্রেনিরা বিভিন্ন AI Tools ব্যবহার করে কনটেন্ট আইডিয়া জেনারেশন, কপি রাইটিং, অটোমেশন ও ডাটা অ্যানালাইসিস শেখে — যা বড় বড় MNC কোম্পানিতে ইন্টারভিউ ক্র্যাক করার সময় বিশেষভাবে কাজে লাগে। (৬) এটি একমাত্র প্রতিষ্ঠান যেখানে AI Integrated Digital Marketing শেখানো হয়। এছাড়াও, এখানকার ট্রেনিদের হাই-কোয়ালিটি ভিডিও কনটেন্ট মেকিং ও প্রফেশনাল মানের Instagram Reels ও YouTube Shorts বানানোর টেকনিক এমনভাবে শেখানো হয় — যা চাকরির বাজারে তাদের গুরুত্ব অনেকটাই বাড়িয়ে দেয়। (৭) রাজ্যের মধ্যে একমাত্র এখানেই ট্রেনিদের দেওয়া হয় Live Website Hosting Environment, যেখানে তারা নিজেরাই ওয়েবসাইট তৈরি করে, হাতে-কলমে কাজ করে আর বাস্তবভাবে Website Ranking Strategy, Google Tag Manager সেট-আপ, Facebook Pixel ও Conversion Tracking-এর মতো লাইভ ইন্ডাস্ট্রিয়াল টুল ব্যবহার করা শেখে — যা চাকরির বাজারে এখানকার ট্রেনিদের খুব ভালো মাইলেজ দেয়। (৮) একমাত্র এখানেই AI Agent কীভাবে তৈরি করা হয় তা শেখানো হয়— যা যেকোনো কোম্পানির কাছেই খুবই আকর্ষণীয়। কারণ আজকের দিনে দাঁড়িয়ে— 'AI Agent ক্রিয়েশন'— চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের গুরুত্ব কয়েকশো গুন বাড়িয়ে দেবে। ফলে তারা খুব সহজেই নিজের মনের মতো পে প্যাকেজ পেতে পারে। (৯) এছাড়াও এখানে রয়েছে একটি State-of-the-Art Studio, যেখানে ট্রেনিরা প্র্যাকটিক্যালভাবে কনটেন্ট তৈরি করতে পারে, 'লাইভ পডকাস্ট শুট' করতে পারে ও 'রিয়েল ইন্ডাস্ট্রি শুটে' অংশ নিয়ে বাস্তব অভিজ্ঞতা অর্জন করে। ফলে এখানকার ছেলেমেয়েরা ডিজিটাল মার্কেটিংয়ের পাশাপাশি কনটেন্ট প্রোডাকশন ও ব্র্যান্ড কমিউনিকেশনের বাস্তব ধারণা পায় - যা অন্য কোথাও হয় না। (১০) এখানে ট্রেনিং-এর সময় এখানকার ছেলেমেয়েরা নিজের Digital Properties-যেমন ওয়েবসাইট, ক্যাম্পেইন, কনটেন্ট ও অটোমেশন সিস্টেম তৈরি করতে পারে — যা সে ইন্টারভিউয়ের সময় 'লাইভ প্রজেক্ট' হিসেবে দেখাতে পারে — যা রাজ্যের অন্য কোনো প্রতিষ্ঠানে নেই।

**এখানকার ট্রেনিং নিলে ঠিক কী ধরনের মাইনে শুরুতেই পাওয়া যাবে?**

মার্কেটিং, অ্যাডভার্টাইজিং, ফ্র্যাঞ্চাইজিং ও ডিজিটাল মার্কেটিং ডোমেন-এর ২৫ বছরের অভিজ্ঞতা সম্পন্ন এই প্রতিষ্ঠানের এইচওডি অংশুমান শেঠ বললেন, "দেখুন আমাদের এখানে ইন্ডাস্ট্রি সেরা সেরা অভিজ্ঞ ট্রেনারদের দিয়ে বাস্তবসম্মতভাবে ছেলেমেয়েদের এমনভাবে তৈরি করে দেওয়া হয় — যাতে তারা দেশের যেকোনো বড় প্রতিষ্ঠানে যেকোনো সময় ইন্টারভিউ ক্র্যাক করতে পারবেই। এখানকার ছেলেমেয়েদের একটি বিশেষ গুণ ডেভেলপ করানো হয়। তাই খুব সহজেই মধ্যমানের মেধা নিয়ে একজন উচ্চমাধ্যমিক পাশ ছেলে-মেয়ে শুধুমাত্র এখানে ট্রেনিং নিয়ে, বছরে ৩,৬০,০০০ টাকা আকর্ষনীয় পে-প্যাকেজ পায়।" সাধারণ মানের উচ্চমাধ্যমিক বা গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েরা শুধুমাত্র এখানকার ট্রেনিং নিয়ে কিভাবে মাসে ৩০,০০০ টাকা স্যালারি পেতে পারে তা জানতে আজই যোগাযোগ করুন এই নম্বরে : 9830501515 / 9903622993 অথবা সরাসরি চলে আসুন এই ঠিকানায় : NIHT, Bhowanipore Campus, 1st Floor, 16C, Ashutosh Mukherjee Road, Near Home Land Mall, Kolkata - 700 020 বা NIHT, Ultadanga Campus, 3rd Floor, 161/1, CIT Road, CIT Scheme VII M, Scheme 7, Kolkata - 700 054.

## প্যারামেডিকেল ও অ্যালায়েড হেলথ কেয়ার কোর্সগুলি এবার থেকে কেন্দ্রীয়ভাবে নিয়ন্ত্রণ করা হবে

শিক্ষার্থীদের জন্য বিজ্ঞপ্তি: অ্যালাইড ও হেলথ্কেয়ার কোর্সের ক্ষেত্রে বাধ্যতামূলক নিয়ন্ত্রণমূলক পরিবর্তন। ভারত সরকার প্যারামেডিক্যাল এবং অ্যালাইড হেলথকেয়ার শিক্ষার ক্ষেত্রে একটি বড় ধরনের নিয়ন্ত্রণমূলক সংস্কার বাস্তবায়ন করতে চলেছে। ২০২৬-২৭ শিক্ষাবর্ষ থেকে, সারা ভারতের সমস্ত অ্যালাইড হেলথকেয়ার কোর্স কঠোরভাবে 'ন্যাশনাল কমিশন ফর অ্যালাইড অ্যান্ড হেলথকেয়ার প্রফেশনস' (NCAHP)-এর বিধিবদ্ধ কাঠামোর অধীনে পরিচালিত হবে। কাঠামোগত প্রধান পরিবর্তনসমূহ: এই পরিবর্তনের ফলে কোর্স পরিচালনা এবং যোগ্যতার মানদণ্ডে তাৎক্ষণিক ও আইনত বাধ্যতামূলক কিছু পরিবর্তন আসছে: "প্যারামেডিক্যাল" পরিভাষা বাতিল: জাতীয় ও আন্তর্জাতিক মানের সাথে সামঞ্জস্য রেখে "প্যারামেডিক্যাল" শব্দটির পরিবর্তে আনুষ্ঠানিকভাবে "অ্যালাইড অ্যান্ড হেলথকেয়ার প্রফেশনস" (AHP) পরিভাষাটি ব্যবহার করা হবে। শুধুমাত্র বিশ্ববিদ্যালয়ের এখতিয়ার: ২০২৬-২৭ শিক্ষাবর্ষ থেকে ডিপ্লোমা, স্নাতক (UG) এবং স্নাতকোত্তর (PG) কোর্সগুলি শুধুমাত্র দেশের স্বীকৃত ও অধিভুক্ত বিশ্ববিদ্যালয়গুলোর মাধ্যমেই পরিচালিত হবে। স্বতন্ত্র বেসরকারি প্রতিষ্ঠান বা অ-অধিভুক্ত কোনো সংস্থাকে আর স্বাধীনভাবে এই যোগ্যতা বা ডিগ্রি প্রদানের অনুমতি দেওয়া হবে না। জাতীয় মানদণ্ড নির্ধারণ: দক্ষতা-ভিত্তিক মানসম্মত পাঠ্যক্রম, নির্দিষ্ট কোর্সের সময়সীমা এবং সুনির্দিষ্ট সেমিস্টার কাঠামো সমস্ত রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে (UTs) একইভাবে কার্যকর হবে। রাজ্যগুলোর জন্য নির্দেশনা পালন: NCAHP আনুষ্ঠানিকভাবে সমস্ত রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের সংশ্লিষ্ট স্বাস্থ্য ও শিক্ষা মন্ত্রণালয়কে নির্দেশ দিয়েছে যেন তারা আসন্ন ২০২৬-২৭ ব্যাচের জন্য এই নির্দেশিকাগুলো কঠোরভাবে গ্রহণ ও কার্যকর করে। আগ্রহী শিক্ষার্থীদের জন্য জরুরি পরামর্শ: অ্যালাইড ও হেলথকেয়ার শাখায় (যেমন-ফিজিওথেরাপি, রেডিওলজি, মেডিকেল ল্যাবরেটরি টেকনোলজি এবং অপটোমেট্রি) ভর্তির ইচ্ছুক শিক্ষার্থীদের ভর্তির আগে নিম্নলিখিত বিষয়গুলো যাচাই করে নিতে হবে: ১. বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি যাচাই করুন: নিশ্চিত করুন যে আপনার নির্বাচিত প্রতিষ্ঠানটি তাদের হেলথকেয়ার প্রোগ্রামগুলো কঠোরভাবে NCAHP-অনুমোদিত কোনো স্বীকৃত কেন্দ্রীয়, রাজ্য বা বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সরাসরি পাঠ্যক্রম অনুযায়ী পরিচালনা করছে। স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের কাঠামোর বাইরে অর্জিত যোগ্যতা বা ডিগ্রি পেশাগত কর্মসংস্থান বা উচ্চশিক্ষার জন্য আইনত বৈধ নাও হতে পারে।

## রেলে ৬,৫৫৭ টেকনিশিয়ান

১ পাতার পর

কম্পিউটার সায়েন্স, ইনফর্মেশন টেকনোলজি বা, ইন্সট্রুমেন্টেশনের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। ইলেক্ট্রনিক্স, কম্পিউটার সায়েন্স, ইনফর্মেশন টেকনোলজি বা, ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি বা, ডিপ্লোমা কোর্স পাশরাও যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩৩ বছরের মধ্যে। দৃষ্টিশক্তি হতে হবে B-1. মূল মাইনে লেভেল ৫ অনুযায়ী। শূন্যপদ : ৩২৩টি।

টেকনিশিয়ান গ্রেড-।।। : মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে সংশ্লিষ্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ কিংবা সংশ্লিষ্ট ট্রেডে অ্যাপ্রেন্টিস ট্রেনিং করে থাকলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। দৃষ্টিশক্তি হতে হবে B-1. মূল মাইনে লেভেল ২ অনুযায়ী। শূন্যপদ : ৬,২৩৪টি। কোন কোন ক্যাটেগরিতে ক'টি শূন্যপদ তা মূল বিজ্ঞপ্তিতে পাবেন।

ওপরের সব পদের বেলায় বয়স হতে হবে ১-৭-২০২৬'এর হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি'রা ৩ বছর, বিধবা, বিবাহ-বিচিছন্না মহিলারা পুনর্বিবাহ না করলে ৩৫ (তপশিলী হলে ৪০, ও.বি.সি. হলে ৩৮) বছর বয়স পর্যন্ত, প্রতিবন্ধী আর রেলের কর্মী ও প্রাক্তন সমরকর্মী আর অ্যাপ্রেন্টিস ট্রেনিংপ্রাপ্তরা যথারীতি বয়সে ছাড় পাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : CEN No. : 02/2026.

প্রার্থী বাছাই পরীক্ষা : সব রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায়ই প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে কম্পিউটার বেসড টেস্ট (সি.বি.টি.-।) হবে। তাতে সফল হলে সার্টিফিকেট ভেরিফিকেশন ও ডাক্তারি পরীক্ষা।

টেকনিশিয়ান গ্রেড-। সিগন্যাল পদের বেলায় ৯০ মিনিটের ১০০ নম্বরের ১০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল অ্যাওয়ারনেস -১০ নম্বরের ১০টি প্রশ্ন, (খ) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং-১৫ নম্বরের ১৫টি প্রশ্ন, (গ) বেসিক কম্পিউটার অ্যান্ড অ্যাপ্লিকেশন -২০ নম্বরের ২০টি প্রশ্ন, (ঘ) অঙ্ক -২০ নম্বরের ২০টি প্রশ্ন, (ঙ) বেসিক সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং-৩৫ নম্বরের ৩৫টি প্রশ্ন।

টেকনিশিয়ান গ্রেড-।।। পদের বেলায় ৯০ মিনিটের ১০০ নম্বরের ১০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) অঙ্ক -২৫ নম্বরের ২৫টি প্রশ্ন, (খ) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং-২৫ নম্বরের ২৫টি প্রশ্ন, (গ) জেনারেল সায়েন্স - ৪০ নম্বরের ৪০টি প্রশ্ন, (ঘ) জেনারেল অ্যাওয়ারনেস - ১০ নম্বরের ১০টি প্রশ্ন। নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ৩০ জুন থেকে ২৯ জুলাইয়ের মধ্যে। যিনি যে রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডে দরখাস্ত করতে চান, সেই রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের ওয়েবসাইটে দরখাস্ত করবেন। এজন্য পরীক্ষা ফী বাবদ ৫০০ (তপশিলী, প্রতিবন্ধী, মহিলা, প্রাক্তন সমরকর্মী, ট্রান্সজেন্ডার, সংখ্যালঘু, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া প্রার্থীদের বেলায় ২৫০) টাকা অনলাইনে ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। সাধারণ প্রার্থীরা 'সি.বি.টি.' পরীক্ষা দিয়ে থাকলে পরীক্ষা ফী থেকে ৪০০ টাকা আর তপশিলী, প্রাক্তন সমরকর্মী, মহিলা, ট্রান্সজেন্ডার, সংখ্যালঘু, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া প্রার্থীরা 'সি.বি.টি.' পরীক্ষা দিয়ে থাকলে ২৫০ টাকা ফেরৎ পেয়ে যাবেন (ব্যাঙ্ক চার্জ কেটে)।

কোন রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় কোন ওয়েবসাইটে দরখাস্ত করবেন : কলকাতা রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbkolkata.gov.in, মালদহ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbmalda.gov.in, শিলিগুড়ি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbsiliguri.gov.in, রাঁচি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbranchi.gov.in, পটনা রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbpatna.gov.in, গুয়াহাটি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbguwahati.gov.in, আহমেদাবাদ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbahmedabad.gov.in, আজমীর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbajmer.gov.in, বেঙ্গালুরু রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbnc.gov.in, ভোপাল রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbhopal.gov.in, ভুবনেশ্বর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbbs.gov.in, বিলাসপুর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbilaspur.gov.in, চণ্ডীগড় রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbcdg.gov.in, চেন্নাই রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbchennai.gov.in, গোরক্ষপুর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbgkp.gov.in, জম্মু-শ্রীনগর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbjammu.nic.in, মুম্বই রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbmumbai.gov.in, মজঃফরপুর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbmuzaffarpur.gov.in, সেকেন্দ্রাবাদ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbsecunderabad.gov.in, তিরুবনন্তপুরম রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbthiruvananthapuram.gov.in. প্রয়াগরাজ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbald.gov.in

# 'অ্যাকাডেমিক এক্সেলেন্স অনার ২০২৬' সম্মানে ভূষিত NCSM ফাউন্ডেশন




নিজস্ব সংবাদদাতা : শিক্ষা দক্ষতা উন্নয়ন ক্ষেত্রে অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ 'এনসিএসএম ফাউন্ডেশন'কে টিভি৯ বাংলা 'উত্তরণ — অ্যাকাডেমিক এক্সেলেন্স অনার ২০২৬' প্রদান করা হয়েছে। কলকাতায় আয়োজিত এক অনুষ্ঠানে এন.সি.এস.এম ফাউন্ডেশনের পরিচালক কুন্তল শেখর কুন্ডু এই সম্মান গ্রহণ করেন। এই সম্মান প্রসঙ্গে তিনি বলেন, 'এই স্বীকৃতি আমাদের শিক্ষা, দক্ষতা উন্নয়ন ও যুব সমাজের কর্মসংস্থানমুখী উদ্যোগকে আরো এগিয়ে নিয়ে যাওয়ার অনুপ্রেরণা দেবে।' গত ১৪ বছর ধরে এনসিএসএম ফাউন্ডেশন শিক্ষা, স্কিল ডেভেলপমেন্ট, ডিজিটাল লিটারেসি, কৃত্রিম বুদ্ধিমত্তা (AI), প্রতিযোগিতামূলক পরীক্ষার কোচিং ও কর্মসংস্থানমুখী প্রশিক্ষণের মাধ্যমে হাজার হাজার শিক্ষার্থী ও যুবক-যুবতীর উন্নয়নে কাজ করে চলেছে।


## APOLLO CARE INSTITUTE



(Affilated by : BSS, Ministry of HRD, Govt. of India)

নার্সিং শিখে একজনও বসে থাকে না

Our Courses-

- CCU (Critical care unit)
- NURSING (GNM, B.Sc. BSS)
- OT TECHNICIAN
- PHARMACY
- MONTESSORI TEACHERS TRAINING
- LAB TECHNICIAN
- POST BASIC NURSING
- PHYSIOTHERAPY

100% Placement

নগদ স্কলারশিপ প্রদান

Qualification- Madhyamik Pass

Eligible : Male / Female

সুবিধা সমূহ -
অভিজ্ঞ শিক্ষকমণ্ডলী
হাসপাতাল / নার্সিং হোমে প্রাকটিস
ইনস্টলমেন্ট ফিস
ডিজিটাল ক্লাসরুম
ফ্রি WiFi
মেডিকেল কেস
এন্ড গিফ্ট
চাকরির সুযোগ

নার্সিং-এ সুনিশ্চিত কেরিয়ার পেতে আজই আসুন

Admission : 6289592046 / 9674307928

9,20/1, Ballygunge Station Road, Kolkata- 700019


## UPSC, WBCS ও অন্য দপ্তরের বিভিন্ন কোর্সের অন্যতম সেরা প্রতিষ্ঠান কৌটিল্য সিভিল সার্ভিস অ্যাকাডেমি

নিজস্ব প্রতিনিধি : ইউপিএসসি ও ডব্লুবিসিএস পরীক্ষার ফ্রি ডেমো ক্লাস হবে ৪ ও ৬ জুলাই। অল্প সময়ে সব পেপার্স কীভাবে প্ল্যানিং করে পড়তে হবে, তা নিয়ে আলোচনা হবে। এসব সফল স্যাররা শনিবার ও রবিবারে স্টুডেন্টদের সঙ্গে দু-তিন জন মিলে গ্রুপ ডিসকাশনে টেক পার্ট করে থাকে। কেউই মাস্টারগিরি করে না— তাই পরিবেশটা দাদা-ভাই ও বন্ধুসুলভ হয়ে থাকে। এবার কৌটিল্য'র কর্ণধার রবি বাড়ই ও সোমা ঘোষ জানান, ২০২৬ সালটা সব শিক্ষিত, পরিশ্রমী ছাত্রদের প্রাপ্তির বছর। বয়স বৃদ্ধির কারণে যে সব ছাত্রছাত্রীরা হতাশ ছিল, তারা আসছে। আসলে ২০১৬ সাল থেকে ছাত্রছাত্রীরা কিছুটা হতদ্দোম হয়ে পড়েছিল। ২০২৪ সালের ডব্লুবিসিএস প্রিলি পরীক্ষায় Kautilya-র সব ছাত্রছাত্রীই ১৬০ এর বেশি করেছে। ১৪০ এর বেশি পাবে। Kautilya ডেসক্রিপটিভ ওয়েতে সাবজেক্ট পড়ায়। আর Math/GI— 'ট্রিকস' এর মাধ্যমে করানো হয়। তাই সারা বছর মেইনস এর প্রিপারেশন চলে। ২০২৬ সালে নিয়োগ হবে এইসব পদে— Motor Vehicle Inspector, Food SI, Police SI, School Inspector, LIC, ADO, AAO পদে। তাই— Kautlya কড়া হাতে চাবুক চালাচ্ছে যাতে ২০২৬-২৭ তাঁদের থেকেই ম্যাক্সিমাম স্টুডেন্ট চাকরি পায়। এই সংস্থার আর এক কর্ণধার সোমা ঘোষ জানান, দমদম ক্যান্টনমেন্ট, কলকাতা-৬৫, মেট্রো রেল নতুন হওয়ার কারণে সারা কলকাতার স্টুডেন্টরাই আসতে পারছেন সহজে ও দূর-দূরান্তের মেয়েরা হোটেলে থাকছেন ও লাইব্রেরীতে বসে ঘণ্টার পর ঘণ্টা পড়াশোনা করতে পারছেন। যোগাযোগ : কৌটিল্য সিভিল সার্ভিস অ্যাকাডেমি, দমদম ক্যান্টনমেন্ট, কলকাতা-৬৫। ফোন : 9836336298, 9836041198.


## Central Institute of Petrochemicals Engineering & Technology (CIPET-CSTS), Haldia

(Dept. of Chemicals & Petrochemicals, Ministry of Chemicals & Fertilizers, Govt. of India)
City Centre, P.O. Debhog, Haldia, Dist. Purba Medinipur, West Bengal-721 657
Email: haldia@cipet.gov.in / ltc-haldia@cipet.gov.in

### CIPET ADMISSION - 2026 (LIMITED SEAT)
DIRECT ADMISSION- CENTRE LEVEL

| Sl. No. | Name of Course | Course Duration | Entry Qualification |
|---|---|---|---|
| 1 | Diploma in Plastics Mould Technology (DPMT) | 3 Years | 10th Std. |
| 2 | Diploma in Plastics Technology (DPT) | 3 Years | 10th Std. |
| 3 | Post Graduate Diploma in Plastics Processing & Testing (PGD-PPT) | 2 Years | 3 Years Degree in Science (Passed/Appeared) |

-:CALL FOR ADMISSION:-
9002132328, 9836628455
ltc-haldia@cipet.gov.in
www.cipet.gov.in

Admission will start From 06/07/2026 and onwards

Admission in Second Year (Lateral Entry)

Last date of Registration 05/07/2026

| Sl. No. | Name of Course | Course Duration | Entry Qualification |
|---|---|---|---|
| 1 | Diploma in Plastics Mould Technology (DPMT) | 2 Years | 10+2 passed (Physics, Mathematics, Chemistry). OR 10+2 ITI passed (in any discipline). OR 10+2 Vocational passed (Physics, Mathematics, Chemistry). |
| 2 | Diploma in Plastics Technology (DPT) | | |

Scan for Registration


## ১১৩ এম.টি.এস

১ পাতার পর

যোগ্য। নেওয়া হবে এইসব ট্রেডে : ম্যাসেঞ্জার, ওয়ার্ড বয়, ফিমেল অ্যাটেন্ড্যান্ট, আয়া, ল্যাব অ্যাটেন্ড্যান্ট, ফার্মাসি অ্যাটেন্ড্যান্ট। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। মূল মাইনে : ১৮,০০০-৫৬,৯০০ টাকা। শূন্যপদ : ৪৩টি (জেনাঃ ৪, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ৯, ও.বি.সি. ২২)।

উচ্চমাধ্যমিক পাশরা ইংরিজি টাইপিংয়ে মিনিটে অন্তত ৩৫টি শব্দ তোলার গতি থাকলে 'লোয়ার ডিভিশন ক্লার্ক' পদের জন্য যোগ্য। কম্পিউটারে জ্ঞান থাকলে ভালো হয়। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ১৯,৯০০-৬৩,২০০ টাকা। শূন্যপদ : ২৬টি (জেনাঃ ১৩, তঃজাঃ৩, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৭, ই.ডব্লু.এস. ১)।

যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা 'আপার ডিভিশন ক্লার্ক' পদের জন্য যোগ্য। কম্পিউটারে জ্ঞান থাকলে ভালো হয়। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৫,৫০০-৮১,১০০ টাকা। শূন্যপদ : ৩১টি (জেনাঃ ১৫, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৮, ই.ডব্লু.এস. ২)।

মাধ্যমিক পাশরা ইংরিজি টাইপিং ও শর্টহ্যান্ডে মিনিটে অন্তত ৪০টি ও ৮০টি শব্দ তোলার গতি থাকলে 'স্টেনোগ্রাফার -III' পদের জন্য যোগ্য। কম্পিউটারে কাজ চালানোর মতো জ্ঞান থাকলে আর ডিগ্রি কোর্স পাশ হলে ভালো হয়। বয়স হতে হবে ১৮ থেকে ২৮ বছরের মধ্যে। মূল মাইনে : ২৫,৫০০-৮১,১০০ টাকা। শূন্যপদ : ৭টি (জেনাঃ ৫, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১)।

উচ্চমাধ্যমিক পাশরা ফার্মাসির ডিপ্লোমা কোর্স পাশ হলে 'ফার্মাসিস্ট' পদের জন্য যোগ্য। ফার্মাসি কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। মূল মাইনে : ২৯,২০০-৯২,৩০০ টাকা। শূন্যপদ : ৬টি (জেনাঃ ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২)। এই পদের বিজ্ঞপ্তি নং : 1/2026.

প্রার্থী বাছাই হবে অনলাইন পরীক্ষার মাধ্যমে। মোট ১০০ নম্বরের পরীক্ষা হবে। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে। দরখাস্ত করবেন অনলাইনে, ৩১ জুলাই পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.ccrum.res.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১,৩০০ (তপশিলী, প্রতিবন্ধী, ই.ডব্লু.এস. বা, মহিলা, প্রাঃসঃকঃ হলে ৮০০) টাকা অনলাইনে দিতে হবে। টাকা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে। দরখাস্ত এডিট করতে পারবেন ৩ থেকে ৫ আগস্টের মধ্যে।

## স্যানিটারি ইন্সপেক্টর কোর্স করে কেন্দ্রীয় সরকারের হেল্‌থ ইন্সপেক্টর পদে চাকরি



রাম নারায়ণ মণ্ডল

কলকাতার ইন্ডিয়ান ইন্সস্টিটিউট ফর হেলথ ট্রেনিং নতুন সেশনে অল ইন্ডিয়া ইন্সস্টিটিউট অফ লোকাল সেলফ গভর্নমেন্ট, মুম্বই অনুমোদিত ও কেন্দ্রীয় সরকার স্বীকৃত স্যানিটারি ইন্সপেক্টরের অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে। যে কোনো শাখার উচ্চমাধ্যমিক বা সমতুল কোর্স পাস ও সেই সঙ্গে কমপিউটারে বেসিক সার্টিফিকেট থাকলে আবেদন করতে পারেন। কেন্দ্রীয় সরকার স্বীকৃত এই কোর্সটি পূর্ব ভারতে একমাত্র এই প্রতিষ্ঠানে পড়ানো হয়। ১ বছরের অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্সে থিওরির পাশাপাশি হাতে কলমে প্রাকটিক্যাল ট্রেনিং দেওয়া হয়। সংস্থার প্রিন্সিপ্যাল রাম নারায়ণ মন্ডল জানান, "স্যানিটারি ইন্সপেক্টরের ডিপ্লোমা কোর্স পাস করার পর রেল, পুর নিগম, পোর্ট, হাসপাতাল সহ বিভিন্ন স্বাস্থ্য ক্ষেত্রে চাকরি হয়। এই কোর্স করে এবছর বিধাননগর পুরনিগম ও রেলে মোট ৩৬ জন চাকরি পেয়েছে। এছাড়াও চাকরি পেয়েছে কেন্দ্রীয় সরকারের এয়ারপোর্ট, ক্যান্টনমেন্ট বোর্ড ও পেট্রোপলে।" ভর্তির জন্য যোগাযোগ করুন এই ঠিকানায়: আই আই এইচ টি (IIHT), ২২৬ বি বি গাঙ্গুলি স্ট্রিট, বৌবাজার, কলকাতা ৭০০০১২। ফোন: ৯৮৩৬৩৯৬৭৩৪, ৭০০৩২২৪৪২৭, ৯৮৩১৭৭৪৫১৭, ৯০৫১২৬০৯২৪। ওয়েবসাইট: www.iiht.in


## MSME TECHNOLOGY CENTRE – KOLKATA

(Central Tool Room & Training Centre)
Ministry of MSME, Govt. of India
Bonhooghly Industrial Area ; Kolkata – 700108
E-mail : cttc-msme@gov.in • website : www.msmetoolroomkolkata.com

Ministry of Micro, Small and Medium Enterprises Government of India

CTTC — ISO 9001 : 2008, OHSAS 18001:2007, ISO 29990:2010 CERTIFIED

100% Placement

### ADMISSION OPEN

NCVET Approved NSQF Compliance Level-4 Courses

SC/ST FREE

Central Tool Room & Training Centre – Kolkata providing unique opportunity for you to work in Service Industries of different electronic companies or establish your own enterprise.

| Sl. No. | Name of Courses | Duration | Course Fee | Contact No. |
|---|---|---|---|---|
| 1. | **Technician Audio Video Systems – AV** Installation Repairing & Servicing of QLED TV (4K), LED TV, LCD TV, PLASMA TV, Blue Ray player, DVD, Home Theater, Sound Bar etc. | 510 Hrs. | 15000/- | 7003747092 8017418603 |
| 2. | **Technician Hand Held Products – HHP** Repairing & Servicing of Tablets, Smart Phone Basic Phone, Feature Phone, Smart Watches, VR (Virtual Reality) Headset etc. | 510 Hrs. | 15000/- | |
| 3. | **Technician Room Air Conditioner & Home Appliances – RACHA** Installation Repairing & Servicing of Split AC (Conventional & Inverter Model), Refrigerator, Washing Machine, Microwave Oven, Air Purifier etc. | 600 Hrs. | 20000/- | 9477373445 7980081251 |

Essential Qualification : HS/ITI/Vocational Trades/Diploma/Graduate/Any Higher

IMPORTANT NOTE :

- ✓ For SC/ST candidates No Course Fees will be charged.
- ✓ Theory, Practical & On Site Training Classes to be conducted at CTTC Kolkata & Authorized Service Centre of reputed electronics company.
- ✓ Separate Hostel facility are available for boys and girls in Centre campus.

COURSES STARTING : July & November, 2026

For Online payment or any further details visit our website : www.msmetoolroomkolkata.com
Training Cell : 9330193304

# জিজ্ঞাসা

সাম্প্রতিক তথ্যে ভরা

চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন?এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

এই বিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এই নম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।

## পি.এস.সি.'র

■ মহিলাদের জন্য রাজ্য সরকারের চাকরিতে ৩৩% শূন্যপদ সংরক্ষিত করা হয়েছে। ডব্লু.বি.সি.এস., মিসলেনিয়াস সার্ভিসেস-এর যে পরীক্ষা হল, তাতেও কি মহিলাদের জন্য ৩৩% সীট সংরক্ষিত থাকবে? — আদর্শ মহাল, উলুবেড়িয়া, হাওড়া।

■■ হ্যাঁ, মহিলাদের জন্য ৩৩% সংরক্ষিত থাকবে।

■ নতুন করে ফুডের সাব-ইন্সপেক্টর পদের বিজ্ঞপ্তি বেরোবে কি? — সন্তু বিশ্বাস, শ্রীরামপুর, চাকদহ, নদিয়া।

■■ আপাতত কোনো খবর নেই।

■ পি.এস.সি.'র-মাধ্যমে রাজ্য সরকারের কী কী পদে লোক নিয়োগের বিজ্ঞপ্তি শিগগিরই বেরোতে পারে? — শম্পা দাস, নরেন্দ্রপুর, দক্ষিণ ২৪ পরগনা।

■■ ২০২৫ সালের ডব্লু.বি.সি.এস. পরীক্ষা, মোটর ভেহিক্যাল ইন্সপেক্টর, সাব-ইন্সপেক্টর অফ স্কুল, সরকারি স্কুলের শিক্ষক-শিক্ষিকা, আই.ডি.ও., লেকচারার ইত্যাদি পদের বিজ্ঞপ্তি আগে বেরোনোর সম্ভাবনা আছে।

■ ডব্লু.বি.সি.এস. পরীক্ষার সিলেবাস কি বদল হতে পারে? — জুঁই বিশ্বাস, কাজিপাড়া, বারাসাত, উত্তর ২৪ পরগনা।

■■ না, আপাতত সিলেবাস বদল হবে না।

■ পি.এস.সি.'র মাধ্যমে ক্লার্কশিপ পরীক্ষার বিজ্ঞপ্তি এবছর বেরোবে কি? এই পরীক্ষার সিলেবাস জানাবেন। এই পরীক্ষা কি প্রতি বছরই হয়? ইন্টারভিউ হয় কি? — পৌলমী চ্যাটার্জী, ব্যারাকপুর, নোনাচন্দনপুকুর, উত্তর ২৪ পরগনা। দীপ্ত দাস, আমতা, হাওড়া।

■■ এবার থেকে এই পদের পরীক্ষা প্রতি বছরই একটি নির্দিষ্ট সময়ে নেওয়া হবে। এই পদে কোনো ইন্টারভিউ নেই। তবে মেনস পরীক্ষার পর কম্পিউটার টেস্ট হয়। প্রার্থী বাছাইয়ের জন্য লিখিত পরীক্ষা হয় দু'টি ধাপে। প্রথম পার্টে ১০০ নম্বরের ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) ইংরিজি - ৩০ নম্বর, (খ) জেনারেল স্টাডিজ - ৪০ নম্বর, (গ) অ্যারিথমেটিক - ৩০ নম্বর। সময় দেড় ঘন্টা। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা হবে। দ্বিতীয় পার্টে প্রশ্ন হবে ডেসক্রিপ্টিভ টাইপের। এইসব বিষয়ে : (ক) ইংরিজি -৫০ নম্বর। এই পেপারে থাকবে রিপোর্ট লেখা, সামারি বা, প্রেসি লেখা, বাংলা থেকে ইংরিজিতে অনুবাদ। (খ) বাংলা/হিন্দি / নেপালী / উর্দু /সাঁওতাড়-৫০ নম্বর। সময় ১ ঘন্টা। এই পেপারে থাকবে রিপোর্ট লেখা, সামারি বা, প্রেসি লেখা, ইংরিজি থেকে বাংলায় অনুবাদ। প্রথম ও দ্বিতীয় পার্টে কোয়ালিফাই করলে এরপর কম্পিউটার টেস্টের জন্য ডাকা হবে। প্রতিটি গ্রুপ /পেপারে থাকবে আলাদা কোয়ালিফাইং নম্বর। কোনোটিতে কোয়ালিফাইং নম্বর না পেলে সফল হতে পারবেন না। তপশিলী, ও.বি.সি.'দের জন্য কোয়ালিফাইং নম্বরে ছাড় আছে।

প্রথম পার্টের পরীক্ষায় ইংরিজি বিষয়ে থাকবে ভোকাবুলারি, গ্রামার, বাক্য গঠন, সিনোনিম, অ্যান্টোনিম ও শব্দের সঠিক ব্যবহার। জেনারেল স্টাডিজ পেপারে ভারতীয় ইতিহাস, ভূগোল, দৈনন্দিন বিজ্ঞান ও ভারত-সহ সাম্প্রতিক ঘটনা ও সমস্যা বিষয়ে প্রশ্ন থাকবে আর অ্যারিথমেটিকের প্রশ্ন হবে মাধ্যমিক পরীক্ষার অঙ্কের সিলেবাস অনুযায়ী। প্রশ্ন হবে বাংলা ও ইংরিজিতে। দু'টি পার্টের পরীক্ষা একই দিনে হবে। চূড়ান্ত তালিকা তৈরির সময় পার্ট-ওয়ান, পার্ট-টু ও কম্পিউটার টেস্টের নম্বর ধরা হবে। ইন্টারভিউ নেই।

## মাদ্রাসা সার্ভিসের

■ মাদ্রাসা সার্ভিস কমিশনের ক্লার্ক, লাইব্রেরিয়ান, অপারেটর, স্টোরকীপার ইত্যাদি পদে কবে থেকে দরখাস্ত নেওয়া হবে? — ইন্দ্রনীল চক্রবর্তী, মদনপুর, নদিয়া।

■■ আপাতত কোনো খবর নেই।

■ মাদ্রাসা সার্ভিস কমিশনের মাধ্যমে লাইব্রেরিয়ান পদের বিজ্ঞপ্তি কবে বেরোবে? — সোমা আইচ, পূর্ব মেদিনীপুর।

■■ আপাতত কোনো খবর নেই।

## স্কুল সার্ভিসের

■ ইতিহাসে অনার্স পাশ করেছি। পরে নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে এম.সি.এ. করেছি। বি.এড. বা, ডি.এল.এড. করা নেই। কর্মশিক্ষা, কম্পিউটার সায়েন্স বা, কম্পিউটার অ্যাপ্লিকেশন বিষয়ে পরীক্ষা দিতে পারব কি? — সঞ্জয় সেন, বারাসাত, উত্তর ২৪ পরগনা।

■■ না, পারবেন না।

■ ডিগ্রি কোর্সে ৪৪.৭ শতাংশ নম্বর আছে। আর.সি.আই. থেকে ডি.এড. স্পেশাল এডুকেশন কোর্স পাশ করেছি। আপার প্রাইমারি 'টেট' দিতে পারব কি? — সোমনাথ সিংহ, দলমাদল রোড, বিষ্ণুপুর, বাঁকুড়া।

■■ না, পারবেন না।

■ এবারের বাজেটে ঘোষণা করা হয় ৫০ হাজার শিক্ষক নিয়োগ করা হবে। কবে থেকে এটি চালু হবে? — সমীর ঘোষ, সিঙ্গুর, হুগলি।

■■ এবছর শিক্ষক নিয়োগের বিজ্ঞপ্তি বেরোবে।

## পুলিশে চাকরির

■ রাজ্য পুলিশে অগ্নিবীরদের জন্য ১০ শতাংশ সীট সংরক্ষিত করা হয়েছে। এখানে অগ্নিবীরদের জন্য শারীরিক সক্ষমতার পরীক্ষা দিতে হবে কি? — বাপ্পা মজুমদার, বীরভূম।

■■ না, অগ্নিবীরদের জন্য শারীরিক সক্ষমতার পরীক্ষা দিতে হবে না।

■ সিভিক ভলান্টিয়ারদের মাইনে ২ হাজার টাকা বাড়ানো হয়েছে। বলা হয়েছে, ভুয়ো সিভিক ভলান্টিয়ারদের খুঁজে বের করা হবে ও তাদের বিরুদ্ধে আইনত ব্যবস্থা নেওয়া হবে। এবছর নতুন করে কি সিভিক ভলান্টিয়ার নিয়োগ করা হবে? — পার্থ গুহ, আওয়ালসিদ্ধি, নৈহাটী, উত্তর ২৪ পরগনা। তাপস মাঝি, পূর্ব মেদিনীপুর।

■■ রাজ্যে প্রায় ১ লাখ ৩০ হাজার সিভিক ভলান্টিয়ার আছেন। রাজ্য সরকার পুলিশ প্রশাসনকে নির্দেশ দিয়েছে, প্রত্যেক সিভিক ভলান্টিয়ারদের সার্টিফিকেট যাচাই করা হবে ও পুলিশ ভেরিফিকেশন হবে। কোনো সিভিক ভলান্টিয়ারের সার্টিফিকেট ভুয়ো প্রমাণিত হলে তাঁর বিরুদ্ধে এফ.আই.আর. করা হবে ও আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। এখনো পর্যন্ত প্রায় ২৫ হাজারের বেশি ভুয়ো সিভিক ভলান্টিয়ার ধরা পড়েছে, যাঁদের শিক্ষাগত যোগ্যতার যথার্থ সার্টিফিকেটেই নেই। রাজ্য সরকার সিভিক ভলান্টিয়ারদের ঝাড়াই বাছাই করে সঠিক সিভিক ভলান্টিয়ারদের রাখতে চাইছে। তাই নতুন করে সিভিক ভলান্টিয়ার নিয়োগ করতে ইচ্ছুক নয় বর্তমান সরকার।

## ডাকবিভাগের

■ এবছর ডাক বিভাগের গ্রামীণ ডাক সেবক (জি.ডি.এস.) পদের বিজ্ঞপ্তি বেরোবে কি? এই পদের জন্য কেমন যোগ্যতা লাগবে? প্রার্থী বাছাই কীভাবে হয়? কোনো পরীক্ষা দিতে হয় কি? এটি কি স্থায়ী চাকরি? — প্রিতম দাস, কাজিপাড়া, বারাসাত, উত্তর

■■ গ্রামীণ ডাক সেবক পদে প্রায় প্রতি বছরই ছেলেমেয়ে নেওয়া হয়। প্রার্থী বাছাই হয় মাধ্যমিকে পাওয়া নম্বর দেখে। অঙ্ক ও ইংরিজি বিষয়ে পাশ নম্বর পেয়ে মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। উচ্চ শিক্ষাগত যোগ্যতার জন্য বাড়তি কোনো সুবিধা পাবেন না। কম্পিউটারে কাজ চালানোর মতো জ্ঞান থাকতে হবে। বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। যে পোস্ট অফিসের অধীনে চাকরি করতে চান, সেই পোস্ট অফিসের এলাকার বাসিন্দা হতে হবে কিংবা চাকরি পাওয়ার ১ মাসের মধ্যে সংশ্লিষ্ট পোস্ট অফিসের অধীনের বাসিন্দা হওয়ার জন্য ডিক্লারেশন দিতে হবে। স্থানীয় ভাষায় দক্ষতা থাকতে হবে। সাইকেল চালাতে জানতে হবে। যাঁরা মোটর সাইকেল বা, স্কুটি চালাতে পারেন, তাঁরাও যোগ্য। এটি স্থায়ী চাকরি নয়।

## পঞ্চায়েতের

■ গ্রাম পঞ্চায়েতে কবে থেকে দরখাস্ত নেওয়া শুরু হবে? এই পরীক্ষার সিলেবাস ও পরীক্ষা পদ্ধতি জানাবেন। — সৌরভ চক্রবর্তী, জয়নগর, মজিলপুর, দক্ষিণ ২৪ পরগনা। প্রদীপ দাস, দুর্গাপুর, পশ্চিম বর্ধমান।

■■ গ্রাম পঞ্চায়েতে নিয়োগের জন্য বিজ্ঞপ্তি বেরোবে জুলাই মাস নাগাদ। এই পদের পরীক্ষার সিলেবাস ও পরীক্ষা পদ্ধতি এখনো ঠিক হয়নি।

## অন্যান্য চাকরির

■ রাজ্য সরকারের চাকরিতে ৫ বছর বয়স বাড়ানো হয়েছে। এবার থেকে কি সব চাকরির ক্ষেত্রে বয়স স্থায়ীভাবে ৫ বছর বাড়ল না সাময়িক সময়ের জন্য ৫ বছর বয়স বাড়ানো হয়েছে? — সজল বণিক, হাবড়া, উত্তর ২৪ পরগনা। প্রিয়াঙ্কা ঘোষ, পূর্ব মেদিনীপুর।

■■ রাজ্য সরকার এবছরই সব চাকরির ক্ষেত্রে বয়স ৫ বছর বাড়িয়েছে। গত কয়েক বছরে রাজ্যে সেভাবে নিয়োগ হয়নি। তাই বহু প্রার্থীর বয়স বেশি হয়ে যাওয়ায় অনেকে পরীক্ষা দিতেও পারেননি। তাই নতুন সরকার ক্ষমতায় এসে সব সরকারি চাকরির ক্ষেত্রে বয়স ৫ বছর বাড়িয়েছে। তবে এই বর্ধিত ৫ বছর আগামী ২ বছরের জন্য বলবৎ থাকবে-অর্থাৎ, ২ বছর বয়স আবার নিয়মেই থাকবে।

■ অঙ্গনওয়াড়ি কর্মী ও অঙ্গনওয়াড়ি সহায়িকা পদের বিজ্ঞপ্তি এবছর বেরোবে কি? শিক্ষাগত যোগ্যতা কি থাকা দরকার? এঁদের মাইনে কত? — ঝুমা সরকার, ছোটো দলাদলি, আলিপুরদুয়ার। টুম্পা মাহাত, পুরুলিয়া।

■■ ক্লাস এইট পাশ তরুণীরা 'অঙ্গনওয়াড়ি হেল্পার' পদের জন্য যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে। পারিশ্রমিক ছিল ৬,৮০০ টাকা। এখন ৫ হাজার টাকা মাইনে বেড়ে হয়েছে ১১,৮০০ টাকা। প্রার্থীকে সংশ্লিষ্ট এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে। উচ্চমাধ্যমিক পাশ তরুণীরা 'অঙ্গনওয়াড়ি ওয়ার্কার' পদের জন্য যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে। আগে পারিশ্রমিক মাসে ছিল ৯ হাজার টাকা। এখন ৫ হাজার টাকা মাইনে বেড়ে হয়েছে ১৪,০০০ টাকা। প্রার্থীকে সংশ্লিষ্ট এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে।

## কোর্স ও ট্রেনিং

■ এ.এন.এম. ও জি.এন.এম. কোর্সে ভরতির যে এন্ট্রান্স পরীক্ষা ১৪ জুন হল, তার ফল কবে বেরোবে? — পূর্বাশা মল্লিক, হুগলি।

■■ ফল বেরোবে জুলাইয়ের শেষে কিংবা আগস্টের প্রথমে।

■ এম.এ. কোর্সের চতুর্থ সেমেস্টারে একটি বিষয়ে ব্যাক আছে। এখন ডিগ্রি কোর্স দেখিয়ে বি.এড. কোর্সে ভরতি হলে, বি.এড. ও এম.এ. কোর্স একই বছরে হওয়ায় কোনো অসুবিধা হবে কি? — রাজু মহান্তী, সিমলাপাল, বাঁকুড়া।

■■ না, অসুবিধা হবে না।

## প্রাইমারির

■ সি-টেট পাশরা কি পশ্চিমবঙ্গ প্রাইমারির টিচারের ইন্টারভিউয়ের জন্য যোগ্য? — বুল্টি অধিকারী। সনাতন পাঁজা, রাজবেড়িয়া, উত্তর ২৪ পরগনা।

■■ হ্যাঁ, যোগ্য। 'সি-টেট' পাশরা প্রাইমারির ইন্টারভিউয়ে সরাসরি যে বসতে পারবে, এ বিষয়ে শিগগিরই বিজ্ঞপ্তি বেরোবে।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা একনজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| ন্যাশনাল ইনফর্মেটিক্স সেন্টারে টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট | গ্র্যাজুয়েট | ৬৫৪ | - | www.recruitment.nic.in |
| মাদ্রাসা সার্ভিস কমিশনের মাধ্যমে ক্লার্ক, লাইব্রেরিয়ান | মাধ্যমিক, গ্র্যাজুয়েট | - | - | www.wbmsc.com |
| ক্যাবিনেট সেক্রেটারিয়েটে ফিল্ড অফিসার | গ্র্যাজুয়েট | ২৫ | ১২-৭-২৬ | www.cabsec.gov.in |
| BRO-তে অপারেটর, স্টোরকীপার, ড্রাফটসম্যান | উচ্চমাধ্যমিক | ৮৯৯ | ২-৭-২৬ | www.bro.gov.in |
| DSSSB-এর মাধ্যমে শিক্ষক, অ্যাসিস্ট্যান্ট | ITI, HS গ্র্যাজুয়েট | ১,৯৭৯ | ১৫-৭-২৬ | সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইট |
| রেলে টেকনিশিয়ান | মাধ্যমিক, ITI | ৬,৫৫৭ | ২৯-৭-২৬ | সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইট |
| বীমা সংস্থায় অ্যাপ্রেন্টিস | গ্র্যাজুয়েট | ৫৫০ | ৬-৭-২৬ | https://nats.education.gov.in |
| BSNL-এ টেলিকম অফিসার | গ্র্যাজুয়েট | ১০০ | ৩-৭-২৬ | www.externalexam.bsnl.co.in |
| পঞ্চায়েতে পিওন, অপারেটর অ্যাসিস্ট্যান্ট, গ্রাম পঞ্চায়েত কর্মী, অ্যাসিস্ট্যান্ট, স্টেনো | মাধ্যমিক থেকে গ্র্যাজুয়েট | ১১,০০০ | - | শিগগিরই বিজ্ঞপ্তি বেরোবে |
| বিমানবাহিনীতে এয়ারম্যান | উচ্চমাধ্যমিক | - | ২৬-৭-২৬ | www.iafrecruitment.edcil.co.in |
| বিমানবাহিনীতে অগ্নিবীরবায়ু | উচ্চমাধ্যমিক | - | ২৬-৭-২৬ | www.iafrecruitment.edcil.co.in |
| স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ায় প্রবেশনারি অফিসার | গ্র্যাজুয়েট | ১,৫০০ | ৮-৭-২৬ | www.sbi.co.in |

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা করে হবে, কোন ওয়েবসাইট থেকে ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ইত্যাদি তথ্য এবার এই বিভাগে দেওয়া হবে।

| পদ | পরীক্ষার তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|
| CAPF (Asst. Commandant) | ১৯ জুলাই | www.upsconline.nic.in |
| প্রাইমারি টিচার পদে মালদা, আলিপুরদুয়ার, দক্ষিণ দিনাজপুর, পশ্চিম বর্ধমান, বাঁকুড়া, বীরভূম, পুরুলিয়া জেলার ইন্টারভিউ | ইন্টারভিউ স্থগিত | https://www.wbbpeonline.com |
| স্টেট ব্যাঙ্কে প্রবেশনারি অফিসার প্রিলিমিনারি পরীক্ষা | আগস্টে | www.sbi.co.in |

## আইটি ইন্ডাস্ট্রিতে চাকরি পেয়ে অনন্য নজির

# শুধু মাত্র ৯ মাসের মধ্যে কীভাবে আজকে আমি ভালো মাইনের চাকরি পেলাম



আমি অদ্রিজা মুখার্জি। আজকে দাঁড়িয়ে কেউ বললে বিশ্বাস করবে না যে ঠিক ১ বছর আগে আমি পুরোপুরি বেকার ছিলাম। ২০২৪ সালে আমি গ্র্যাজুয়েট পাশ করে বসেছিলাম। নিয়মিত কর্মসংস্থান কাগজ বাড়িতে রাখতাম। একদিন ওই কাগজেই দেখলাম কলকাতার একটি ডিজিটাল মার্কেটিং ট্রেনিং সংস্থা (NIHT) এর কথা। ভাবলাম একবার ফোন করেই দেখি। ওনারা ফোনে কাউন্সিলিং না করে, বললেন সরাসরি ইনস্টিটিউটে চলে আসতে। একদিন সাহসে ভর করে, ইনস্টিটিউটের ভবানীপুর সেন্টারে চলে গেলাম। প্রথমেই ওখানে প্রায় ঘণ্টাখানেক আমার কাউন্সিলিং করা হল। ওখানকার কাউন্সিলাররা আমি আদৌ এই কোর্সের জন্য উপযুক্ত কিনা— বিভিন্নভাবে তা পরীক্ষা করলেন। তারপর ১ দিন পর আমাকে ওখান থেকে জানানো হল যে আমি যদি আগ্রহী থাকি, তাহলে ১২ মাসের ডিজিটাল মার্কেটিংয়ে ভর্তি হতে পারি। আমি সিদ্ধান্ত নিলাম— আমি ভর্তি হব। নিজের পায়ে দাঁড়াতেই হবে। আর আমার একটা ঝোঁক প্রথম থেকেই, ছিল স্রোতে গা না ভাসিয়ে, একটু অন্যভাবে কিন্তু 'স্টেডিলি' নিজের 'কেরিয়ার' শুরু করা। NIHT তে গিয়ে মনে হয়েছিল — 'আমি যা চাইছি, ঠিক সেই রকম ভাবেই কেরিয়ার শুরু হতে পারে এখান থেকে।' যাই হোক, প্রথম দিন থেকেই ওখানকার স্কিলড প্রফেশনালসরা আমাকে ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড গাইড করতে থাকেন। কাউন্সিলরদের পরামর্শ মতো আমি প্রতিটি উপদেশ মেনে চলি। এখানে মূলত প্র্যাক্টিক্যাল ট্রেনিংয়ের ওপর সবচেয়ে বেশি গুরুত্ব দেওয়া হয়। আমাকে Social Media Content Creation, SEO, Performance Marketing, GenAI/Automation Expert এর মতো মডিউল শেখানো হয়। আস্তে আস্তে আমি বুঝতে পারি যে আমি পারব। পারতে আমাকে হতই। ঠিক ১ বছর পর Blue Waves Media-তে আমি চাকরি পাই। এখন আমি মাসে হ্যান্ডসাম প্যাকেজ পাই।

> **আমি আজকে খুব ভালো মাইনের চাকরি পেয়েছি। একটু চেষ্টা করলে, তোমরাও পারবে।**

**NIHT-তে ঠিক কী ধরনের ট্রেনিং দেওয়া হয় যাতে আমার মতো সবাই এখান থেকে চাকরি পায়?**

(১) এখানে রয়েছে ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড স্পেশাল ট্রেনিং মডিউল — যা এখন দেশের মধ্যে অন্যতম সেরা ইন্ডাস্ট্রি-ফ্রেন্ডলি ডিজিটাল প্রোগ্রাম। (২) এখানে Google Ads, Meta Ads আর YouTube Ads শেখানো হয়— যাতে এখানকার ট্রেনিরা খুব সহজেই বিভিন্ন প্ল্যাটফর্মের উপযোগী কন্টেন্ট বানাতে পারেন। (৩) এখানে 'মাল্টিপারপাস স্কিলড প্রফেশনালস' হিসাবে ট্রেনিদের তৈরি করা হয়। অর্থাৎ, এখানে ট্রেনিরা একসাথে ৩টি বিষয় ট্রেনিং নিতে পারে। ফলে স্বভাবতই এখান থেকে যাঁরা ট্রেনিং নেন, তাঁরা ন্যূনতম ৩ গুণ বেশি ভালো প্রোডাক্টিভিটি দেয়— যা যেকোনো ভালো MNC কোম্পানিতে, শুরুতেই ভালো পে-প্যাকেজ নিয়ে, তাঁদের কেরিয়ার শুরু করতে সাহায্য করে। (৪) এখানে ট্রেনিদের শেখানো হয় সম্পূর্ণ প্র্যাকটিক্যাল-বেসড ডিজিটাল মার্কেটিং —ঠিক যেভাবে একটি লাইভ ডিজিটাল মার্কেটিং এজেন্সি বাস্তবে কাজ করে। (৫) এখানকার ডিজিটাল প্রোগ্রামে ট্রেনিরা বিভিন্ন AI Tools ব্যবহার করে কনটেন্ট আইডিয়া জেনারেশন, কপি রাইটিং, অটোমেশন ও ডাটা অ্যানালাইসিস শেখে — যা বড় বড় MNC কোম্পানিতে ইন্টারভিউ ক্র্যাক করার সময় বিশেষভাবে কাজে লাগে। (৬) এটি একমাত্র প্রতিষ্ঠান যেখানে AI Integrated Digital Marketing শেখানো হয়। (৭) এখানকার ট্রেনিদের হাই-কোয়ালিটি ভিডিও কনটেন্ট মেকিং ও প্রফেশনাল মানের Instagram Reels ও YouTube Shorts বানানোর টেকনিক এমনভাবে শেখানো হয় — যা চাকরির বাজারে তাদের গুরুত্ব অনেকটাই বাড়িয়ে দেয়। (৮) এখানকার ট্রেনিরা নিজেরাই ওয়েবসাইট তৈরি করে, হাতে-কলমে কাজ করে আর বিভিন্ন লাইভ ইন্ডাস্ট্রিয়াল ট্যুল ব্যবহার করা শেখে — যা চাকরির বাজারে এখানকার ট্রেনিদের খুব ভালো মাইলেজ দেয়। (৯) এছাড়াও এখানে রয়েছে 'লাইভ পডকাস্ট স্টুডিও' যাতে ট্রেনিরা 'রিয়েল ইন্ডাস্ট্রি শুটে' অংশ নিয়ে বাস্তব অভিজ্ঞতা অর্জন করে। আমার মতো যদি তোমারও একটু সাহস করে, নিজের ওপর বিশ্বাস রেখে, ঠিক ১ বছরের মধ্যে স্বপ্নের চাকরি পেতে চাও, তাহলে অবশ্যই যোগাযোগ করো এই ফোন নম্বরে : 9830501515 / 9903622993.

# নেভিতে ২৬০ অফিসার

১ পাতার পর

**এক্সিকিউটিভ ব্রাঞ্চ (জেনারেল সার্ভিস - জি.এস.(এক্স) / হাইড্রো ক্যাডার) :** ইঞ্জিনিয়ারিংয়ের যে কোনো শাখার ডিগ্রি (বি.ই. বা, বি.টেক.) কোর্স পাশ ছেলেমেয়েরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। জন্ম-তারিখ হতে হবে ২-৭-২০০২ থেকে ১-১-২০০৮'এর মধ্যে। শূন্যপদ : ৯০টি। এর মধ্যে জেনারেল সার্ভিসে ৮০ ও হাইড্রো ক্যাডারে ১০।

**এক্সিকিউটিভ ব্রাঞ্চ (এয়ার ট্রাফিক কন্ট্রোল) :** মোট অন্তত ৬০% নম্বর পেয়ে ইঞ্জিনিয়ারিংয়ের যে কোনো শাখার ডিগ্রি (বি.ই. বা, বি.টেক.) কোর্স পাশ ছেলেমেয়েরা যোগ্য। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে ইংরিজিতে অন্তত ৬০%-সহ মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকতে হবে। জন্ম-তারিখ হতে হবে ২-৭-২০০২ থেকে ১-৭-২০০৬'এর মধ্যে। শূন্যপদ : ১৫টি।

**এক্সিকিউটিভ ব্রাঞ্চ (ন্যাভাল এয়ার অপারেশন্স অফিসার) (আগে অবজার্ভার নাম ছিল) :** মোট অন্তত ৬০% নম্বর পেয়ে ইঞ্জিনিয়ারিংয়ের যে কোনো শাখার ডিগ্রি (বি.ই. বা, বিটেক.) কোর্স পাশ ছেলেমেয়েরা যোগ্য। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে ইংরিজিতে অন্তত ৬০%-সহ মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকতে হবে। জন্ম-তারিখ হতে হবে ২-৭-২০০৩ থেকে ১-৭-২০০৮'এর মধ্যে। শূন্যপদ : ১৮টি।

**এক্সিকিউটিভ ব্রাঞ্চ (পাইলট) :** মোট অন্তত ৬০% নম্বর পেয়ে ইঞ্জিনিয়ারিংয়ের যে কোনো শাখার ডিগ্রি (বি.ই. বা, বি.টেক.) কোর্স পাশ ছেলেমেয়েরা যোগ্য। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে ইংরিজিতে অন্তত ৬০%-সহ মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকতে হবে। কমার্শিয়াল পাইলট লাইসেন্স থাকতে হবে। জন্ম-তারিখ হতে হবে ২-৭-২০০৩ থেকে ১-৭-২০০৮'এর মধ্যে। শূন্যপদ : ২৫টি।

**এক্সিকিউটিভ ব্রাঞ্চ (লজিস্টিক্স) :** মোট অন্তত ৬০% নম্বর পেয়ে ইঞ্জিনিয়ারিংয়ের যে কোনো শাখার ডিগ্রি (বি.ই. বা, বিটেক.) কোর্স পাশ ছেলেমেয়েরা যোগ্য। প্রথম শ্রেণির এম.বি.এ. কোর্স পাশরাও যোগ্য। প্রথম শ্রেণির ডিগ্রি কোর্স পাশরা ফিনান্স, লজিস্টিক্স, সাপ্লাই চেন ম্যানেজমেন্ট, মেটেরিয়াল ম্যানেজমেন্টের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পাশ হলেও যোগ্য। প্রথম শ্রেণির এম.সি.এ. বা, এম.এসসি. (আই.টি.) কোর্স পাশরাও যোগ্য। জন্ম-তারিখ হতে হবে ২-৭-২০০২ থেকে ১-১-২০০৮'এর মধ্যে।
শূন্যপদ : ১০টি।

**এডুকেশন ব্রাঞ্চে নেওয়া হবে এইসব পদে :** নিচের যে কোনো একটি যোগ্যতা থাকলে যোগ্য — (ক) ফিজিক্স বিষয় নিয়ে বি.এসসি. কোর্স পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে এম.এসসি. (অঙ্ক/অপারেশনাল রিসার্চ) কোর্স পাশ ছেলেমেয়েরা যোগ্য। অঙ্ক বিষয় নিয়ে বি.এসসি. কোর্স পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে এম.এসসি. (ফিজিক্স বা, অ্যাপ্লায়েড ফিজিক্স) কোর্স পাশরাও যোগ্য। ফিজিক্সের বি.এসসি. কোর্স পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে কেমিস্ট্রির এম.এসসি. কোর্স পাশ হলেও যোগ্য। জন্ম-তারিখ হতে হবে ২-৭-২০০২ থেকে ১-৭-২০০৬'এর মধ্যে। শূন্যপদ : ৫টি।

(খ) মোট অন্তত ৬০% নম্বর পেয়ে মেকানিক্যাল, প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, কম্পিউটার সায়েন্স, এম.সি.এ.(ফিজিক্স বা, অঙ্ক ডিগ্রি কোর্সে থাকতে হবে) ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। জন্ম-তারিখ হতে হবে ২-৭-২০০২ থেকে ১-৭-২০০৬'এর মধ্যে। শূন্যপদ : ৮টি।

এডুকেশন ব্রাঞ্চের বেলায় মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে প্রথম শ্রেণির নম্বর পেয়ে থাকতে হবে ও মাধ্যমিক বা, উচ্চমাধ্যমিকে ইংরিজি বিষয়ে অন্তত ৬০% নম্বর পেয়ে থাকতে হবে।

**টেকনিক্যাল ব্রাঞ্চে নেওয়া হবে এইসব পদে :**

**ইঞ্জিনিয়ারিং ব্রাঞ্চ (জেনারেল সার্ভিস) :** মেরিন, ইন্সট্রুমেন্টেশন, অটোমোবাইল, অ্যারোস্পেস, মেটালার্জি, প্রোডাকশন, অ্যারোনটিক্যাল, কন্ট্রোল, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, মেকানিক্যাল / মেকানিক্যাল (অটোমেশন), মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই. বা, বি.টেক.) কোর্স পাশ ছেলেমেয়েরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। জন্ম-তারিখ হতে হবে ২-৭-২০০২ থেকে ১-১-২০০৮'এর মধ্যে। শূন্যপদ : ২৪টি।

**সাব মেরিন টেকনিক্যাল ইঞ্জিনিয়ারিং ব্রাঞ্চ :** মেরিন, ইন্সট্রুমেন্টেশন, অটোমোবাইল, অ্যারোস্পেস, মেটালার্জি, প্রোডাকশন, অ্যারোনটিক্যাল, কন্ট্রোল, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, মেকানিক্যাল / মেকানিক্যাল (অটোমেশন), মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই. বা, বি.টেক.) কোর্স পাশ ছেলেমেয়েরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। জন্ম-তারিখ হতে হবে ২-৭-২০০২ থেকে ১-১-২০০৮'এর মধ্যে। শূন্যপদ : ৮টি।

**ইলেক্ট্রিক্যাল ব্রাঞ্চ (জেনারেল সার্ভিস) :** ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, টেলিকমিউনিকেশন, পাওয়ার ইঞ্জিনিয়ারিং, ইন্সট্রুমেন্টেশন, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, পাওয়ার ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই. বা, বি.টেক.) কোর্স পাশ ছেলেমেয়েরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। জন্ম-তারিখ হতে হবে ২-৭-২০০২ থেকে ১-১-২০০৮'এর মধ্যে। শূন্যপদ : ৩২টি।

**সাব মেরিন টেকনিক্যাল ইলেক্ট্রিক্যাল :** ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, টেলিকমিউনিকেশন, পাওয়ার ইঞ্জিনিয়ারিং, ইন্সট্রুমেন্টেশন, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, পাওয়ার ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই. বা, বি.টেক.) কোর্স পাশ ছেলেরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। জন্ম-তারিখ হতে হবে ২-৭-২০০২ থেকে ১-১-২০০৮'এর মধ্যে। শূন্যপদ : ৮টি।

ন্যাভাল কনস্ট্রাক্টর : মেকানিক্যাল, সিভিল, মেরিন, মেটালার্জি, শিপ বিল্ডিং, অ্যারোনটিক্যাল, শিপ টেকনোলজি, শিপ ডিজাইন, অ্যারো স্পেস, ন্যাভাল আর্কিটেকচার, ওশান ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই. বা, বি.টেক.) কোর্স পাশ ছেলেমেয়েরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। জন্ম-তারিখ হতে হবে ২-৭-২০০২ থেকে ১-১-২০০৮'এর মধ্যে। শূন্যপদ : ১৮টি।

প্রার্থী বাছাই হবে শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর দেখে। এরপর হবে গ্রুপ ডিসকাশন ও ইন্টারভিউ। মোট ৫ দিনের ইন্টারভিউয়ের প্রথম দিন থাকবে ইন্টেলিজেন্স টেস্ট, পিকচার পার্সেপশন ও গ্রুপ ডিসকাশন। সফল হলে সাইকোলজিক্যাল টেস্ট, গ্রুপ টাস্ক ও ইন্টারভিউ। ইন্টারভিউয়ের প্রথম দিন সফল না হলে বাড়ি ফেরার ট্রেন ভাড়া দেওয়া হবে। সফল হলে ডাক্তারি পরীক্ষা। ট্রেনিং শুরু আগামী বছর জানুয়ারিতে। শুরুতে সাব-লেফটেন্যান্ট পদে চাকরি। তখন মূল মাইনে ৫৬,১০০ টাকা।

দরখাস্ত করবেন অনলাইনে, ২৭ জুলাইয়ের মধ্যে। এই ওয়েবসাইটে : www.joinindiannavy.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। তখন পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। এবার ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

# মুক্ত বিদ্যালয়ে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক কোর্সে ভর্তি

**নিজস্ব প্রতিনিধি :** ভারত সরকারের শিক্ষা মন্ত্রণালয় দ্বারা অনুমোদিত বোর্ড অফ ওপেন স্কুলিং এন্ড স্কিল এডুকেশন অনুমোদিত পাঠকেন্দ্র কোটালপুর হাই স্কুল, তারকেশ্বর, হুগলী (কোড-B3302)-এ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক কোর্সে ভর্তি শুরু হয়েছে। এখন রেজিস্ট্রেশন চলছে। অনলাইন মোডে পরীক্ষা হবে অক্টোবর, ২০২৬ এ। খুব সহজেই উচ্চ নম্বর নিয়ে পাশ করে পশ্চিমবঙ্গ সহ যেকোনো রাজ্যের কলেজে নার্সিং, ফার্মাসি, ইঞ্জিনিয়ারিং, মেডিক্যাল, গ্র্যাজুয়েশনে ভর্তি হতে পারবেন। এই সার্টিফিকেট রাজ্য ও কেন্দ্রীয় সরকারি চাকরি আর রাজ্য ও কেন্দ্রীয় সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে গ্রহণযোগ্য। ভর্তির জন্য বিস্তারিত জানতে এখনই যোগাযোগ করুন স্কুলে (কোটালপুর হাই স্কুল, তারকেশ্বর, হুগলী) অথবা এই ফোন নম্বরে : 7003156422.

# রাজ্যের এক লাখ চাকরি— কীভাবে নেবেন প্রস্তুতি



*টি. কে. মিত্র*

সম্প্রতি পেশ হওয়া পূর্ণাঙ্গ রাজ্য বাজেটে রাজ্য সরকার উদাত্ত কণ্ঠে ঘোষণা করেছে যে, আগামী ডিসেম্বর, ২০২৬ সালের মধ্যে তাদের বিভিন্ন দপ্তরে এক লাখ কর্মী নিয়োগ করা হবে (পুরোটাই পরীক্ষা ব্যবস্থার মধ্য দিয়ে স্বচ্ছতার সঙ্গে হবে)। এর মধ্যে আবার 33% বা 33,000 চাকরি মহিলাদের জন্য সংরক্ষিত। এখন এই (67,000 + 33,000) পদের নিয়োগের জন্য জোরদার প্রস্তুতি শুরু করেছে রাজ্য সরকারের বিভিন্ন নিয়োগ সংস্থাগুলি। এই লোভনীয় চাকরিগুলি কীভাবে করায়ত্ত করা সম্ভব এব্যাপারে কলম ধরলেন, বিশিষ্ট শিক্ষক তথা ক্যাসেস এডুকেশন, কলকাতার মাননীয় শিক্ষাধ্যক্ষ টি. কে. মিত্র স্যার মহাশয়।

"সবার উপরে নিয়োগ সত্য, তাহার উপরে নাই"— এ সম্পর্কে আলোকপাত করতে গিয়ে কিছুটা কাব্যিকতার আশ্রয় নিতেই হল। বিগত ১৫ বছরের অমাবস্যার ঘোর অমানিশা কাটিয়ে রাজ্যে নিয়োগের চাকা যখন পুনরায় ঘুরতে শুরু করেছে, তখন বলাই চলে, রাজ্যে নিয়োগ আসন্ন এবং তা সম্পূর্ণরূপে মেধাভিত্তিকই হবে। এই নিয়োগযজ্ঞে নিজেকে যথার্থ ঋত্বিক হিসাবে তুলে ধরতে চাইলে সর্বাগ্রে জোর দিতে হবে প্রস্তুতিতেই। আর এখানেই ক্যাসেস এডুকেশনের গুরুত্ব বলা চলে। এই প্রস্তুতিতে তাদের একমাত্র তুরুপের তাস হল অভিজ্ঞ শিক্ষকমণ্ডলীর সহায়তায় পরিচালিত 'STRONG COMBINED' কোর্সটি। একে আমি ঠিক কোর্স না বলে প্রস্তুতির সুতিকাগার হিসাবেই গণ্য করব। অনেকে আবার একে প্রস্তুতি যজ্ঞের যথার্থ ওয়ার্কশপও বলে থাকেন। এই কোর্সে সপ্তাহে ৩ দিন মোট ১৮ ঘণ্টার ক্লাস। ক্লাস ওয়ার্ক ম্যাটেরিয়ালস (CWM) ও হোম ওয়ার্ক ম্যাটেরিয়ালস (HWM)-এর মাধ্যমে প্রস্তুতি পর্ব সম্পন্ন করা হয়। সপ্তাহে দুটি মক্ টেস্ট ও একটি ইনস্ট্যান্ট মক্ টেস্ট নেওয়া হয়। প্রতিটি ক্লাসে হোমওয়ার্ক আদায় করা হয় ও ক্লাস ওয়ার্ক বুঝিয়ে দেওয়া হয়। ডাউট ক্লিয়ারিং সেশনের মাধ্যমে প্রতিটি ডাউটের নিরসন করা হয়। প্রতিটি বিষয়ের ওপর দুজন করে শিক্ষক পাঠদান করে থাকেন এবং কঠোর শৃঙ্খলা ও ভয়মুক্ত পরিবেশে পঠন-পাঠন চলে। হোমওয়ার্ক না করে এলে বা মক্‌টেস্টে না বসলে বা অযথা ক্লাস কামাই করলে কঠোর শাস্তির মুখে পড়তে হয় এবং প্রয়োজনে টার্মিনেটও করা হয়। সর্বোপরি শিক্ষাধ্যক্ষের কঠোর অনুশাসনে পঠন-পাঠন পরিচালিত হয়ে থাকে।

যাঁরা লেগে আছে এবং 'আমরা কিন্তু হারব না'— এই নীতিবাক্যকে পাথেয় করে এগিয়ে চলেছে, শত বাধার মধ্যেও তাঁদের সাফল্য কিন্তু করতলগত। সব শেষে বলব, যথার্থ প্রস্তুতি চালিয়ে যান এবং প্রতিটি পরীক্ষাতে সফল হওয়ার মন-মানসিকতা নিয়ে এগিয়ে যান। অভিজ্ঞতা থেকে বলতে পারি, সফল আপনারা হবেনই। এব্যাপারে বিস্তারিত জানতে যোগাযোগ করুন— ক্যাসেস এডুকেশন, 35 APC Road, Sealdah, Kol-9, (near Jagat Cinema), WAPP : 9123325910, 9062756906.

## উচ্চমাধ্যমিক পাশের পর কোন কোন কোর্স

১ পাতার পর

উচ্চমাধ্যমিক পাশের পর কোন কোর্স পড়লে উজ্জ্বল কেরিয়ার তৈরি করা যায়, তা নিয়ে পুঙ্খানুপুঙ্খভাবে বিশ্লেষণ করে সঠিক কেরিয়ারের পরামর্শ দিচ্ছেন সার্টিফায়েড কেরিয়ার কোচ অরিন্দম মুখার্জি।



অন্যদিকে, কেউ চাইলে দ্রুত কর্মজীবনে প্রবেশের জন্য ভোকেশনাল বা স্কিল ভিত্তিক প্রশিক্ষণও নিতে পারে। সঠিক ক্যারিয়ার বেছে নেওয়া নির্ভর করে অনেক বিষয়ের ওপর— যেমন ছাত্রের শিক্ষাগত পটভূমি, পারিবারিক ও সামাজিক পরিস্থিতি, যোগ্যতা, কাজের প্রতি মনোভাব ও আরও অনেক কিছু। গত ২৪ বছরের কেরিয়ার কোচ হিসাবে আমার অভিজ্ঞতা অনুযায়ী কেরিয়ারকে প্রধানত দুই ভাগে ভাগ করা যায়— পেশাগত কেরিয়ার ও বৃত্তিমূলক কেরিয়ার। পেশাগত কেরিয়ারে কোনো বিষয়ের গভীর তাত্ত্বিক ও ব্যবহারিক জ্ঞান, গবেষণা, বিশ্লেষণী ক্ষমতা, সমস্যা সমাধানের দক্ষতা ইত্যাদির ওপর গুরুত্ব দেওয়া হয়। সাধারণত এই ধরনের কেরিয়ারের জন্য প্রয়োজন হয় : BA, B.Sc., B.Tech., Medical, Law, CA, CMA, CS, CFA ইত্যাদি ডিগ্রি ও কোর্স। এরপর ছাত্রছাত্রীরা নিজেদের পছন্দ অনুযায়ী কর্পোরেট চাকরি, সরকারি চাকরি অথবা নিজস্ব ব্যবসার দিকে যেতে পারে। এই ক্ষেত্রে বেশি প্রয়োজন : অধ্যাবসায়, ধৈর্য, গভীর পড়াশোনা, লক্ষ্য স্থির রাখা। এই পথ সাধারণত দীর্ঘমেয়াদী কেরিয়ারের জন্য উপযুক্ত। সরকারি ও বেসরকারি— দুই ক্ষেত্রেই সুযোগ থাকে। বৃত্তিমূলক কেরিয়ার মূলত হাতে-কলমে কাজ শেখানো ও নির্দিষ্ট দক্ষতা তৈরি করার ওপর ভিত্তি করে তৈরি। এটি সরাসরি কোনো নির্দিষ্ট চাকরির জন্য প্রস্তুত করে। উদাহরণ : ইলেক্ট্রিশিয়ান, প্লাম্বার, IT বিশেষজ্ঞ, জুয়েলারি ডিজাইন, ট্রাভেল ও ট্যুরিজম, হসপিটালিটি ইত্যাদি। এগুলো সাধারণত সার্টিফিকেট, ডিপ্লোমা বা অ্যাপ্রেন্টিসশিপের মাধ্যমে করা যায়। এর সুবিধা : কম সময় লাগে, খরচ তুলনামূলক কম, দ্রুত চাকরির সুযোগ পাওয়া যায়। ITI, Polytechnic Diploma, B.Voc-এর মতো কোর্স সরকারি ও বেসরকারি উভয় ক্ষেত্রেই চাকরির সুযোগ তৈরি করে। Professional Career এর মূল লক্ষ্য : বিষয়ের গভীর জ্ঞান, গবেষণা, তত্ত্ব ও প্রয়োগ। সময়কাল : সাধারণত ৩-৪ বছরের ডিগ্রি, এরপর উচ্চশিক্ষা হতে পারে। চাকরিতে প্রবেশ : অনেক সময় পড়াশোনা শেষ করার পর। উদাহরণ : Engineering, Medicine, Law, Teaching, Research, Data Science, Corporate Management. সুবিধা : ভবিষ্যতে ক্ষেত্র পরিবর্তনের সুযোগ বেশি। অসুবিধা : সময় ও খরচ বেশি লাগে, দ্রুত চাকরি নিশ্চিত নয়। Vocational Career এর মূল লক্ষ্য : সরাসরি কাজের জন্য প্রয়োজনীয় ব্যবহারিক দক্ষতা তৈরি করা। সময়কাল : কয়েক মাস থেকে ২ বছর পর্যন্ত হতে পারে। চাকরিতে প্রবেশ : তাড়াতাড়ি সম্ভব। উদাহরণ : Automotive Repair, Plumbing, Culinary Arts, Beuty & Cosmetology, CNC Operator, Digital Marketing, Aviation Training. সুবিধা : কম খরচে দ্রুত কর্মসংস্থানের সুযোগ। অসুবিধা : উচ্চ পর্যায়ের ম্যানেজমেন্টে যাওয়া বা ক্ষেত্র পরিবর্তনের সুযোগ কিছু ক্ষেত্রে সীমিত হতে পারে।

**বিজ্ঞান বিভাগ** : বিজ্ঞান বিভাগের ভোকেশ্নাল পথ (যেমন ITI, Diploma বা Certificate Course) সরাসরি নির্দিষ্ট চাকরির দক্ষতা তৈরি করে। (১) স্বাস্থ্য ও প্যারামেডিক্যাল কোর্স : Diploma in Medical Lab Technology (DMLT), BMLT, Radiology Technician, Operation Theatre Technician (OTT), Dialysis Technician, EMT ইত্যাদি। কেরিয়ার : Lab Technician, X-Ray/MRI Technician Assistant, Dialysis Technician ইত্যাদি। মূল লক্ষ্য : হাতে-কলমে ক্লিনিক্যাল দক্ষতা, রোগ নির্ণয় ও রোগীর সহায়তা প্রদান। (২) IT, Software & Cybersecurity কোর্স : Data Analytics, Cybersecurity, Networking, Software Testing, Ethical Hacking. কেরিয়ার : Cybersecurity Analyst, Data Analyst, Network Administrator, Ethical Hacker. মূল লক্ষ্য : কোডিং, সাইবার সিকিউরিটি, IT Infrastructure পরিচালনার বাস্তব দক্ষতা তৈরি। (৩) Specialized Technical & Applied Science কোর্স : Diploma Engineering (Polytechnic), Electrical, Civil, Mechanical, Computer Science, Biotechnology, B.Voc, ITI. কেরিয়ার : Junior Engineer, Quality Control Inspector, Maintenance Supervisor. মূল লক্ষ্য : মেশিন পরিচালনা, উৎপাদন, রক্ষণাবেক্ষণ ও প্রযুক্তিগত দক্ষতা। জনপ্রিয় Vocational Qualification— ITI (Industrial Training Institute) : Electrician, Fitter, Instrument Mechanic ইত্যাদি ট্রেডে ব্যবহারিক প্রশিক্ষণ। D.Voc / B.Voc : ইন্ডাস্ট্রি ভিত্তিক স্কিল ও সাধারণ শিক্ষার সমন্বয়। Advanced Diploma : Agriculture, Food Science, Biotechnology, Cosmetology ইত্যাদি ক্ষেত্রে।

**Science পেশাগত কেরিয়ার** : (১) Computer Science & Emerging Technologies কোর্স : B.Tech / B.E. in Computer Science, Artificial Intelligence, Data Science, Cybersecurity, BCA, B.Sc. Computer Science. কেরিয়ার : AI/ML Engineer, Data Scientist, Full Stack Developer, Cybersecurity Analyst. কেন বেছে নেবেন : ডিজিটাল যুগে প্রযুক্তির চাহিদা দ্রুত বাড়ছে। AI-এর সঙ্গে দক্ষতা যোগ হলে ভবিষ্যতের সুযোগ আরো বৃদ্ধি পায়। (২) Medicine & Healthcare কোর্স : MBBS, MD, MS, BDS, B.Sc. Nursing, Nutrition & Dietitics. কেরিয়ার : Doctor, Surgeon, Clinical Specialist, Nurse, Dietician, Nutritionist. কেন বেছে নেবেন : সমাজে সম্মান, চাকরির নিরাপত্তা ও দীর্ঘমেয়াদী সুযোগ রয়েছে। (৩) Pharmacy & Biotechnology কোর্স : B.Pharm, Biotechnology, Food Technology, Clinical Research. কেরিয়ার : Research Scientist, Biotechnologist, Pharmacist, Food Technologist. কেন বেছে নেবেন : ওষুধ, গবেষণা ও খাদ্য নিরাপত্তার ক্ষেত্রে বড় সুযোগ রয়েছে। (৪) Applied Science & Research কোর্স : Data Science, Forensic Science, Environmental Science. ক্যারিয়ার : Data Analyst, Forensic Scientist, Environmental Consultant. কেন বেছে নেবেন : যারা গবেষণা, পরিবেশ বা ডেটা-ভিত্তিক কাজে আগ্রহী তাদের জন্য ভালো বিকল্প।

**Commerce (বাণিজ্য বিভাগ)** : Commerce Vocational Career (বৃত্তিমূলক কেরিয়ার) : (১) Finance, Accounting & Taxation (অর্থ, হিসাব ও কর ব্যবস্থা) : এই কোর্সগুলো বাণিজ্যের মূল বিষয়ের ওপর ভিত্তি করে তৈরি ও দ্রুত চাকরির জন্য প্রস্তুত করে। কোর্স : Diploma in Business Accounting & Taxation, Diploma in Accounting & Taxation, Tally & GST Certificate Course, Banking, Finance & Insurance Diploma. কেরিয়ার : Junior Accountant, Accountant, Auditor Assistant, Financial Assistant. সময়কাল : সাধারণত ৩ মাস থেকে ১ বছর। (২) Marketing & Management : ব্যবসা পরিচালনা, বিক্রয় ও বিজ্ঞাপনের ক্ষেত্রে আগ্রহ থাকলে এই পথ ভালো। কোর্স : Diploma in Digital Marketing. শেখানো হয় : SEO, Social Media Marketing, Online Advertising, Digital Analytics. কেরিয়ার : Digital Marketer, Marketing Executive, Business Development Executive. (৩) B.Voc Degree Programs : যারা ৩ বছরের ডিগ্রি কোর্স চান কিন্তু বেশি ব্যবহারিক শিক্ষা চান তাদের জন্য। কোর্স : B.Voc in Banking & Finance, B.Voc in Accounting, Taxation & Auditing, B.Voc in Retail Management & Logistics. (৪) IT & Software (Commerce Students) : বর্তমানে অনেক কমার্স ছাত্র IT ও Software ক্ষেত্রেও যাচ্ছে। কোর্স : Diploma in Computer Applicartion (DCA), Web Designing, Software Testing, Python, UI/UX Design, Data Analytics. কেরিয়ার : Web Developer, Data Analysit, IT Support.

**Commerce Professional Career (পেশাগত কেরিয়ার)** : (১) Accounting & Taxation. কোর্স : CA, CS, CMA, ACCA. কেরিয়ার : Chartered Accountant, Tax Consultant, Auditor, Corporate Finance Professional. যাদের জন্য উপযুক্ত : যাদের হিসাব, বিশ্লেষণ ও ফাইন্যান্সে আগ্রহ আছে। (২) Banking & Finance কোর্স : CFA, B.Com. in Financial Markets, BBA in Banking & Finance, Financial Planning Courses. কেরিয়ার : Investment Banker, Financial Analyst, Portfolio Manager. ক্ষেত্র : ব্যাংকিং, শেয়ার মার্কেট, সম্পদ ব্যবস্থাপনা। (৩) Corporate Law & Governance কোর্স : Company Secretary (CS), BA LLB, B.Com. LLB, কেরিয়ার : Company Secretary, Corporate Lawyer, Legal Consultant. মূল লক্ষ্য : কোম্পানির আইন, নিয়ম ও কর্পোরেট পরিচালনা। (৪) Business Management & Strategy কোর্স : BBA, BMS, MBA. কেরিয়ার : HR Manager, Marketing Manager, Finance Manager, Business Consultant. (৫) Data Analyst, Business Intelligence Specialist, FinTech Consultant. মূল লক্ষ্য : ব্যবসার ডেটা বিশ্লেষণ করে সিদ্ধান্ত নেওয়া।

**Humanities (মানবিক বিভাগ)** : বৃত্তিমূলক কেরিয়ার : (১) Media, Mass Communication & Digital Marketing. কেন বেছে নেবেন : ডিজিটাল যুগে কনটেন্ট, মিডিয়া ও মার্কেটিংয়ের চাহিদা অনেক। কোর্স : Journalism & Mass Communication, Digital Marketing, Animation & Design. (২) Law & Legal Studies কোর্স : Paralegal Practice, Cyber Law, Intellectual Property Rights, Labour Law. কেরিয়ার : Legal Assistant, Compliance Executive. (৩) Design, Animation & Fine Arts কোর্স : Fine Arts, 2D/3D Animation, Motion Graphics, VFX, Visual Communication. কেরিয়ার : Animator, Graphic Designer, Creative Professional. (৪) Psychology & Allied Sciences কোর্স : Psychological Counselling, Child Guidance, Corporate Psychology. কেরিয়ার : Counsellor, HR Professional, Psychology Assistant. (৫) Hospitality, Travel & Event Management কোর্স : Hospitality, Travel Operations, Event Management. কেরিয়ার : Hotel Management Professional, Event Planner, Tourism Executive.

**Humanities Professional Career (পেশাগত কেরিয়ার)** : (১) আইন ও জননীতি : যাঁরা ন্যায়বিচার, প্রশাসন, আইন ও সমাজব্যবস্থা নিয়ে আগ্রহী তাঁদের জন্য এটি একটি ভালো ক্ষেত্র। কোর্স : BA LLB (Integrated), BBA LLB, LLB. কেরিয়ার : Corporate Lawyer, Advocate, Judge, Civil Servant (UPSC / State PSC). মূল লক্ষ্য : আইন, নীতি ও প্রশাসনিক ব্যবস্থার মাধ্যমে সমাজের সমস্যা সমাধান করা। (২) Media, Journalism & Marketing : যাঁদের যোগাযোগ দক্ষতা ভালো ও গল্প বলা বা তথ্য উপস্থাপনে আগ্রহ আছে তাঁদের জন্য। কোর্স : Bachelor of Journalism & Mass Communication (BJMC), BA Journalism, Media Studies. কেরিয়ার : Journalist, Content Strategist, Public Relations (PR) Specialist, Digital Marketer. মূল লক্ষ্য : মানুষের মতামত, ব্র্যান্ড ও মানসিক প্রক্রিয়া বোঝার জন্য এই ক্ষেত্র। কোর্স : BA/B.Sc. Psychology, Industrial Psychology, Applied Psychology. কেরিয়ার : Psychologist, Counsellor, HR Manager, Organizational Psychologist. মূল লক্ষ্য : মানুষের আচরণ বোঝা ও মানসিক সুস্থতায় সাহায্য করা। (৪) Design & Creative Arts : যাঁরা সৃজনশীল ও ডিজাইন, ফ্যাশন বা ভিজুয়াল কাজে আগ্রহী তাদের জন্য। কোর্স : Bachelor of Design (B.Des), Bachelor of Fine Arts (BFA), Graphic Design. কেরিয়ার : Fashion Designer, UI/UX Designer, Interior Designer, Animator. (৫) Economic & Business : যাঁরা অর্থনীতি, বাজার ও ব্যবসায়িক সিদ্ধান্ত নিয়ে আগ্রহী। কোর্স : BA/B.Sc. Economics, BBA, BMS, Business Economics. কেরিয়ার : Economist, Financial Analyst, Data Analyst, Investment Banker. মূল লক্ষ্য : সম্পদ ব্যবস্থাপনা, বাজার বিশ্লেষণ ও ব্যবসায়িক সিদ্ধান্ত নেওয়া।

**শেষ কথা (Career Coach-এর দৃষ্টিভঙ্গি)** : ওপরের আলোচনার মাধ্যমে বিজ্ঞান, বাণিজ্য ও মানবিক— ৩টি বিভাগের কিছু গুরুত্বপূর্ণ Professional ও Vocational Course ও তাদের চাকরির সম্ভাবনা তুলে ধরা হল। এছাড়াও Liberal Arts কোর্সগুলোর কথাও বলা দরকার। Liberal Arts এমন একটি শিক্ষা পদ্ধতি যেখানে Humanities, Social Science, Natural Science ও Arts— সব ক্ষেত্রের জ্ঞান একসঙ্গে শেখানো হয়। এর মূল উদ্দেশ্য : Critical Thinking (যুক্তিবোধ), Communication Skill, Problem Solving Ability বিকাশ করা। আমার মতে, একজন ছাত্রের কেরিয়ার নির্ভর করে তার : জ্ঞান অর্জনের মানসিকতা, মনোযোগ, যোগ্যতা, দক্ষতা, আগ্রহ, ব্যক্তিত্ব, লক্ষ্য এর ওপর। এছাড়াও বিবেচনা করতে হবে : পরিবারের আর্থিক অবস্থা, শিক্ষার্থীর সময় ও পরিস্থিতি, ভবিষ্যৎ পরিকল্পনা, পরিস্থিতি অনুযায়ী কেউ চাইলে Online বা Distance Mode-এ পড়াশোনার পাশাপাশি চাকরিও করতে পারে। প্রয়োজনে Psychometric Assessment Test-এর মাধ্যমে একজন শিক্ষার্থীর যোগ্যতা, আগ্রহ, ব্যক্তিত্ব, Career Preference বোঝা যায়। এরপর ছাত্র, অভিভাবক ও কেরিয়ার কাউন্সেলরের আলোচনার মাধ্যমে ঠিক করা যায়— Professional নাকি Vocational Career কোনটি শিক্ষার্থীর জন্য উপযুক্ত।

**উপসংহার** : চাকরি পাওয়া কঠিন, কিন্তু চাকরি ধরে রাখা তার থেকেও বেশি গুরুত্বপূর্ণ। বর্তমান চাকরির বাজারের সঙ্গে তাল মিলিয়ে চলতে হলে একজন ছাত্র বা পেশাজীবীকে সবসময় নিজের দক্ষতা বৃদ্ধি করার চেষ্টা করতে হবে।

## ৯৫ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

৯৫ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস ট্রেনি** : ইঞ্জিনিয়ারিংয়ের সংশ্লিষ্ট শাখার ডিগ্রি কোর্স পাশ হলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। স্টাইপেন্ড মাসে ১২,৩০০ টাকা। শূন্যপদ : কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং অ্যালায়েড ব্রাঞ্চ (বেঙ্গালউরু: ২০, লখনৌ ২, শ্রী বিজয়াপুরম ১)। ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং অ্যান্ড অ্যালায়েড ব্রাঞ্চ (বেঙ্গালউরু: ২০, লখনৌ ৫, শ্রী বিজয়াপুরম ৩)। ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং অ্যান্ড অ্যালায়েড ব্রাঞ্চ (বেঙ্গালউরু: ২, লখনৌ ১)। মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড অ্যালায়েড ব্রাঞ্চ (বেঙ্গালউরু ৩, লখনৌ ১)। সিভিল (বেঙ্গালউরু ১)। বি.এসসি (সি.এস. / আই.টি.) (শ্রী বিজয়াপুরম ১টি), লাইব্রেরি সায়েন্স (বেঙ্গালউরু ১টি, লখনৌ ১টি)।

**ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস ট্রেনি** : ইঞ্জিনিয়ারিংয়ের সংশ্লিষ্ট শাখার ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। স্টাইপেন্ড মাসে ১০,৯০০ টাকা। শূন্যপদ : কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং অ্যালায়েড ব্রাঞ্চ (বেঙ্গালউরু ৫, লখনৌ ১, শ্রী বিজয়াপুরম ১)। ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং অ্যান্ড অ্যালায়েড ব্রাঞ্চ (বেঙ্গালউরু ৪, লখনৌ ১, শ্রী বিজয়াপুরম ১)। ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং অ্যান্ড অ্যালায়েড ব্রাঞ্চ (বেঙ্গালউরু ১, লখনৌ ১, শ্রী বিজয়াপুরম ১)। মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড অ্যালায়েড ব্রাঞ্চ (বেঙ্গালউরু: ২, লখনৌ ১)। সিভিল (বেঙ্গালউরু ১)। কমার্শিয়াল প্র্যাক্টিস (বেঙ্গালউরু ৫)।

**আই.টি.আই. অ্যাপ্রেন্টিস ট্রেনি** : মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে সংশ্লিষ্ট ট্রেডে সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। স্টাইপেন্ড মাসে ৯,৬০০ টাকা। শূন্যপদ: ইলেক্ট্রনিক্স মেকানিক (বেঙ্গালউরু ৩, লখনৌ ১)। মেশিনিস্ট (বেঙ্গালউরু ১)। ইলেক্ট্রিক্যাল (বেঙ্গালউরু ১)। আই.টি.-টি.এস.এম. (শ্রী বিজয়াপুরম ১)। ফিটার (শ্রী বিজয়াপুরম ১টি)।

সব পদের বেলায় তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। ২০২৪, ২০২৫, ২০২৬ সালে পাশ হতে হবে। এই পদের বিজ্ঞপ্তি নং : ISTRAC : 01:2026, Dates : June 22, 2026. প্রার্থী বাছাই হবে স্ক্রিনিং টেস্ট বা, ইন্টারভিউয়ের মাধ্যমে। লখনৌয়ের বেলায় ২৭-২৮ আগস্ট, শ্রী বিজয়াপুরমের বেলায় ৩-৪ সেপ্টেম্বর, বেঙ্গালউরু ৯-১১ সেপ্টেম্বর।

আগ্রহী প্রার্থীদের প্রথমে 'ন্যাটস' পোর্টালে গিয়ে নাম রেজিস্ট্রেশন করতে হবে, ৩১ জুলাইয়ের মধ্যে। এই ওয়েবসাইটে : https://nats.education.gov.in, www.apprenticeshipindia.org আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.rac.gov.in

# সাধারণ জ্ঞান

এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এ নিয়ে যতটা গুরুত্ব দেওয়া উচিত ছেলেমেয়েরা ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা প্রায় অসম্ভব। এই সমস্যা সমাধানে এবার থেকে সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে চাকরির উপযোগী পুরোপুরি নতুন ধরনের সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দেওয়া হচ্ছে।

## সাধারণ বিজ্ঞান

১।বস্তুর ওজন কোথায় সবথেকে বেশি হয় — মেরু অঞ্চলে।

২। যেসব অণুজীব রোগ সৃষ্টি করে, তাদের বলা হয় — প্যাথোজেনিক।

৩। মানুষের রক্তে লোহিত কণিকা কোথায় সঞ্চিত থাকে — প্লীহা।

৪। মহিষের দুধে গড় চর্বির পরিমাণ কত — ৭.২%।

৫। পারদের কোন যৌগ জীবাণুনাশক হিসাবে ব্যবহৃত হয় — মার্কিউরিক ক্লোরাইড (ফর্মুলা - $HgCl_2$)।

৬। পদার্থের চতুর্থ অবস্থাকে বলা হয় — প্লাজমা (প্রচলিত কঠিন, তরল ও গ্যাসীয় অবস্থা ছাড়াও)।

৭। ক্যান্সার চিকিৎসায় ব্যবহৃত গামা বিকিরণের উৎস হল — আইসোটোপ।

৮। অস্বচ্ছ বস্তুতে কীভাবে রং দেখা যায় — প্রতিফলন।

## ইতিহাস

৯। কোন দেশে 'আজাদ হিন্দ ফৌজ' গঠিত হয়েছিল — সিঙ্গাপুর (১৯৪৩ সালে)।

১০।'মাদ্রাজ লেবার ইউনিয়ন' প্রতিষ্ঠা করেছিলেন — বি.পি.ওয়াদিয়া (১৯১৮ সালের ১৩ এপ্রিল)।

১১। ১৮০২ সালে ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানির সঙ্গে বেসিন চুক্তি স্বাক্ষর করেছিলেন — পেশোয়া দ্বিতীয় বাজিরাও।

১২।কবীর কোন সাধকের শিষ্য ছিলেন — রামানন্দ।

১৩। কাশ্মীরে শালিমার ও নিশাত উদ্যানের ভিত্তি স্থাপন করেছিলেন — জাহাঙ্গীর (১৬১৯ খ্রিস্টাব্দে এটি উন্মুক্ত করা হয়েছিল)।

১৪। কোন মোগল শাসক 'সতী' প্রথার বিরুদ্ধে ব্যবস্থা নিয়েছিলেন — আকবর।

১৫। কোন স্থান ভারতীয় উপমহাদেশে কৃষিকাজের প্রাচীনতম নিদর্শন প্রদান করেছে — মেহেরগড় (পাক-ই-স্তানের বালুচিস্তান প্রদেশে অবস্থিত)।

১৬। হেলিওডোরাস কোন ইন্দো-গ্রিক রাজার গ্রিক রাষ্ট্রদূত ছিলেন — আন্তিয়ালসিডাস নিকেফোরোস।

## ভূগোল

১৭।ক'টি দেশ ভারতের সঙ্গে সামুদ্রিক সীমান্ত ভাগ করে নেয় — ৭টি (বাংলাদেশ, ইন্দোনেশিয়া, মায়ানমার, পাক-ই-স্তান, তাইল্যান্ড, শ্রীলঙ্কা ও মলদ্বীপ)।

১৮। কোন রাজ্যে 'সিদ্দি' নামক কালো আফ্রিকান বংশোদ্ভূত ভারতীয় জাতিগোষ্ঠীর জনসংখ্যা সবথেকে বেশি — কর্ণাটক (ভারতে আনুমানিক ৫০,০০০ সিদ্দি লোকের মধ্যে এক তৃতীয়াংশেরও বেশি ওই রাজ্যে বাস করে)।

১৯। 'নব সেবা'র অন্য নাম কী, যা ভারতের বৃহত্তম কন্টেইনার বন্দর ও দেশের মোট কার্গো ট্র্যাফিকের প্রায় ৫০% পরিচালনা করে — জওহরলাল নেহরু বন্দর (মুম্বইয়ে অবস্থিত)।

২০। ভারতের বেশিরভাগ পাটকল কোন রাজ্যে আছে — পশ্চিমবঙ্গ।

২১। ভারতের সর্বাধিক লবণ উৎপাদনকারী রাজ্য কোনটি — গুজরাত (দেশের মোট লবণ উৎপাদনের প্রায় ৭০% জোগান দেয়)।

২২। বিখ্যাত শৈলশহর 'জোয়াই' ভারতের কোন রাজ্যে অবস্থিত — মেঘালয়।

২৩। ৩০০ ফুট উঁচু খাড়া পাহাড়বেষ্টিত বিশাল গিরিখাত 'হান্ডি খো' মধ্য প্রদেশের কোন স্থানে অবস্থিত — পাঁচমারি।

২৪। কোন মাছের প্রজাতিটি 'কৃষ্ণা' নদীতে একটি আক্রমণাত্মক প্রজাতি হিসাবে শনাক্ত হয়েছে, যা অন্যান্য প্রজাতির মাছের সংখ্যা কমে যাওয়ার কারণ হয়ে দাঁড়িয়েছে — ফেরাল ফিশ।

## অর্থনীতি

২৫। ২১ এপ্রিল পর্যন্ত, 'অটল পেনশন যোজনা'য় মোট তালিকাভুক্তির সংখ্যা মোট কত কোটি ছাড়িয়ে গেছে — ৯ কোটি।

২৬। এবছরের এপ্রিলে ভারতের জিএসটি সংগ্রহ রেকর্ড কত টাকায় পৌঁছেছে — ২.৪২ লাখ কোটি।

২৭। গ্রামীণ এলাকার মহিলাদের মাধ্যমে পরিচালিত গোষ্ঠীগুলিকে ক্ষমতায়ন করতে, 'স্বনির্ভর গোষ্ঠী সেভিংস অ্যাকাউন্ট' চালু করল কোন সংস্থা — ইন্ডিয়া পোস্ট পেমেন্টস ব্যাঙ্ক।

২৮। 'ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক'এর ডেপুটি গভর্নর হিসাবে নিযুক্ত হলেন কে — রোহিত জৈন।

২৯। ভারতের সোনার বাজারকে আধুনিকীকরণ ও আনুষ্ঠানিক করার জন্য 'ইলেক্ট্রনিক গোল্ড রিসিপ্ট' চালু করল কোন সংস্থা — ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া।

## সাম্প্রতিক ঘটনা

৩০। আনুষ্ঠানিকভাবে লাদাখে নতুন ক'টি জেলা গঠনের কথা ঘোষণা করলেন



লেফটেন্যান্ট গভর্নর ভি.কে.সাক্সেনা — ৫টি (নুব্রা, শাম, চাংথাং, জান্সকার ও দ্রাস)।

৩১। সম্প্রতি প্রয়াত ভরত কাপুর (৮০ বছর) কে ছিলেন — বলিউড অভিনেতা (২৭ এপ্রিল মারা যান তিনি)।

৩২। ভারতের সমৃদ্ধ সঙ্গীত ঐতিহ্য সংরক্ষণ ও প্রসারে আজীবন অবদানের স্বীকৃতি হিসাবে, 'সুর জ্যোৎস্না জাতীয় সঙ্গীত পুরস্কার' পেলেন কারা — প্রখ্যাত হিন্দুস্তানি কণ্ঠশিল্পী সুমিত্রা গুহ ও প্রথাগত সঙ্গীতের এক শ্রদ্ধেয় ব্যক্তিত্ব পণ্ডিত লক্ষ্মণ কৃষ্ণরাও পণ্ডিত।

৩৩। কাকে ভারত ও দক্ষিণ এশিয়ার জন্য গ্রুপ কান্ট্রি ম্যানেজার হিসাবে নিয়োগ করল বৈশ্বিক পেমেন্ট জায়ান্ট 'ভিসা ইনকর্পোরেটেড' — সুরেশ শেঠি।

৩৪। 'স্টিল অথরিটি অফ ইন্ডিয়া লিমিটেড'এর চিফ ভিজিল্যান্স অফিসার এখন কে — দিলীপ কুমার।

৩৫। 'নীতি আয়োগ'এর ভাইস চেয়ারপার্সন হিসাবে নিযুক্ত হলেন কে — অর্থনীতিবিদ অশোক কুমার লাহিড়ী।

৩৬। ২০২৫-'২৬ আর্থিক বছরে ভারতকে পিছনে ফেলে, বাংলাদেশে শীর্ষ ভুট্টা রফতানিকারক দেশে পরিণত হল কারা — ব্রাজিল।

৩৭। কোথায় রোবোটিক অর্থোপেডিক সিস্টেম ও প্রসূতি অপারেশন থিয়েটারের উদ্বোধন করলেন প্রতিরক্ষা সচিব রাজেশ কুমার সিং — দিল্লি ক্যান্টনমেন্টের ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালে।

৩৮। 'আন্তর্জাতিক নৃত্য দিবস' কবে পালিত হয় — ২৯ এপ্রিল।

৩৯। ইউরোপের প্রথম পূর্ণাঙ্গ সমন্বিত লিথিয়াম প্রকল্প চালু হল কোন দেশে — ফিনল্যান্ড।

৪০। আবহাওয়া পর্যবেক্ষণ ব্যবস্থা জোরদার করার লক্ষ্যে, 'মিশন মৌসম'এর অধীনে, কোন রাজ্যের মহাবালেশ্বরে অবস্থিত 'হাই অল্টিটিউড ক্লাউড ফিজিক্স ল্যাবরেটরি'তে একটি এক্স-ব্যান্ড ডপলার ওয়েদার রাডারের উদ্বোধন করল পুণের 'ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ট্রপিক্যাল মেটেওরোলজি' — মহারাষ্ট্র।

৪১। চতুর্থ 'ভারত-আফ্রিকা ফোরাম সামিট' কোথায় হয়েছে — নয়াদিল্লি (৩১ মে)।

৪২। সম্প্রতি প্রয়াত মুনি নারায়ণ প্রসাদ (৮৭ বছর) কে ছিলেন — প্রখ্যাত আধ্যাত্মিক নেতা।

সঙ্কলক : পলি দেওয়ান

## কৃতী শিক্ষার্থীদের সম্মানে অনবদ্য রাইসের ১৬তম সমাবর্তন উৎসব




পারমিতা মিত্র, নিউটাউন: ২৮ জুন কলকাতার নিউটাউনে বিশ্ববাংলা এক্সিবিশন সেন্টারে হয়েগেল শিক্ষা ক্ষেত্রে রাজ্যের অন্যতম সেরা সংস্থা রাইস এডুকেশনের ১৬তম সমাবর্তন উৎসব। উপস্থিত ছিলেন রাইস অ্যাডামাস গ্রুপের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান প্রফেসর ড. সমিত রায়, শিক্ষামন্ত্রক ও উত্তর পূর্বাঞ্চল মন্ত্রকে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী তথা সাংসদ ড. সুকান্ত মজুমদার ও প্রাক্তন অতিরিক্ত প্রধান সচিব (আইটি / ইউডি) দেবাশীষ সেন। এই ঐতিহাসিক সমাবর্তন অনুষ্ঠানে রাইসের বিভিন্ন শাখা থেকে প্রায় ৪০০০ জন ছেলেমেয়ে উপস্থিত ছিলেন। যেসব ছেলেমেয়ে রাজ্য ও কেন্দ্রীয় সরকারের চাকরি পরীক্ষায় নজির স্থাপন করছেন তাদের বিশেষভাবে সম্মানিত করা হল। ১৯৮৫ সালে কলকাতার উত্তর প্রান্তের যতীনদাস নগরের একটি ছোট ঘর থেকে শুরু হয়ে রথতলা রোডের ৫তলা বিশাল ভবনের এই যাত্রাপথ যেমন সুদীর্ঘ তেমনই রোমাঞ্চকর। চেয়ারম্যান অধ্যাপক ড. সমিত রায়ের অক্লান্ত পরিশ্রম, বাংলার ছেলেমেয়েদের সরকারি চাকরির স্বপ্ন দেখাতে যে নিরন্তর সাহস জুগিয়েছে, তা এককথায় অনস্বীকার্য। ক্লাসরুমের আধুনিকতা থেকে শুরু করে ছেলেমেয়েদের উপযোগী শিক্ষাদানের আধুনিক পদ্ধতির পথ ধরে সুন্দরভাবে এগিয়ে চলেছে এই প্রতিষ্ঠান। তাই আজ পূর্ব ভারতের সরকারি চাকরির পরীক্ষার অন্যতম সেরা প্রতিষ্ঠান হিসাবে রাইসের নাম দিকে দিকে ছড়িয়ে পড়েছে। অনুষ্ঠানের শেষে ধন্যবাদ জ্ঞাপন বক্তব্য রাখেন সংস্থার সিইও সোমনাথ আচার্য্য।




## রেলে ১১৯ সেকশন কন্ট্রোলার

১ পাতার পর

মজঃফরপুর, সেকেন্দরাবাদ ও তিরুবনন্তপুরম রেল রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে রেলের বিভিন্ন জোনে 'সেকশন কন্ট্রোলার' পদে ১১৯ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে।

যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১-৭-২০২৬'এর হিসাবে ২০ থেকে ৩৩ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি'রা ৩ বছর, বিধবা, বিবাহ-বিচ্ছিন্না মহিলারা, প্রতিবন্ধী আর রেলের কর্মী ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। দৃষ্টিশক্তি দরকার A-2. বেসিক পে ৩৫,৪০০ টাকা। শূন্যপদ : ১১৯টি। এই পদের বিজ্ঞপ্তি নং Centralised Employment Notice No. CEN 03/2026.

প্রার্থী বাছাই পরীক্ষা : সব রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায়ই প্রার্থী বাছাইয়ের জন্য অনলাইন সি.বি.টি. টেস্ট হবে। কম্পিউটার বেসড টেস্টে ১০০ নম্বরের ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) অ্যানালিটিক্যাল অ্যান্ড ম্যাথমেটিক্যাল ক্যাপাবিলিটি -৬০ নম্বরের ৬০টি প্রশ্ন, (২) লজিক্যাল ক্যাপাবিলিটি- ২০ নম্বরের ২০টি প্রশ্ন, (৩) মেন্টাল রিজনিং - ২০ নম্বরের ২০টি প্রশ্ন। সময় থাকবে ১২০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। এরপর সার্টিফিকেট ভেরিফিকেশন ও ডাক্তারি পরীক্ষা হবে। প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৫ জুলাই থেকে ১৪ আগস্ট পর্যন্ত। যিনি যে রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডে দরখাস্ত করতে চান, সেই রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের ওয়েবসাইটে দরখাস্ত করবেন। তখন পরীক্ষা ফী বাবদ ৫০০ (তপশিলী, প্রতিবন্ধী, মহিলা, প্রাক্তন সমরকর্মী, ট্রান্সজেন্ডার, সংখ্যালঘু, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া প্রার্থীদের বেলায় ২৫০) টাকা অনলাইনে ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে জমা দেবেন, ১৪ আগস্টের মধ্যে। সি.বি.টি. পরীক্ষা দিলে ৪০০ টাকা (তপশিলী, প্রতিবন্ধী, মহিলা, প্রাক্তন সমরকর্মী, ট্রান্সজেন্ডার, সংখ্যালঘু, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া প্রার্থীদের বেলায় ২৫০) টাকা ফেরৎ পাবেন। কোন রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় কোন ওয়েবসাইটে দরখাস্ত করবেন : কলকাতা রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbkolkata.gov.in, মালদহ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbmalda.gov.in, শিলিগুড়ি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbsiliguri.gov.in, রাঁচি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbranchi.gov.in, পটনা রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbpatna.gov.in, গুয়াহাটি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbguwahati.gov.in, আহমেদাবাদ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbahmedabad.gov.in, আজমীর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbajmer.gov.in, বেঙ্গালউরু রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbnc.gov.in, ভোপাল রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbhopal.gov.in, ভুবনেশ্বর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbbs.gov.in, বিলাসপুর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbilaspur.gov.in, চণ্ডীগড় রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbcdg.gov.in, চেন্নাই রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbchennai.gov.in, গোরক্ষপুর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbgkp.gov.in, জম্মু-শ্রীনগর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbjammu.nic.in, মুম্বই রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbmumbai.gov.in, মজঃফরপুর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbmuzaffarpur.gov.in, সেকেন্দ্রাবাদ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbsecunderabad.gov.in, তিরুবনন্তপুরম রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbthiruvananthapuram.gov.in. প্রয়াগরাজ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbald.gov.in

## সরকারি চাকরিতে সংরক্ষণ কোটা

১ পাতার পর

জাতি ২২টি (ছেলেমেয়ের জন্য ১৫টি, শুধু মেয়েদের জন্য ৭টি), তপশিলী উপজাতি ৬টি (ছেলেমেয়ের জন্য ৪টি, শুধুমাত্র মেয়েদের জন্য ২টি), ই.ডব্লু.এস. ১০টি (ছেলেমেয়ের জন্য ১০টি, এখানে মেয়েদের আলাদা সংরক্ষণ নেই)।

তাহলে বোঝা গেল, ১০০টি শূন্যপদের মধ্যে শুধুমাত্র মেয়েদের জন্য শূন্যপদ আছে ২৯টি আর ৭১টি শূন্যপদের মধ্যে ছেলেমেয়ে উভয়েই শূন্যপদ আছে অর্থাৎ, এক্ষেত্রে ছেলেমেয়ে উভয়ই প্রতিযোগিতা করতে পারবে। মেয়েদের চাকরির সুযোগ বাড়ছে। তুলনামূলকভাবে ছেলেদের প্রতিযোগিতা বেড়েছে।

## কেন্দ্রীয় সরকারের ধাঁচে প্রকাশিত হবে

১ পাতার পর

সরকারের প্রতিটি পরীক্ষা হবে নিয়মিতভাবে। এজন্য বার্ষিক রুটিনও চালু হতে চলেছে। আপনারা ভরসা রাখুন, খুব শিগগিরই নিয়োগ সংক্রান্ত বিধি প্রকাশিত হবে। এজন্য রাজ্যের রিক্রুটমেন্ট এজেন্সিগুলিকে ঢেলে সাজানো হচ্ছে।

তুলসীর সরকারি চাকরির সেরা বই
TULSHIR PRIMARY TET HANDBOOK & PRACTICE SET, TULSHIR UPPER PRIMARY TET HANDBOOK & PRACTICE SET (SCIENCE & ARTS) এবং তুলসীর পরিবেশবিদ্যা (পেডাগজি-সহ)
তুলসীর গ্রাম পঞ্চায়েত হ্যান্ডবুক ও প্র্যাকটিস সেট
TULSHIR POLICE HANDBOOK & PRACTICE SET
এ ছাড়া সংবিধান, অর্থনীতি, ইতিহাস, ভূগোল, সাধারণ বিজ্ঞান, গণিত ও ইংরেজি বিষয়ের আলাদা আলাদা বইগুলি সমস্ত প্রতিযোগিতামূলক পরীক্ষার জন্য উপযুক্ত।
Tulshi Publishing
9903210844 / 8100480354

কর্মসংস্থান গোষ্ঠীর
সাফল্য
কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল প্রিলিমিনারি
PSC মিসলেনিয়াস প্রিলি
৩২পাতার বিশেষ ক্রোড়পত্র
রেল গ্রুপ 'ডি'
শীঘ্র পেতে যোগাযোগ করুন
হেল্পলাইন :-6291684943

## ব্যাঙ্কে ৫ হাজার প্রবেশনারি অফিসার

১ পাতার পর

'ইনস্টিটিউট অফ ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন (আই.বি.পি.এস.)'এর মাধ্যমে।

যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১-৭-২০২৬'র হিসাবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে, অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ২-৭-১৯৯৬ থেকে ১-৭-২০০৬'এর মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ বছর ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ৪৮,৪৮০-৮৫,৯২০ টাকা।

প্রার্থী বাছাই হবে অনলাইন (প্রিলিমিনারি ও মেন) পরীক্ষার মাধ্যমে। প্রথমে অনলাইন প্রিলিমিনারি পরীক্ষা হবে আগস্টে। পূর্ব ভারতে এইসব কেন্দ্রে : পশ্চিমবঙ্গের গ্রেটার কলকাতা, শিলিগুড়ি, হাওড়া, দুর্গাপুর, আসানসোল, হুগলি, কল্যাণী। অসমের ডিব্রুগড়, গুয়াহাটি, জোড়হাট, শিলচর, তেজপুর। বিহারের ভাগলপুর, দ্বারভাঙা, মজঃফরপুর, পটনা, পূর্ণিয়া, সমস্তিপুর, গয়া, আরা, ঔরঙ্গাবাদ। ঝাড়খণ্ডের বোকারো স্টিল সিটি, ধানবাদ, জামশেদপুর, হাজারিবাগ, রাঁচি। ওড়িশার বালাশোর, বেরহামপুর (গঞ্জাম), ভুবনেশ্বর, কটক, ঢেঙ্কানল, রৌরকেল্লা, সম্বলপুর। সিকিমের বারডাং /গ্যাংটক। ত্রিপুরার আগরতলা। প্রশ্ন হবে ইংরিজিতে।

প্রিলিমিনারি পরীক্ষায় অবজেক্টিভ টাইপের পার্টে ১০০ নম্বরের ১ ঘন্টার প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) ইংলিশ ল্যাঙ্গোয়েজ-৩০ নম্বর, (২) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড-৩৫ নম্বর, (৩) রিজনিং এবিলিটি -৩৫ নম্বর। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। ওই তিনটি বিষয়ের প্রতিটিতে কাট-অফ নম্বর পেয়ে থাকতে হবে। কাট-অফ নম্বর কত থাকবে তা আই.বি.পি.এস. ঠিক করবে। কল লেটার ডাউনলোড করতে পারবেন আগস্টে। প্রিলিমিনারি পরীক্ষার ফল বেরোবে সেপ্টেম্বরে।

এরপর অনলাইন মেন পরীক্ষা। মেন পরীক্ষা হবে অক্টোবরে, আসানসোল, গ্রেটার কলকাতা, কল্যাণী, শিলিগুড়িতে। এই পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের ২০০ নম্বরের ১৪৫টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) রিজনিং-৬০ নম্বরের ৪০টি প্রশ্ন। সময় থাকবে ৫০ মিনিট। (২) ইংলিশ ল্যাঙ্গোয়েজ-৪০ নম্বরের ৩৫টি প্রশ্ন। সময় থাকবে ৪০ মিনিট। (৩) জেনারেল /ইকনমি /ব্যাঙ্কিং অ্যাওয়ারনেস - ৫০ নম্বরের ৩৫টি প্রশ্ন। সময় থাকবে ২৫ মিনিট। (৪) ডাটা অ্যানালাইসিস অ্যান্ড ইন্টারপ্রিটেশন-৫০ নম্বরের ৩৫টি প্রশ্ন। সময় থাকবে ৪৫ মিনিট।

এছাড়াও ইংলিশ ল্যাঙ্গোয়েজ (চিঠি লেখা ও প্রবন্ধ লেখা) পেপারে ২৫ নম্বরের ২টি প্রশ্ন। সময় থাকবে ৩০ মিনিট।

প্রশ্ন হবে ইংরিজিতে। মেন পরীক্ষার কল লেটার ডাউনলোড করতে পারবেন সেপ্টেম্বর-অক্টোবরে।

প্রিলিমিনারি ও মেন পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে। প্রিলিমিনারি পরীক্ষায় সফল হলে তবেই মেন পরীক্ষার জন্য ডাকা হবে। মেন পরীক্ষার ফল বেরোবে নভেম্বরে। মেন পরীক্ষায় পাওয়া নম্বর দেখে ১০০নম্বরের ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে। ইন্টারভিউ হবে ডিসেম্বর-জানুয়ারিতে। ইন্টারভিউয়ে ৪০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৩৫%) নম্বর পেলে সফল হবেন। মেন পরীক্ষা ও ইন্টারভিউয়ের নম্বর যোগ করে অর্থাৎ, ৮০:২০ অনুপাতে কম্বাইন্ড ফাইনাল স্কোর তৈরি হবে। তখন প্রভিশনাল অ্যালোটমেন্ট করা হবে জানুয়ারি-ফেব্রুয়ারিতে।

প্রিলিমিনারি ও মেন পরীক্ষার 'কল লেটার' শুধুমাত্র ওপরের ওই ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন। লিখিত পরীক্ষার সময় টাকা জমা দেওয়ার প্রমাণপত্র (ই-রিসিপ্ট / এন.ই.এফ.টি. পেমেন্ট রিসিপ্ট) নিয়ে যাবেন। এছাড়া ফটো সাঁটা কোনো প্রমাণপত্রের মূল ও প্রত্যয়িত করা জেরক্স কপি (প্যান কার্ড, পাশপোর্ট, ড্রাইভিং লাইসেন্স, ব্যাঙ্ক পাশবুক) নিয়ে যাবেন।

তপশিলী, প্রতিবন্ধী ও সংখ্যালঘু সম্প্রদায়ের প্রার্থীদের বেলায় প্রি-এক্সামিনেশন ট্রেনিং হবে আগস্টে, কলকাতা, শিলিগুড়ি, শিলং, আগরতলা, ভুবনেশ্বর, ধানবাদ, গুয়াহাটি, পটনা, রাঁচি-সহ অন্যান্য শহরে। এজন্য দরখাস্ত করার সময় সংশ্লিষ্ট কলম পূরণ করবেন। প্রি-এক্সামিনেশন ট্রেনিংয়ের কল লেটার ডাউনলোড করতে পারবেন আগস্টে।


দরখাস্ত করবেন অনলাইনে, ২১ জুলাই পর্যন্ত। এই ওয়েবসাইটে : www,ibps.in অনলাইনে দরখাস্ত করার আগে যেসব বিষয় নিজের কাছে থাকতে হবে : (১) বৈধ ই-মেল আই.ডি.। যাঁদের আই.ডি. নেই, তাঁরা নিজের নামে ই-মেল আই.ডি. বানিয়ে নিয়ে তবেই দরখাস্ত করবেন। (২) পাশপোর্ট মাপের নিজের ফটো (৪.৫×৩.৫ সেমি) ও নিজের সই (সিগনেচার) আর লেফট থাম্ব ইমপ্রেশন স্ক্যান করে নেবেন। ২০০ ডি.পি.আই.'তে জে.পি.ই.জি., জে.পি.জি. ফর্ম্যাটে স্ক্যান করবেন। সিগনেচারের মাপ হতে হবে ১৪০×৬০ পিক্সেল (১০-২০ কে.বি.) আর ফটোর মাপ হতে হবে ২০০×২৩০ পিক্সেল (২০-৫০ কে.বি.)।

এবার ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে অনলাইন অ্যাপ্লিকেশন ফর্ম পাবেন। এবার যাবতীয় তথ্য দিয়ে আর ফটো ও সিগনেচার আপলোড করলে নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৮৫০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ১৭৫) টাকা মাস্টার কার্ড / ভিসা ডেবিট, ক্রেডিট কার্ড বা, ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর রেজিস্ট্রেশন হয়ে যাবে ও রেজিস্ট্রেশন নম্বর আর পাশওয়ার্ড পাবেন। আর 'e-receipt' পাবেন। যা প্রিন্ট করে নিজের কাছে রেখে দেবেন। আরো বিস্তারিত তথ্য ওপরের ওই ওয়েবসাইটে পাবেন।

## AIIMS কল্যাণীর পাশে মেয়েদের জন্য সরকার স্বীকৃত রাজ্যের অন্যতম সেরা নার্সিং কলেজে নতুন সেশনে ভরতি শুরু



*নার্সিংকে পেশা হিসাবে নিলে কোর্স শেষে নিশ্চিত চাকরি। গুরুত্বপূর্ণ এই কোর্সের খুঁটিনাটি ব্যাপারে জানালেন, মেয়েদের জন্য রাজ্যের অন্যতম সেরা নার্সিং কলেজ, কল্যাণীর এইমসের পাশে গড়ে ওঠা 'সঞ্জয় মেমোরিয়াল অ্যাকাডেমি অফ নার্সিং অ্যান্ড রিসার্চ'এর ডিরেক্টর মালবিকা ভট্টাচার্য।*



**এই প্রতিষ্ঠানের ১০৭ শয্যাবিশিষ্ট নতুন মাল্টি স্পেশালিটি হাসপাতাল এবছর জুলাই মাসে চালু হচ্ছে। এখানকার নার্সরা তাই প্রথম থেকেই সুপার স্পেশালিটি হাসপাতালে কাজ করার সুযোগ পাবে — যা অন্য কোথাও নেই।**

INC, WBUHS ও WBNC স্বীকৃত নার্সিং কলেজ, সঞ্জয় মেমোরিয়াল অ্যাকাডেমি অফ নার্সিং অ্যান্ড রিসার্চে B.Sc ও GNM নার্সিং কোর্সে ভরতি শুরু হয়েছে। কল্যাণী এইমসের পাশে থাকা এই কলেজটি মেয়েদের জন্য এখন রাজ্যের অন্যতম সেরা নার্সিং প্রতিষ্ঠান। কলেজের ডিরেক্টর মালবিকা ভট্টাচার্যের মুখ থেকে শুনে নেওয়া যাক এর যথাযথ কারণ — "(১) দেখুন প্রথমেই আমরা যে বিষয়ে সবচেয়ে বেশি গুরুত্ব দিয়েছি তা হল রাজ্য ও কেন্দ্রীয় সরকারের অনুমোদন অর্থাৎ, আমাদের কলেজ থেকে নার্সিং পাশ করলে মেয়েরা যে সার্টিফিকেট পাবেন তা রাজ্য সরকার (WBNC / WBUHS) ও কেন্দ্রীয় সরকার (INC) নার্সিং কাউন্সিল অনুমোদিত — যা সবাইকে কোর্স শেষে প্লেসমেন্ট (সরকারি বা, বেসরকারি) পেতে ১০০% সাহায্য করবে। (২) আমাদের কলেজের নার্সিং ফ্যাকাল্টি অত্যন্ত উচ্চমানের — যা মেয়েদের হাতে-কলমে ঠিকঠাক নার্সিং শেখাতে অনেকক্ষেত্রে সাহায্য করবে। এছাড়াও দীর্ঘ এক দশকের ইন্ডাস্ট্রিয়াল অভিজ্ঞতা থাকায়, মেয়েরা তাঁদের কাছ থেকে 'ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড নার্সিং' শিখতে পারবে, যা রাজ্যের মধ্যে খুব কম কলেজেই আছে। (৩) এটা আমরা সবাই জানি, নার্সিং ট্রেনিংয়ের জন্য সবচেয়ে জরুরি হল প্র্যাক্টিক্যাল। এক্ষেত্রে আমাদের কলেজের সঙ্গে সরকারি হাসপাতালের স্পেশাল টাই-আপ থাকায়, এখানে উন্নত মানের প্র্যাক্টিক্যাল ট্রেনিংয়ের সুবিধা আছে। (৪) এই কলেজের প্লেসমেন্ট টিম অত্যন্ত সুদক্ষ — যাঁরা প্রতিনিয়ত রাজ্যের নামী-দামী হাসপাতাল/ নার্সিং হোম / ডায়গনস্টিক্স সেন্টার / মেডিক্যাল সার্ভিস সেন্টার'এর সঙ্গে যোগাযোগ রাখে, যা এখান থেকে পাশ করা মেয়েদের প্লেসমেন্ট পেতে সাহায্য করবে। (৫) মফঃস্বলের মধ্যে এত কম কোর্স ফী'তে এত উন্নত মানের নার্সিং ট্রেনিংয়ের সুবিধা আর কোথাও নেই বললেই চলে। (৬) AIIMS কল্যাণীর পাশে থাকায় অনেক সময় গেস্ট ফ্যাকাল্টি হিসাবে গ্রেড-এ মেট্রন / নার্সিং অফিসারেরা ক্লাস নেন — যা অন্য কোনো কলেজের ক্ষেত্রে সম্ভব হবে না।" উল্লেখ্য, AIIMS কল্যাণীর পাশে গড়ে ওঠা এই নার্সিং কলেজে, যে কোনো শাখার উচ্চমাধ্যমিক পাশ মেয়েরা ন্যূনতম ৪৫% নম্বর পেয়ে পাশ করলে আবেদন করতে পারবেন। বয়সের কোনো কড়াকড়ি নেই অর্থাৎ, যে কোনো বয়সের মেয়েরা ভরতি হতে পারেন। এছাড়াও এখানে এডুকেশন লোন / স্টুডেন্টস ক্রেডিট কার্ড-সহ সব ধরনের সরকারি স্কলারশিপের সুবিধা আছে। একথা নিঃসন্দেহে বলা যায়, খুব কম খরচে GNM অথবা B.Sc নার্সিং পড়ানোর এত ভালো প্রফেশনাল নার্সিং কলেজ রাজ্যের মধ্যে খুব সামান্যই আছে। হস্টেলের সুবিধা আছে। তবে তা আবশ্যিক নয়। মেয়েরা বাড়ি থেকেও যাতায়াত করতে পারবেন। এই সুযোগ অনেক কলেজেই পাবেন না। কলেজে ভরতি হওয়ার জন্য হেল্প লাইন নম্বর : 9903205182, 8017656252. ভরতির জন্য সরাসরি যোগাযোগের ঠিকানা : Gate No. 7 (Near AIIMS, Kalyani), Ballindi, Haringhata, Jaguli, Kalyani - 741246.

MBS
Multi Speciality Hospital
License Number : 33652675
OUR FACILITIES & DEPARTMENTS
CRITICAL CARE & SURGICAL UNITS
✓ 24/7 Emergency Medicine & Trauma Care
✓ ICU • HDU • NICU (Neonatal Intensive Care)
✓ Modular Operation Theatre (OT)
✓ General & Advanced Laparoscopic Surgery
✓ Orthopedics & Joint Care
SPECIALIZED DEPARTMENTS
✓ Obstetrics & Gynecology
✓ Pediatrics & Neonatology
✓ Gastroenterology
✓ Nephrology
✓ Internal Medicine & Diabetology
✓ Dental Surgery
SUPPORT SERVICES
✓ Fully Automated Laboratory
✓ 24/7 In-house Pharmacy
✓ Radiology (X-Ray, USG, Mammography)
Gate No-7, Ballindi, Near BSF Camp Kalyani, Haringhata, Nadia 741246 +91 62967 57089
mbshospitalkalyani@gmail.com https://mbshospital.com/

Join
BNG
Hotel Management Institute, Kolkata
World's Most Popular and Job Oriented Course
100% PLACEMENT ASSURED
HOTEL, HOSPITALITY & TOURISM MANAGEMENT COURSES

| PROGRAM DURATION | TOTAL FEE | FEE AFTER SCHOLARSHIP |
| --- | --- | --- |
| 1 Year (Learn & Earn From Day 1) | ₹ 50,000/- | Pay ONLY ₹ 5,000/- |

BARBEQUE NATION
Direct Job
আসন সীমিত, আজই যোগাযোগ করুন:
96740 62259 / 98307 96307
BNG HOTEL MANAGEMENT INSTITUTE
ক্যাম্পাস : সেক্টর V সল্টলেক ও নিউ টাউন ব্রিজের কাছে, বাস স্টপ - কোল ভবন।
W : www.bngkolkata.com | E : admin@bngkolkata.com | P : +9198307 96307 | Toll Free : 1800 891 1508



কর্মসংস্থান
বিজ্ঞাপনের জন্য
সরাসরি যোগাযোগ
✆: 9830795430

Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. M. : 6291684943, E-Mail : karmsang@gmail.com